CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




CMYK

JAGARAN ■ 10 July, 2024 ■ আগরতলা ১০ জুলাই ২০২৪ ইং ■ ২৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে প্রভূত সম্ভাবনা রয়েছে ঃ কেন্দ্রীয় মন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই ।।** ধর্মীয় পর্যটন, অ্যাডভেঞ্চার ট্যুরিজমের উপর কেন্দ্রীয় সরকার বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। এই দুটি ক্ষেত্রে নানা প্রকল্প নিয়ে কেন্দ্রের বর্তমান সরকার কাজ করছে। রাজ্যগুলিকেও এই দৃষ্টিভঙ্গিতে কাজ করতে হবে। আজ বিকেলে রাজ্য অতিথিশালায় ত্রিপুরার পর্যটন নিয়ে আয়োজিত এক পর্যালোচনা সভায় কেন্দ্রীয় পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ও পর্যটন প্রতিমন্ত্রী সুরেশ গোপী একথা বলেন।

তিনি বলেন, ত্রিপুরায় পর্যটন শিল্পের বিকাশের প্রভূত সম্ভাবনা রয়েছে। এ ব্যাপারে প্রকৃত পেশাদারি মনোভাব নিয়ে চলতে হবে। পর্যটন শিল্পের মাধ্যমে বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের বিরাট সুযোগ রয়েছে। পর্যটনের মাধ্যমে স্বরোজগারী হওয়ার জন্য বেকারদের উদ্বুদ্ধ করতে হবে। এ ব্যাপারে মুদ্রা লোন একটি বড় ভূমিকা নিতে পারে। নবপ্রজন্ম এগিয়ে এলে শুধু তারাই স্বাবলম্বী হবে না ত্রিপুরাও এর মাধ্যমে লাভবান হবে। পর্যটন শিল্পের বিকাশে অন্য রাজ্যগুলির সঙ্গে প্রতিযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানিয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সেপ্টেম্বর থেকে মার্চ পর্যন্ত সময়কে কার্যকরভাবে ব্যবহার করার উপর পরামর্শ দিয়েছেন।

পর্যালোচনা সভায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, পার্বতী রাজ্য ত্রিপুরায় এই সময়টা ট্যুরিজমের পিক আওয়ার হিসেবে চিহ্নিত হয়ে থাকে। এই সময়ে নানা অনুষ্ঠান বিশেষ করে গ্রামে গিয়ে খাদ্য, সংস্কৃতি ইত্যাদি বিভিন্ন বিষয়ের উপর উৎসবের আয়োজন করার জন্য শ্রী গোপী পরামর্শ দিয়েছেন।

তিনি বলেন, এই উৎসবগুলিতে দেশের অন্য রাজ্যগুলিকেও সামিল করতে হবে। এগুলিতে দেশের নামী ক্রীড়াবিদদের মধ্য থেকে কাউকে সামিল করা হলে এই উৎসব অনেক বেশি প্রাণবন্ত হয়ে উঠবে। একে কেন্দ্র করে পর্যটন শিল্প যেমন বিকশিত হবে তেমনি রাজ্যের আয়ও বাড়বে। সবচেয়ে বড় কথা সংশ্লিষ্ট এলাকার মানুষের অর্থনৈতিক সমৃদ্ধি ঘটবে।

নির্দিষ্ট কোনও মাসকে ত্রিপুরা মাস হিসেবে পালন করা যায় কিনা তা ভেবে দেখার জন্য পরামর্শ দিয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, এই সময়ে পর্যটনের বিকাশে বিভিন্ন ধরনের অনুষ্ঠান করা যেতে পারে। ত্রিপুরা এভাবে এগিয়ে গেলে গোটা দেশের মধ্যে বিষয়টা একটা মডেল হিসেবে প্রতিপন্ন হতে পারে। কেন্দ্রীয় পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ও পর্যটন প্রতিমন্ত্রী রাজ্যের প্রাকৃতিক সৌন্দর্য যাতে বিনষ্ট না হয় তা সুনিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

তিনি বলেন, পরিবেশ যাতে কোনোভাবেই দূষিত না হয় সেদিকে বিশেষভাবে নজর দিতে হবে। রাজ্যে পর্যটকরা এলে তারা যাতে কোনও অসুবিধার সম্মুখীন না হন তা সুনিশ্চিত করার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, পর্যটনকেন্দ্রগুলিতে পর্যটকদের সুবিধার জন্য বিভিন্ন ব্যবস্থা রাখতে হবে। তবেই রাজ্যের পর্যটন শিল্প আরও বিকশিত হবে।

পর্যালোচনা সভায় ত্রিপুরার পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বৈঠকে কেন্দ্রীয় ☞ ৬ এর পাতায় দেখুন

## উত্তর পূর্বাঞ্চলের বিদ্যুৎমন্ত্রীদের সম্মেলনে

# রাজ্যে বিদ্যুৎ ক্ষেত্রের উন্নয়নে কেন্দ্রের আরও সহযোগিতা চাইলেন রতন নাথ



**গুয়াহাটি, ৯ জুলাই।।** গুয়াহাটিতে অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চলের বিদ্যুৎ মন্ত্রীদের সম্মেলনে রাজ্যের বিদ্যুৎ পরিকাঠামোর আমুল সংস্কার এবং পরিকাঠামগত উন্নয়নে সহযোগিতার হাত বাড়িয়ে দেবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ।

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল খট্টরের দৃষ্টি আকর্ষণ করে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানান, বিদ্যুৎ উৎপাদনের জন্য ২০২২ সাল পর্যন্ত গেইল থেকে যে গ্যাস কেনা হতো তা ছিল ডলার ২.৯০ পার এমএমবিটিইউ। যার মধ্যে উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর জন্য ৪০ শতাংশ সাবসিডি পাওয়া যেত। ফলে গ্যাসের মূল্য পড়তো ডলার ১.৭৪ পার এমএমবিটিইউ। কিন্তু ২০২২ সাল থেকে তা বেড়ে গিয়ে ৬.১০ পার এমএমবিটিইউ হয়ে যায়। বর্তমানে এই গ্যাসের দাম ডলার ৬.৫০ পার এমএমবিটিইউ হয়ে গিয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের কাছে এবং অবশ্যই কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রকের কাছে গ্যাসের এই দাম হ্রাস করার বিষয়টি বিবেচনায় রাখার জন্য অনুরোধ জানান মন্ত্রী।

একই সঙ্গে তিনি ত্রিপুরায় একটি স্টেট অব আর্ট ট্রেনিং সেন্টার স্থাপনের জন্য পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়াকে এনইআরপিএসআইপি প্রজেক্ট এ সিবিআইএস কম্পনেন্ট বিবেচনার অনুরোধ জানালে এই বৈঠকে ত্রিপুরা এবং নাগালেন্ডকে বিশেষ তহবিল প্রদানের বিষয়টি সিদ্ধান্ত হয়েছে।

বক্তব্য রাখতে গিয়ে বিদ্যুৎ মন্ত্রী বলেন, সূর্যমনিনগরে ৪০০ কিলো ভোল্ট ক্ষমতা সম্পন্ন সাবস্টেশন নির্মাণের যে সিদ্ধান্ত হয়েছে এই প্রজেক্টের যাবতীয় খরচ কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রককে বহন করার অনুরোধ জানান।

পাশাপাশি ২০৩০ সাল পর্যন্ত ত্রিপুরার ইন্ট্রা স্টেট ট্রান্সমিশন রিকোয়ারমেন্ট, যার খরচ প্রায় ১ হাজার কোটি টাকা, তা বহন করার জন্য কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের কাছে অনুরোধ জানান রাজ্যের মন্ত্রী।

একই সঙ্গে পাওয়ার সিস্টেম ডেভেলপমেন্ট ফান্ড ফের উত্তর পূর্বাঞ্চল রাজ্যগুলিতে চালু করার জন্য রাজ্যের তরফে মন্ত্রী যে অনুরোধ উত্থাপন করেছেন, সেই সম্পর্কে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, এ বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে বিবেচনা করবে কেন্দ্র, এমনটাই খবর।

উল্লেখযোগ্যভাবেই রাজ্যের লংতরাই মহকুমায় ন্যাশনাল হাইড্রো পাওয়ার কর্পোরেশনের তরফে যে পাম্প স্টোরেজ স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে, এ বিষয়টি উত্থাপন করে মন্ত্রী বলেছেন এই প্রজেক্টের পি এফ আর এবং ডিপিআর তৈরির কাজ চলছে। ৮০০ মেগা ওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সম্পন্ন এই পাম্প স্টোরেজের কাজ দ্রুত শেষ করার বিষয়টিও কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টিতে ☞ ৬ এর পাতায় দেখুন

## একদিনে তিনটি প্রকল্পের উদ্বোধন করে

# উন্নয়নের কোন ধর্ম হয়না ঃ মুখ্যমন্ত্রী




**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৯ জুলাই ।।** রক্তের যেমন কোন ধর্ম হয়না। তেমনি উন্নয়নের কোন ধর্ম হয়না। এই ভাবনা থেকেই বর্তমান রাজ্য সরকার জাতি-ধর্ম নির্বিশেষে সকলের সার্বিক উন্নয়নে কাজ করে চলছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র সবকা সাথ ,সবকা বিকাশ , বিশ্বাস ও সবকা প্রয়াসের স্লোগান আক্ষরিক অর্থেই বর্তমান রাজ্য সরকার পালন করছে। আজ সিপাহীজলা জেলার জম্পুইজলা মহকুমায় ৩ টি সরকারি প্রকল্পের উদ্বোধন করে একথা বলেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। প্রথমেই মুখ্যমন্ত্রী জম্পুইজলার গোলাঘটি এলাকার দয়ারামপাড়ায় উদ্বোধন করেন দয়ারামপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নবনির্মিত ভবনের। এরপর মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হয় টাকারজালা সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের নুতন ভবন। সর্বশেষ মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হয় সুধন্য দেববর্মা এইচ.এস স্কুল সংলগ্ন সিনথেটিক ফুটবল টার্ফের। এই ৩ প্রকল্পের একযোগে উদ্বোধনী অনুষ্ঠান হয় জম্পুইজলা সুধন্য দেববর্মা এইচ.এস স্কুল মাঠে। সেখানে মুখ্যমন্ত্রী ভাষণ রাখতে গিয়ে আরো বলেন ঞ্জঙ্খ এলাকার উন্নয়নে প্রায় ১৪০০ কোটি টাকা বিশ্ব ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে রাজ্য সরকার। তা দিয়ে উল্লেখিত এলাকার রাস্তাঘাট থেকে বিভিন্ন উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার উন্নয়নের নিরিখেই জাতি-জনজাতির ঐক্য আরো সুদৃঢ় করতে চায়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় , সিপাহীজলা জেলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত , বিধায়ক মানব দেববর্মা , বিধায়ক বিশ্বজিৎ কলই ,জম্পুইজলা ব্লকের BAC চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা , সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল সহ স্বাস্থ্য ও ক্রীড়া দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা। রক্তের যেমন কোন ধর্ম হয়না। তেমনি ☞ ৬ এর পাতায় দেখুন

# আগুনে পুড়ে ছাঁই জনজাতি ছাত্রাবাস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** সাত সকালে ভয়াবহ অগ্নিকান্ডে পুড়ে ছাই হয়ে গিয়েছে শিলাছড়িস্থিত জনজাতি ছাত্রাবাস। ওই অগ্নিকান্ডে আসবাবপত্র, বই খাতা ও নথিপত্র সব পুড়ে ছাই হয়ে গিয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, সকাল সাতটা নাগাদ শিলাছড়ি এলাকার মানুষরা আগুন দেখতে পায়। সাথে সাথে তারা করবুক দমকলবাহিনীকে খবর পাঠিয়েছেন ।কিন্তু দমকলকর্মীরা করবুক থেকে শিলাছড়ি ঘটনাস্থলে পৌঁছাতে অনেক সময় লেগে যায়। এতে গোটা ছাত্রাবাস পুড়ে ছাই হয়ে গিয়েছে। বয়েজ হোস্টেলের ছাত্ররা সে সময় কোচিংয়ে ছিল, যার জন্য তাদের কোন ক্ষতি হয়নি। তবে তাদের আসবাবপত্র, বই খাতা ও নথিপত্র কিছু রক্ষা করতে পারেনি বলে জানা যায়।

## অপমান

# আত্মহত্যা কিশোরের

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ৯ জুলাই।।** পদ্মবিল এলাকার পহরমুড়ার ওয়েল্ডিং হাউজের মালিকের অপমান সহ্য করতে না পেরে আত্মহত্যার পথ বেছে নিল একাদশ শ্রেণির এক ছাত্র। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

ঘটনার বিবরণে প্রকাশ, ১০০০ টাকা পাওনার জন্যে পহরমুড়া বাজারস্থিত এক ওয়েল্ডিং হাউজের মালিকের হাতে মার খেয়ে এবং অপমান সহ্য করতে না পেরে ১৭ বছরের কিশোর বিষপান করে আত্মহত্যা করে। ঘটনা খোয়াইয়ের সমতল পদ্মবিল এলাকায়। ☞ ৬ এর পাতায় দেখুন

# মোদীকে রাশিয়ার সর্বোচ্চ অসামরিক সম্মান



**মস্কো, ৯ জুলাই (হি.স.)।।** আনুষ্ঠানিক ভাবে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মাননা 'অর্ডার অব সেন্ট অ্যান্ড্রু দ্য অ্যাপোস্‌ল'-এ ভূষিত করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। ভারত-রাশিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার জন্য মোদীর হাতে এই সম্মাননা তুলে দিলেন পুতিন। একইসঙ্গে মোদীর মুকুটে যুক্ত হল নতুন পালক। পুতিনের হাত থেকে সম্মান গ্রহণের পর মোদী বলেন, "১৪০ কোটি ভারতবাসীর জন্য এই সম্মান দুই দেশের মধ্যেকার শতাব্দী প্রাচীন বন্ধুত্বের প্রতিফলন।" গত ২৫ বছরের পুতিন জমানায় ভারত-রাশিয়া সম্পর্ক আরও নিবিড় হয়েছে বলে দাবি করেন তিনি। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

সফল রাশিয়া সফর শেষে অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনার উদ্দেশ্যে রওনা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতীয় সময় অনুযায়ী মঙ্গলবার রাতে মস্কো থেকে অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনার উদ্দেশ্যে রওনা হয়েছেন প্রধানমন্ত্রী। অস্ট্রিয়ার রাজধানী ☞ ৬ এর পাতায় দেখুন

# জমি বিবাদের জেরে আক্রমণের ঘটনায় গ্রেপ্তার ২

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** আগরতলা পূর্ব থানা এলাকার ইন্দ্রনগর সংহতি ক্লাব সংলগ্ন এলাকায় এক যুবককে মারধরের ঘটনায় দুজনকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে পুলিশ।

ঘটনার বিস্তারিত বিবরণ দিয়ে পুলিশ জানায় এক ব্যক্তির উপর হামলার ঘটনায় দুই অভিযুক্তকে গ্রেপ্তার করল পূর্ব আগরতলা থানার পুলিশ। আগরতলার টাউন ইন্দ্রনগর সংহতি সংঘ এলাকার বাসিন্দা নীলিমা দেবনাথের ছেলে প্রণব ভৌমিকের উপর একদল দুষ্কৃতী হামলা চালায় ।এই ঘটনার পরিপ্রেক্ষিতে নীলিমা দেবনাথ পূর্ব আগরতলা থানায় লিখিত মামলা দায়ের করেন। থানায় মামলা দায়ের হওয়ার পর পূর্ব আগরতলা থানার পুলিশ দুই অভিযুক্তকে গ্রেপ্তার করে। ধৃতরা হল তপন ঘোষ ও রজত ঘোষ। পূর্ব আগরতলা থানার ওসি জানান ৬ জুলাই রাতে নীলিমা দেবনাথের ছেলে প্রণব ভৌমিকের উপর দুষ্কৃতিরা হামলা চালায়। ঘটনার পর নিলিমা দেবনাথ ☞ ৬ এর পাতায় দেখুন

# শিক্ষকা বদলির প্রতিবাদে পড়ুয়াদের সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, বিশ্রামগঞ্জ, ৯ জুলাই।।** শিক্ষিকা বদলির প্রতিবাদে বিশ্রামগঞ্জ প্রমোদনগর সড়ক অবরোধে বসলো প্রমোদনগর হায়ার সেকেন্ডারি স্কুলের ছাত্রছাত্রীরা। অবরোধের জেরে যানচলাচল স্তব্ধ হয়ে পড়ে। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক সহ শিক্ষা দপ্তরে অন্যান্য আধিকারিকরা। ছাত্র-ছাত্রীদের দাবি, এমনিতেই স্কুলে শিক্ষক স্বল্পতা। তার ওপর স্কুলের ইংরেজি বিষয়ে শিক্ষিকা মৌসুমী দেববর্মা প্রমোদনগর হায়ার সেকেন্ডারি স্কুল থেকে অন্যত্র বদলি করে দিচ্ছে শিক্ষা দপ্তর। শিক্ষিকা মৌসুমীর দেববর্মার বদলি মেনে দিতে পারছেন না স্কুলের ছাত্র-ছাত্রীরা। অভিযোগ, দীর্ঘ দিন ধরে স্কুলে শিক্ষক স্বল্পতা রয়েছে। মৌসুমী দেববর্মাকে অন্যতম বদলি করা যাবে না। এ দাবিতে সড়ক অবরোধে বসে ছাত্র ছাত্রীরা। অবরোধের ফলে উভয়দিকে আটকে পড়ে প্রচুর গাড়ি। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক এবং অবরোধকারী ছাত্র-ছাত্রীদের সাথে কথাবার্তা বলেন। তিনি বলেন মৌসুমী দেববর্মাকে স্কুল থেকে অন্যত্র বদলি না করা হয় সে বিষয়ে ছাত্রছাত্রীরা যেন একটি লিখিত দেন। পর্বতী সময়ে ছাত্র ছাত্রীরা অবরোধ প্রত্যাহার করে।

# ৫ রোহিঙ্গা আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** গোপন খবরের ভিত্তিতে মঙ্গলবার পাঁচজন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে। তাদের মধ্যে দুজন মহিলা এবং তিনজন পুরুষ রয়েছে। তাদেরকে আগরতলা বাধারঘাট রেলস্টেশনে আটক করা হয়েছে আজ বিকেলে। পুলিশ সূত্রে খবর তারা অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করে হায়দ্রাবাদ, জম্মু কাশ্মীর যেতে চেয়েছিল ট্রেনে।

পুলিশের সন্দেহ হলে তাদেরকে আটক ☞ ৬ এর পাতায় দেখুন

# সমস্যায় জর্জরিত বক্সনগরের বিদ্যুৎ অফিস

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ৯ জুলাই।।** বক্সনগর বিদ্যুৎ অফিস অনন্তহীন সমস্যায় জর্জরিত হয়ে আছে। ফলে সঠিক বিদ্যুৎ পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন আমজনতা, বাড়ছে ক্ষোভ। বর্তমান সমাজ ব্যবস্থায়, আধুনিকতার ছোঁয়া, ও নান্দনিকতার ছোঁয়ায় ডিজিটাল যুগে মানুষের চলার পথে প্রত্যহ জীবনে বিদ্যুৎ বিহীন জীবন যেন অন্ধকারময়।

এক কথায় জল যেমন মানুষের জীবন, তেমনি বাস্তব এবং প্রত্যহ জীবনে বিদ্যুৎ ছাড়া জীবন যেন এক মুহূর্ত চলে না তাই বর্তমানে বিদ্যুত খুবই গুরুত্বপূর্ণ বস্তু হয়ে দাঁড়িয়েছে। মানব সংসার জীবনের অঙ্গ হচ্ছে বিদ্যুৎ।

২৪ ঘন্টা বিদ্যুতের প্রয়োজন রয়েছে মানুষের। কিন্তু পরিষেবা দিতে রয়েছে বিদ্যুৎ অফিস। তেমনি বক্সনগর সাব ডিভিশন বিদ্যুৎ কর্পোরেশন অফিসের বিভিন্ন সমস্যার জর্জরিত, ফলে সাধারণ মানুষ বিদ্যুৎ পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে, সমস্যা থাকবে,সমাধানের রাস্তাও থাকবে,কিন্তু বক্সনগর এর বিদ্যুৎ অফিসের সমস্যায় শুধু সমস্যা,। বক্সনগর বিদ্যুৎ অফিসের দুই শিফটের কর্মী রয়েছে, দুই শিফটের কর্মীর থাকার ফলে ২৪ ঘন্টা বিদ্যুৎ পরিষেবা দেওয়া সম্ভব হচ্ছে না। বক্সনগর এলাকার সাধারণ মানুষ লোডশেডি এর যন্ত্রণা।

সোনামুড়া ও কাঠালিয়া মেলাঘর বিদ্যুৎ অফিসে ৩ শিফটে ডিউটি করছে। বক্সনগর অফিসে দুই শিফট ডিউটিতে রয়েছে। বক্সনগর বিদ্যুৎ অফিসের সিনিয়র ম্যানেজার এবং অন্যান্য স্টাফ বারবার ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশনের উর্ধতন কর্তৃপক্ষের নিকট ৩ শিফট করার জন্য লিখিতভাবে আবেদন করেন, বারবার জানানোর পরও নেই কোন ☞ ৬ এর পাতায় দেখুন

# সমস্যা নিয়ে সরব গুলধারপুরবাসীরা, ভোট বয়কটের সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৯ জুলাই।।** কৈলাসহর চন্ডিপুর বিধানসভা কেন্দ্রের অধীনে গুলধারপুর গ্রাম পঞ্চায়েতের ১ নং ওয়ার্ড এলাকার বাসিন্দারা একত্রিত হয়ে বিভিন্ন সমস্যা থাকার কারণে আসন্ন ত্রিস্তর গ্রাম পঞ্চায়েত নির্বাচনে ভোট বয়কট করবেন বলে জানান।

স্থানীয়দের অভিযোগ ওই এলাকায় প্রায় ৭০০ জন লোক বসবাস করে আসছে দীর্ঘ বছর ধরে। রাস্তার অবস্থা বেহাল, গর্ভবতী মহিলাদের কিংবা বয়স্ক লোকেদের হাসপাতাল নিয়ে যাওয়া এক প্রকার দুষ্কর হয়ে দাঁড়ায়। রয়েছে ওই এলাকায় পানীয় জলের বিরাট সমস্যা, পাশাপাশি ডিডব্লিউএস দপ্তর থেকে ওই এলাকায় পানীয় জল সরবরাহ করা হলেও তা পর্যাপ্ত নয়। একটি ওয়াটার পাম্প মেশিন ওই



এলাকার স্থাপন করা হলেও কোন এক অজ্ঞাত কারণে আজ পর্যন্ত তা চালু হয়নি।

পাশাপাশি ওই এলাকায় একটি সেতু রয়েছে যা গুলধারপুর ও পাখিরবাদা বাসিন্দারা সহজে যাতায়াত করতে পারে ওই দুটি এলাকায়। সেটারও বেহাল অবস্থা এলাকাবাসীরা নিজেরাই সেই সেতুটি মেরামত করেছেন। স্থানীয়রা মৌখিকভাবে ও লিখিতভাবে স্থানীয় গ্রাম পঞ্চায়েতকে জানানোর পরও কাজের কাজ কিছুই হয়নি।

উক্ত বিষয় নিয়ে ওই এলাকায় মঙ্গলবার সকালবেলা একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে এলাকাবাসীদের পাশাপাশি সমস্ত রাজনৈতিক দলের কার্যকর্তারাও উপস্থিত ছিলেন। উক্ত বৈঠকে সিদ্ধান্ত হয় যদি আসন্ন ত্রিস্তর গ্রাম পঞ্চায়েত নির্বাচনের পূর্বে তাদের সমস্যাগুলি ☞ ৬ এর পাতায় দেখুন

CMYK

CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৬৭ ▫ ১০ জুলাই ২০২৪ ইং ▫ ২৫ আষাঢ় ▫ বুধবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

## পাল্টা হুঁশিয়ারি ভারতের

জম্মু কাশ্মীরের কাঠুয়ায় অতর্কিতে সেনা কনভয়ে হামলা চালাইয়াছে জঙ্গিরা। এলোপাথারি গুলিতে শহিদ হইয়াছেন ৫ জওয়ান। গ্রেনেড হামলার সঙ্গে সঙ্গে গুলি বর্ষণ করে জঙ্গিরা। সেনাবাহিনীর গাড়ি রুটিন টহল দেওয়ার সময় জঙ্গিরা হামলা চালায়।

এই নিয়া একই সপ্তাহে দ্বিতীয় জঙ্গি হামলার ঘটনা ঘটিল কাঠুয়ায়। জানা গিয়াছে জঙ্গিদের সঙ্গে গুলি বিনিময়ে আরও ৫ জওয়ান আহত হইয়াছেন।জঙ্গি হামলার পরেই এলাকায় চিরুণি তল্লাশি শুরু করিয়া দিয়াছে সেনাবাহিনী। জঙ্গিরা জঙ্গলের মধ্যে লুকাইয়া ছিল। সেনা বাহিনীকে টার্গেট করিয়া গুলি বর্ষণ শুরু করে। জঙ্গিরা আগে থেকে পরিকল্পনা করিয়াই এই হামলা চালাইয়াছে। গতমাস থেকেই হঠাৎ করিয়া কাশ্মীরে জঙ্গি তৎপরতা বাড়িয়া গিয়াছে। গত ১১ জুন কাশ্মীরের ডোডা জেলায় পর পর দুটি জঙ্গি হামলার ঘটনা ঘটিয়াছিল। সেই দুইটি হইয়াছিল সেনা বাহিনীকে টার্গেট করিয়াই। পুলিশ চেকপোস্টে ১১ জুন হামলা চালাইয়াছিল জঙ্গিরা। তাহাতে ৬ জওয়ান আহত হইয়াছিলেন। ১২ জুন আবার কোটা টপে জঙ্গি হামলার ঘটনা ঘটিয়াছিল। তাহার পরে জঙ্গি বিরোধী অভিযান শুরু করে সেনা বাহিনী। জঙ্গিদের ধরিয়া দিতে পারিলে ৫ লক্ষ টাকা পুরস্কার ঘোষণা করা হয়।আবার ২৬ জুন ৩ জঙ্গির মৃত্যু

হইয়াছিল কাশ্মীরে। সেনা-জঙ্গি সংঘর্ষে ৩ জঙ্গির মৃত্যু হয়। হঠাৎ করিয়া কেন এই জঙ্গি হামলার ঘটনা বাড়িয়া গেল তাহা নিয়া উদ্বেগ দেখা দিয়াছে। কাউকে রেয়াত করা হইবে না, কাঠুয়া হামলার পাল্টা হুঁশিয়ারি ভারতের।কাশ্মীরে জঙ্গি হামলা নিয়া কড়া বার্তা দিল ভারত। ৬ জঙ্গির প্রাণ বিফলে যাইবে না। এর পাল্টা জবাব দিয়া ছাড়িবে ভারত। এমনই কড়া বার্তা দিয়াছে ভারত। বিদেশ সচিব গিরিধর আরমানে কড়া বার্তা দিয়াছেন। জঙ্গি হামলায় পাক জঙ্গি সংগঠনের যোগ রহিয়াছে।পাক জঙ্গি সংগঠন জইশ-ই-মহম্মদের সঙ্গে যুক্ত কাশ্মীর টাইগার্স এই হামলার সঙ্গে যুক্ত। কাশ্মীর টাইগার্স কাশ্মীরেই জঙ্গি সংগঠন। তবে তাহাকে সাহায্য করে পাক জঙ্গি সংগঠন জইশ ই মহম্মদ। জঙ্গিরা গ্রেনেড হামলা চালাইয়াছিল সেনা বাহিনীর গাড়িতে। তাহার পরে অত্যাধুনিক স্পিনার বন্দুক দিয়া গুলি চালাইতে শুরু করে তাহারা।

জুন মাস থেকে লাগাতার কাশ্মীরে সেনা বাহিনীকে টার্গেট করিয়া হামলা চালাইতেছে জঙ্গিরা। কাঠুয়ায় পর পর দুইবার হামলা চালানোর ঘটনা ঘটিয়াছে। তীর্থ যাত্রীদের বাসে হামলার নেপথ্যেও ছিল পাক জঙ্গি সংগঠন। অত্যাধুনিকে আগ্নেয়াস্ত্র ব্যবস্থা করিয়াছে তাহারা। পাকিস্তান থেকে সেই সব অস্ত্র সরবরাহ করা হইয়াছে ।পর পর বেশ কয়েকটি জঙ্গি হামলায় ১০ জনের বেশি জওয়ান মারা গিয়াছেন। একের পর এক সেনাবাহিনীর কনভয়ে হামলার ঘটনা আর বরদাস্ত করা হইবে না। এবার পাল্টা জবাবে যাইবে বলিয়া হুঁশিয়ারি দিয়াছেন প্রতিরক্ষা সচিব। তিনি বলিয়াছেন জওয়ানদের দেশের জন্য এই আত্মবলিদান কোনও ভাবেই বিফলে যাইবে না। এর জাবাব দিবে ভারত।

## বৃষ্টির জন্য হাপিত্যেশ করছে তিলোত্তমা, উত্তরবঙ্গে ভারী বর্ষণের পূর্বাভাস

কলকাতা, ৯ জুলাই (হি.স.): দক্ষিণবঙ্গ জুড়ে বর্ষা প্রবেশের জেরে উধাও দাবদাহ পরিস্থিতি। কমেছে তাপমাত্রা, তবে ভারী বৃষ্টিপাতের দেখা নেই। বৃষ্টিতে ভেজার জন্য হাপিত্যেশ করছে কলকাতা-সহ সমগ্র দক্ষিণবঙ্গ। অন্যদিকে, প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গ। উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় আগামী ১২ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গে এই মুহূর্তে ভারী বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। বৃষ্টি হলেও, তা হবে বিক্ষিপ্তভাবে। মঙ্গলবার সকালে মহানগরীর সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে ১.১ ডিগ্রি বেশি। উত্তরবঙ্গে আগামী ১২ জুলাই ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, ১০ জুলাই আলিপুরদুয়ার জেলায় অতি ভারীর সম্ভাবনা রয়েছে। এছাড়াও দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টি হতে পারে। ১১ ও ১২ তারিখও এই জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## প্রবল বৃষ্টিতে ফের স্তব্ধ মুম্বই, সড়ক ও রেল পরিষেবা প্রভাবিত

মুম্বই, ৯ জুলাই (হি.স.): প্রবল বৃষ্টিতে আবারও জলমগ্ন হয়ে পড়ল বাণিজ্যনগরী মুম্বই। রাস্তায় ও রেললাইনে জল জমে যাওয়ায় সড়ক ও রেল পরিষেবা প্রভাবিত হয়েছে। বৃষ্টির জেরে সোমবারের পর মঙ্গলবারও ভোগান্তির শিকার হয়েছেন মুম্বইবাসী। প্রবল বৃষ্টির জেরে চুনা ভাট্টি রেল স্টেশনে জলের তলায় ডুবে যায় রেললাইন। অত্যধিক বৃষ্টির জেরে মুম্বইয়ের কুর্লা এলাকায় রাস্তায় জল জমে গিয়েছে, জমা জলের মধ্যেই ঝুঁকি নিয়ে বাস, গাড়ি এবং অন্যান্য যানবাহন চলাচল করতে থাকে। মুম্বইয়ের কিং সার্কেল এলাকাতেও হাঁটু পর্যন্ত জল জমে গিয়েছে। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) আগামী দু’’দিন মুম্বই এবং মহারাষ্ট্রের কিছু এলাকায় ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করেছে। রায়গড়, রত্নাগিরি, সিন্ধুদুর্গ, পুণে, সাতারা, কোলহাপুর এবং গুলদানা জেলায় বন্যার মত পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ভারী বৃষ্টির পূর্বাভাসের প্রেক্ষিতে মুম্বই ও পুণে-তে মঙ্গলবার স্কুল বন্ধ রাখা হয়েছে। মুম্বই বিশ্ববিদ্যালয় মঙ্গবারের সমস্ত পরীক্ষা স্থগিত রেখেছে।

## কাঠুয়ায় তল্লাশি অভিযান জারি, পাঁচ সৈনিকের বলিদানে মর্মাহত রাজনাথ সিং

জম্মু, ৯ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলায় ভয়াবহ সন্ত্রাসী হামলায় শহীদ হয়েছেন পাঁচজন সৈনিক। নিহত পাঁচ জওয়ানের মধ্যে একজন জুনিয়র কমিশনড অফিসার রয়েছেন। কাঠুয়া জেলার মাচেদি এলাকায় মঙ্গলবার সকালেও নিরাপত্তা বাহিনীর তল্লাশি অভিযান জারি রয়েছে। মনে করা হচ্ছে, জঙ্গিরা ওই এলাকায় লুকিয়ে রয়েছে। জঙ্গি হামলায় পাঁচ সৈনিকের বলিদানে মর্মাহত প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। মঙ্গলবার সকালে সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, ’কাঠুয়ার বদনোটাতে সন্ত্রাসী হামলায় পাঁচ সাহসী ভারতীয় জওয়ানের মৃত্যুতে আমি গভীরভাবে মর্মাহত। শোকসন্তপ্ত পরিবারের প্রতি আমার গভীর সমবেদনা, দেশ এই কঠিন সময়ে তাঁদের পাশে দাঁড়িয়েছে। কাউন্টার টেরোরিস্ট অপারেশন চলছে এবং আমাদের সৈন্যরা ওই অঞ্চলে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে বদ্ধপরিকর।’ উল্লেখ্য, সোমবার বিকেলে কাঠুয়া জেলার বদনোটা গ্রামের কাছে সেনাবাহিনীর কনভয়ে হামলা চালায় সশস্ত্র জঙ্গিরা। ৫-৬ জন জঙ্গি অতর্কিতে হামলা চালায়। ভয়াবহ এই জঙ্গি হামলায় শহিদ হয়েছেন ৫ জন জওয়ান, এছাড়াও আরও ৫ জন জওয়ান জখম হয়েছেন।

# বিজ্ঞান প্রভাবিত করে ইতিহাসকে

### সুজাতা মুখোপাধ্যায়

দক্ষিণ এশিয়ার ইতিহাস চর্চায় বিজ্ঞান, প্রযুক্তি, পরিবেশ ও চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস (হিস্ট্রি অব সায়েন্স, টেকনোলজি, এনভায়রনমেন্ট অ্যান্ড মেডিসিন সংক্ষেপে যাকে বলা হয় এইচআইএসটিইএম বা হিস্টেম) অতীতের এবং সমসাময়িক পর্বের সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রের পরিবর্তনকে নতুন আঙ্গিকে বুঝতে সাহায্য করেছে। ভারতের আধুনিক (এবং প্রাকআধুনিক) যুগের হিস্টেম-এর গবেষক ও চর্চাকারীরা বিগত কয়েক দশকের লেখালিখিতে প্রধানত তুলে ধরেছেন বিজ্ঞানের সামাজিক চরিত্র ও প্রকৃতি এবং সাংস্কৃতিক বহুমাত্রিকতার বৈশিষ্ট্য। তাঁদের আলোচনা থেকে স্পষ্ট হয়, ঔপনিবেশিক এবং উত্তর-ঔপনিবেশিক ভারতের রাজনীতি সমাজ ও সংস্কৃতির ইতিহাসের গভীরে ঢুকতে হলে তা হিস্টেম-কে বাদ দিয়ে আদৌ সম্ভব না।

সরকারি নীতির বিভিন্ন পর্যায়, জ্ঞানচর্চার প্রতিষ্ঠান স্থাপন, পেশাদারিত্বের বিকাশ ও স্তরবিন্যাস, জ্ঞান-বিজ্ঞানের প্রয়োগ ও বিস্তারে ভারতীয়দের এবং অ-ভারতীয়দের ভূমিকার স্বরূপ, জনস্বাস্থ্য বিষয়ক আইন ও পরিবেশ সংক্রান্ত নানা আইন ও বিধি নিষেধের প্রচলনের কাহিনি এই ইতিহাস চর্চার বিষয়বস্তু হিসাবে আমাদের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করেছে। ব্রিটিশ ভারতের বিজ্ঞান প্রযুক্তি চিকিতাবিদ্যা ও পরিবেশের ক্ষেত্রে যে সমস্ত পরিবর্তন এসেছিল তাদের কী রকম দৃষ্টিভঙ্গি নিয়ে ব্যাখ্যা ও বিশ্লেষণ করা যথাযথ? ঔপনিবেশিক আমলকে কি ভারতে আধুনিক তথা পাশ্চাত্য বৈজ্ঞানিক কার্যকলাপের এবং আধুনিক ভারতের কারিগরি ও প্রযুক্তির বিকাশের খতিয়ান হিসাবে দেখাই যুক্তিযুক্ত? প্রাকব্রিটিশ পর্বের জ্ঞানজগতের সঙ্গে এর সম্পর্ক কী রকম ছিল? উপনিবেশিক বিজ্ঞান রাজনৈতিক ও সাংস্কৃতিক লক্ষ্যকে পূরণ করার ক্ষেত্রে কোন ভূমিকা নিয়েছিল? ভারতীয়রা কী ভাবে পাশ্চাত্য বিজ্ঞানকে গ্রহণ বা বর্জন করার কথা ভেবেছিলেন? স্বাধীনতা-পরবর্তী ভারতের ক্ষেত্রেই বা এ সব ক্ষেত্রে পরিলক্ষিত চিন্তাভাবনা ও কার্যকলাপের চরিত্র এবং তাতর্য কী রকম? এই সব অনুসন্ধানের ফলে উপনিবেশিক আমলে ভারতীয় সমাজের আধুনিকীকরণে বিজ্ঞানের সম্প্রসারণ কোন ভূমিকা ও কী ভাবে পালন করেছিল এবং স্বাধীন ভারতীয় রাষ্ট্র ও সমাজ, অর্থনীতি, সংস্কৃতির সঙ্গে বিজ্ঞান, প্রযুক্তি, পারিপার্শ্বিক পরিবেশের সম্পর্কের মূল্যায়নে সমাজবিজ্ঞানীদের চর্চা অভিনবত্ব অর্জন করেছে।

ভারতে হিস্টেম-চর্চার ক্ষেত্রে অন্যতম পথিকৃতজওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রথিতযশা অধ্যাপক দীপক কুমারের সম্মাননায় নিবেদিত, এবং বর্তমানে কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও দীপক কুমারের কৃতী ছাত্র সুভোব্রত সরকার সম্পাদিত এই আলোচিত গ্রন্থে সঙ্কলিত প্রবন্ধমালা এই বিষয়গুলোর অনুসন্ধানের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে। সব মিলিয়ে পনেরোটি প্রবন্ধকে সায়েন্স অ্যান্ড সোসাইটি, টেকনোলজি অ্যান্ড কালচার, এনভায়রনমেন্টাল ইস্যুজ এবং মেডিক্যাল এনকাউন্টারস, এই চার ভাগে সাজিয়ে পেশ করা হয়েছে। প্রথম অংশের অন্তর্গত তিনটি প্রবন্ধে তিন জন বিশিষ্ট ব্যক্তির কার্যকলাপের মূল্যায়ন করেছেন আলোচকরা।

উনিশ শতকের ভারতে উচ্চশিক্ষিত এলিট সমাজের একাংশের ঝোঁক ছিল পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান আয়ত্ত করার মধ্য দিয়ে পেশাদারি বিজ্ঞানচর্চা এগিয়ে নিয়ে যাওয়া ও প্রতিষ্ঠা অর্জন। আবার অনেকে চেয়েছিলেন পাশ্চাত্য বিজ্ঞানচর্চাকে দেশীয় ভাষায় প্রচার করে জনসাধারণের মধ্যে তার প্রসার। প্রথম অংশের অন্যতম প্রতিনিধি ছিলেন ক্যালকাটা মেডিক্যাল কলেজের মেটেরিয়া মেডিকা-র অধ্যাপক, চিকিৎসাবিজ্ঞানে উচ্চতর পাঠ লাভের জন্য ইংল্যান্ডে যাওয়া প্রথম ভারতীয়, ডারউইনের ছাত্র ও প্রাণিবিজ্ঞানের অধ্যাপক রবার্টগ্রান্টের প্রিয় ছাত্র সূর্যকুমার গুডিভ চক্রবর্তী। তাঁকে নিয়ে আলোচনা করেছেন জন ম্যাথু।

দ্বিতীয় গোষ্ঠীর প্রতিনিধি বাংলার রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এবং মহারাষ্ট্রের বালাজি প্রভাকর মোদক। এঁদের অবদানের বিশিষ্টতাকে তাঁদের প্রবন্ধে তুলে ধরেছেন যথাক্রমে শান্তনু চক্রবর্তী ও অভিধা ধুমটকর। শিজু শ্যাম ভারুগিস তাঁর প্রবন্ধে দেখিয়েছেন স্বাধীনতার-পরবর্তী সময়ে কেরালা শাস্ত্র সাহিত্য পরিষদের মতো প্রতিষ্ঠান কী ভাবে পপুলার সায়েন্স মুভমেন্ট-এর মধ্য দিয়ে বিজ্ঞান চর্চার গণতন্ত্রীকরণের ক্ষেত্রে অবদান রেখেছিল। “প্রযুক্তির ইতিহাস” শিরোনামাঙ্কিত দ্বিতীয় ভাগে ওয়াই শ্রীনিবাস রাও মাদ্রাজে বিদ্যুতের আগমন ও তার সঙ্গে নগরায়ণের সম্পর্ক বিশ্লেষণ করে দেখিয়েছেন, কী ভাবে ১৮৯৫ থেকে ১৯৩০-এর মধ্যে বিদ্যুতবিলাসিতা থেকে প্রয়োজন হয়ে উঠল। সুভোব্রত সরকার তাঁর প্রবন্ধে ঔপনিবেশিক শাসনের সীমাবদ্ধতা কাটিয়ে ভারতের “এলিট” সম্প্রদায় কর্তৃক আধুনিক প্রযুক্তিজ্ঞান আয়ত্ত ও ব্যবহারের ক্ষেত্রে শিবপুর এঞ্জিনিয়ারিং কলেজের সংগ্রামের ইতিহাস তুলে ধরেছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে ব্রিটেনের জায়গায় আমেরিকার সুপারপাওয়ার হিসাবে উত্থান, জিয়োলজিক্যাল সার্ভে-র ভূমিকা ইত্যাদির প্রেক্ষাপটে কপিল সুব্রহ্মণ্যম আলোচনা করেছেন কী ভাবে বিশ শতকের মধ্যভাগে ভারতের সেচক্ষেত্রে নলকূপের ব্যবহার গুরুত্বপূর্ণ হয়ে উঠল, সবুজ বিপ্লবকেও তা কী ভাবে প্রভাবিত করেছিল। পরাধীন ভারতে এবং স্বাধীনতার পরে ভারতে খনিজ তেলের ব্যবহারের বিবর্তনের ক্ষেত্রে রণভূমি থেকে মানুষের ঘরে ঘরে তার প্রয়োজন ব্যাপকতা লাভ করার ইতিহাসের অনুসন্ধান করেছেন শরন্ধ্যা জৈন। চতুর্থ অংশে সাহারা আহমেদ মোটামুটি ভাবে ১৮৬০ থেকে ১৯৬০ পর্যন্ত বিস্তৃত কালপর্বে বাংলায় খনিজ শিল্পের বিকাশের আর্থ-সামাজিক, রাজনৈতিক তাতর্যের পাশাপাশি পরিবেশের উপরে তার প্রভাব নিয়ে গুরুত্বপূর্ণ অনুসন্ধান করেছেন। হিমাংশু উপাধ্যায় পশুচারণভূমি নিয়ে সরকারি নীতি ও উদ্ভিদবিজ্ঞানের ক্রিয়াকলাপ, ও নির্মল মাহাতো ১৮৯০ থেকে ১৯৬০-এর দশক পর্যন্ত পুরুলিয়ার পরিবেশের অবনতির বিষয়ে নতুন আলোকপাত করেছেন। চতুর্থ অংশের অন্তর্গত জয়ন্ত ভট্টাচার্যের প্রবন্ধে লিয়ো টলস্টয়-এর উপন্যাস দ্য ডেথ অব ইভান ইলিচ-এর প্রসঙ্গের উল্লেখ করে শরীর, অসুস্থতা ইত্যাদি বিষয়ে দার্শনিক ও নৈতিক প্রসঙ্গের আলোচনার বিস্তৃত প্রেক্ষাপটে আয়ুর্বেদ পদ্ধতির বিভিন্ন বিষয়ের বিশ্লেষণ করা হয়েছে। ঈশ্বর রাও তাঁর প্রবন্ধে বিশ শতকে মাদ্রাজ প্রেসিডেন্সি অঞ্চলে যক্ষ্মা রোগের ইতিহাসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন। ধ্রুব কুমার সিংহ হোমিয়োপ্যাথিক চিকিৎসা ব্যবস্থার প্রাতিষ্ঠানিক রূপের সামাজিক ইতিহাসকে তুলে ধরেছেন। শেষ প্রবন্ধকার রাধা গায়েত্রী দিল্লির সেন্ট স্টিফেন সকে মূল কেন্দ্র করে মেয়েদের স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে মিশনারিদের অবদানের উপরে আলোকপাত করেছেন।

তথ্যনির্ভর, যুক্তিনিষ্ঠ, গবেষণাধর্মী, সুলিখিত প্রবন্ধগুলি হিস্টেম-চর্চায় নতুন ভাবনাচিন্তার রসদ জোগাবে। বিষয়ের অভিনবত্ব ও বহুমাত্রিকতা এই বইয়ের প্রশংসনীয় সম্পদ। বিস্তৃত গ্রন্থপঞ্জি এই বইয়ের আর একটি উল্লেখযোগ্য সম্পদ। সম্পাদকের সুচিন্তিত মূল্যবান ভূমিকা বইটির ঐশ্বর্য বৃদ্ধি করেছে। সূর্যকুমার গুডিভ সম্পর্কিত প্রবন্ধ চিকিতা বিষয়ক অংশের অন্তর্ভুক্ত করা যেত কি না এই প্রশ্ন উঠতে পারে, তবে তার ফলে বইয়ের সামগ্রিক মান কোনও ভাবে ক্ষুণ্ণ হয়েছে এ কথা বলা চলে না। দীপক কুমারের মতে, দু’টি পৃথক সংস্কৃতির (সায়েন্স ও হিউম্যানিটিজ) যদি ‘‘এপিস্টেমোলজিক্যাল রিইউনিফিকেশন” করার প্রয়োজন হয়, তবে বিজ্ঞান, প্রযুক্তি, পরিবেশ ও চিকিতাবিদ্যার ইতিহাস সেতু হিসাবে কাজ করবে। এই কথাকে স্বীকার করে নিয়ে নিঃসন্দেহে বলা চলে যে, সমাজবিজ্ঞানের অনুসন্ধিতু পাঠক, শিক্ষার্থী, গবেষক, বিজ্ঞানের সামাজিক ইতিহাসের চিন্তক এবং বিজ্ঞানের শিক্ষার্থী, শিক্ষক ও গবেষক এবং সাধারণ পড়ুয়াদের জন্য এই বই আকর্ষণীয় একটি প্রকাশনা।

# মহাভারতের ঐতিহাসিকথা

বলিয়াছি যে, কৃষ্ণচরিত্র যে সকল গ্রন্থে পাওয়া যায়, মহাভারত তাহার মধ্যে সর্বপূর্ববর্তী। কিন্তু মহাভারতের উপর কি নির্ভর করা যায়? মহাভারতের ঐতিহাসিকতা কিছু আছে কি? মহাভারতকে ইতিহাস বলে, কিন্তু ইতিহাস বলিলে কি History ই বুঝাইল? ইতিহাস কাহাকে বলে? এখনকার দিনে শৃগাল কুক্কুরের গল্প লিখিয়াও লোকে তাহাকে “ইতিহাস” নাম দিয়া থাকে। কিন্তু বস্তুতঃ যাহাতে পুরাবৃত্ত, অর্থাৎ পূর্বে যাহা ঘটিয়াছে, তাহার আবৃত্তি আছে, তাহা ভিন্ন আর কিছুকেই ইতিহাস বলা যাইতে পারে না “ধর্মার্থকাম মোক্ষাণাম পদেশসমন্বিতম পূর্ববৃত্তক থাযুক্তমিতিহাসং প্রচক্ষতে।”

এখন, ভারতবর্ষের প্রাচীন গ্রন্থ সকলের মধ্যে কেবল মহাভারতই অথবা কেবল মহাভারত ও রামায়ণ ইতিহাস নাম প্রাপ্ত হইয়াছে। যেখানে মহাভারত ইতিহাস পদে বাচ্য, যখন অন্ততঃ রামায়ণ ভিন্ন আর কোন গ্রন্থই এই নাম প্রাপ্ত হয় নাই, তখন বিবেচনা করিতে হইবে যে, ইহার বিশেষ ঐতিহাসিকতা আছে বলিয়াই এরূপ হইয়াছে।

সত্য বটে যে, মহাভারতে এমন বিস্তর কথা আছে যে, তাহা স্পষ্টতঃ অলীক, অসম্ভব, অনৈতিহাসিক। সেই সকল কথাগুলি অলীক অনৈতিহাসিক বলিয়া পরিত্যাগ করিতে পারি। কিন্তু যে অংশে এমন কিছুই নাই যে, তাহা হইতে ঐ অংশ অলীক বা অনৈতিহাসিক বিবেচনা করা যায়, সে অংশগুলি অনৈতিহাসিক বলিয়া কেন পরিত্যাগ করিব? সকল জাতির মধ্যে, প্রাচীন ইতিহাসে এইরূপ ঐতিহাসিকে ও অনৈতিহাসিকে, সত্যে ও মিথ্যায়, মিশিয়া গিয়াছে। রোমক ইতিহাসবেত্তা লিবি প্রভৃতি, যবন হৈতিহাসবেত্তা হেরোডোটসপ্রভৃতি, মুসলমান ইতিহাসবেত্তা ফেরেশা প্রভৃতি এইরূপ ঐতিহাসিক বৃত্তান্তের সঙ্গে অনৈসর্গিক এবং অনৈতিহাসিক বৃত্তান্ত মিশাইয়াছেন। তাঁহাদিগের গ্রন্থ সকল ইতিহাস বলিয়া গৃহীত হইয়া থাকেমহাভারতই অনৈতিহাসিক বলিয়া একেবারে পরিত্যক্ত হইবে কেন?

আমি জানি যে, আধুনিক ইউরোপীয়েরা এই সকল ইতিহাসবেত্তাদিগকে (Livy Herodotus প্রভৃতিকে) আদর করেন না। কিন্তু তাঁহারা এমন বলেন না যে, ইঁহাদের গ্রন্থ অনৈসর্গিক ব্যাপারে পরিপূর্ণ, এই জন্যই ইঁহারা পরিত্যাজ্য। তাঁহারা বলেন যে, ইঁহারা যে সকল সময়ের ইতিহাস লিখিয়াছেন, সে সকল সময়ে ইঁহারা নিজেও বর্তমান ছিলেন না, কোন সমসাময়িক লেখকেরও সাহায্য পান নাই; অতএব তাঁহাদের গ্রন্থের উপর, প্রকৃত ইতিহাস বলিয়া নির্ভর করা যায় না। এ কথা যথার্থ, কিন্তু লিবি বা হেরোডোটাস অপেক্ষা মহাভারতের সমসাময়িকতা সম্বন্ধে দাবি দাওয়া কিছু বেশী, তাহা এই গ্রন্থে সময়ান্তরে প্রমাণীকৃত হইবে। এই পর্যন্ত এখন বলিতে ইচ্ছা করি যে, আধুনিক ইউরোপীয় সমালোচকেরা যাহাই বলুন, প্রাচীন রোমক বা গ্রীকলিপি বা হেরোডোটসের গ্রন্থকে কখন অনৈতিহাসিক বলিতেন না। পক্ষান্তরে এমন দিনও উপস্থিত হইতে পারে যে Giffon বা Froude অসমসাময়িক বলিয়া পরিত্যক্ত হইবেন। আর আধুনিক সমালোচকের দল যাই বলুন, লিবি বা হেরোডোটস্কে একেবারে পরিত্যাগ করিয়া রোম বা গ্রীসের কোন ইতিহাস আজিও লিখিত হয় না। পাঠক মনে রাখিবেন যে, অনৈসর্গিকতার বাহুল্যঘটিত যে দোষ, তাহারই বিচার হইতেছে। এ বিষয়ে ইউরোপীয়দিগের পদচিহ্নানুসরণই যদি বিদ্যাবুদ্ধির পরাকাষ্ঠার পরিচয় হয়, তবে আমরা এখানে সে গৌরবে বঞ্চিত নহি। তাঁহারা স্থির করিয়াছেন যে, ভারতবর্ষের পূর্বতন অবস্থা জানিবার জন্য দেশীয় গ্রন্থ সকল হইতে কোন সাহায্য পাওয়া যায় না, কেন না, সে সকল অতিশয় অবিশ্বাসযোগ্য, কিন্তু গ্রীকলেখক Megasthenes এবং Ktesias এ বিষয়ে অতিশয় বিশ্বাসযোগ্য,সে জন্য ইঁহারাই সে বিষয় ইউরোপীয় লেখকদিগের অবলম্বন। কিন্তু এই লেখকদিগের ক্ষুদ্র গ্রন্থগুলিতে যে রাশি রাশি অদ্ভুত, অলীক, অনৈসর্গিক উপন্যাস পাওয়া যায়, তাহা মহাভারতের লক্ষ শ্লোকের ভিতরও পাওয়া যায় না। এ গ্রন্থগুলি বিশ্বাসযোগ্য ইতিহাস, আর মহাভারত অবিশ্বাসযোগ্য কাব্য!! কি অপরাধে?

এখন ইহাও স্বীকার করা যাউক যে, ঐ সকল ভিন্নদেশীয় ইতিহাসগ্রন্থের অপেক্ষা মহাভারতে অনৈসর্গিক ঘটনার বাহুল্য অধিক। তাহাতেও, যেটুকু নৈসর্গিক ও সম্ভব ব্যাপারের ইতিবৃত্ত সেটুকু গ্রহণ করিবার কোন আপত্তি দেখা যায় না। মহাভারতে যে অন্য দেশের প্রাচীন ইতিহাসের অপেক্ষা কিছু বেশী কাল্পনিক ব্যাপারের বাহুল্য আছে, তাহার বিশেষ কারণও আছে। ইতিহাসগ্রন্থে দুই কারণে অনৈসর্গিক বা মিথ্যা ঘটনা সকল স্থান পায়। প্রথম, লেখক জনশ্রুতির উপর নির্ভর করিয়া, সেই সকলকে সত্য বিবেচনা করিয়া তাহা গ্রন্থভুক্ত করেন। দ্বিতীয়, তাঁহার গ্রন্থ প্রচারের পর, পরবর্তী লেখকেরা আপনাদিগের রচনা পূর্ববর্তী লেখকের রচনামধ্যে প্রক্ষিপ্ত করে। প্রথম কারণে সকল দেশের প্রাচীন ইতিহাস কাল্পনিক ব্যাপারের সংস্পর্শে দূষিত হইয়াছেমহাভারতেও সেইরূপ ঘটিয়া থাকিবে। কিন্তু দ্বিতীয় কারণটি অন্য দেশের ইতিহাসগ্রন্থে সেরূপ প্রবলতা প্রাপ্ত হয় নাইমহাভারতকেই বিশেষ প্রকারে অধিকার করিয়াছে। তাহার তিনটি কারণ আছে।

প্রথম কারণ এই যে, অন্যান্য দেশে যখন ঐ সকল প্রাচীন ঐতিহাসিক গ্রন্থ প্রণীত হয়, তখন প্রায়ই সে সকল দেশে গ্রন্থ সকল লিখিত করিবার প্রথা চলিয়াছে। গ্রন্থ লিখিতে হইলে, তাহাতে পরবর্তী লেখকেরা স্বীয় রচনা প্রক্ষিপ্ত করিবার বড় সুবিধা পান নালিখিত গ্রন্থে প্রক্ষিপ্ত রচনা শীঘ্র ধরা পড়ে। কেন না, প্রাচীন একখানা কাপির দ্বারা অন্য কাপির শুদ্ধাশুদ্ধি নিশ্চিত করা যায়। প্রাচীন ভারতবর্ষে গ্রন্থ সকল প্রণীত হইয়া মুখে মুখে প্রচারিত হইত, লিপিবিদ্যা প্রচলিত হইলে পরেও গ্রন্থ সকল পূর্বপ্রথানুসারে গুরু-শিষ্য-পরম্পরা মুখে মুখেই প্রচারিত হইত। তাহাতে প্রক্ষিপ্ত রচনা প্রবেশ করিবার বিশেষ সুবিধা ঘটিয়াছিল।

দ্বিতীয় কারণ এই যে, রোম, গ্রীস বা অন্য কোন দেশে কোন ইতিহাসগ্রন্থ, মহাভারতের ন্যায় জনসমাজে আদর বা গৌরব প্রাপ্ত হয় নাই। সুতরাং ভারতবর্ষীয় লেখকদিগের পক্ষে মহাভারতে স্বীয় রচনা প্রক্ষিপ্ত করিবার যে লোভ ছিল, অন্য কোন দেশীয় লেখকদিগের সেরূপ ঘটে নাই।

তৃতীয় কারণ এই যে, অন্য দেশের লেখকেরা আপনার যশ বা তাদৃশ অন্য কোন কামনার বশীভূত হইয়া গ্রন্থ প্রণয়ন করিতেন। কাজেই আপনার নামে আপনার রচনা প্রচার করাই তাঁহাদিগের উদ্দেশ্য ছিল, পরের রচনার মধ্যে আপনার রচনা ডুবাইয়া দিয়া আপনার নাম লোপ করিবার অভিপ্রায় তাঁহাদিগের কখনও ঘটিত না। কিন্তু ভারতবর্ষের ব্রাহ্মণেরা নিঃস্বার্থ ও নিষ্কাম হইয়া রচনা করিতেন। লোকহিত ভিন্ন আপনাদিগের যশ তাঁহাদিগের অভিপ্রেত ছিল না। অনেক গ্রন্থে তৎপ্রণেতার নামমাত্র নাই। অনেক শ্রেষ্ঠ গ্রন্থ এমন আছে যে, কে তাহার প্রণেতা, তাহা আজি পর্যন্ত কেহ জানে না। ঈদৃশ নিষ্কাম লেখক, যাহাতে মহাভারতের ন্যায় লোকায়ত গ্রন্থের সাহায্যে তাঁহার রচনা লোকমধ্যে বিশেষ প্রকারে প্রচারিত হইয়া লোকহিত সাধন করে, সেই চেষ্টায় আপনার রচনা সকল তাদৃশ গ্রন্থে প্রক্ষিপ্ত করিতেন।

এই সকল কারণে মহাভারতে কাল্পনিক বৃত্তান্তের বিশেষ বাহুল্য ঘটিয়াছে। কিন্তু কাল্পনিক বৃত্তান্তের বাহুল্য আছে বলিয়া এই প্রসিদ্ধ ইতিহাসগ্রন্থে যে কিছুই ঐতিহাসিক কথা নাই, ইহা বলা নিতান্ত অসঙ্গত।

মহাভারতের ঐতিহাসিকতা ইউরোপীয়দিগের মত

অসঙ্গতই হউক আর সঙ্গতই হউক, মহাভারতের ঐতিহাসিকতা অস্বীকার করেন, এমন অনেক আছেন। বলা বাহুল্য যে, ইঁহারা ইউরোপীয় পণ্ডিত, অথবা তাঁহাদিগের শিষ্য। তাঁহাদিগের মতের সংক্ষেপতঃ উল্লেখ করিব।

বিলাতী বিদ্যার একটা লক্ষণ এই যে, তাঁহারা স্বদেশে যাহা দেখেন, মনে করেন বিদেশে ঠিক তাই আছে। তাঁহারা Moor ভিন্ন অগৌরবর্ণ কোন জাতি জানিতেন না, এজন্য এদেশে আসিয়া হিন্দুদিগকে ‘‘Moor’’ বলিতে লাগিলেন। সেইরূপ স্বদেশে Epic কাব্য ভিন্ন পদ্যে রচিত আখ্যানগ্রন্থ দেখেন নাই, সুতরাং ইউরোপীয় পণ্ডিতেরা মহাভারত ও রামায়ণের সন্ধান পাইয়াই ঐ দুই গ্রন্থ Epic কাব্য বলিয়া সিদ্ধান্ত করিলেন। যদি কাব্য, তবে আর উহার ঐতিহাসিকতা কিছু রহিল না, সব এক কথায় ভাসিয়া গেল। ইউরোপীয় পণ্ডিতেরা এ বোল কিয়ৎ পরিমাণে ছাড়িয়াছেন, কিন্তু তাঁহাদের দেশী শিষ্যেরা ছাড়েন নাই। কেন, মহাভারতকে সাহেবরা কাব্যগ্রন্থ বলেন, তাহা তাঁহারা ঠিক বুঝান নাই। উহা পদ্যে রচিত বলিয়া এরূপ বলা হয়, এমত হইতে পারে না, কেন না, সর্বপ্রকার সংস্কৃত গ্রন্থই পদ্যে রচিত;বিজ্ঞান, দর্শন, অভিধান, জ্যোতিষ, চিকিৎসা শাস্ত্র, সকলই পদ্যে প্রণীত হইয়াছে। তবে এমন হইতে পারে, মহাভারতে কাব্যাংশ বড় সুন্দর;ইউরোপীয়েরা যে প্রকার সৌন্দর্য Epic কাব্যের লক্ষণ বলিয়া নির্দেশ করেন, সেই জাতীয় সৌন্দর্য উহাতে বহুল পরিমাণে আছে বলিয়া, উহাকে Epic বলেন। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে ঐ জাতীয় সৌন্দর্য অনেক ইউরোপীয় মৌলিক ইতিহাসেও আছে। ইংরেজের মধ্যে মেকলে, কার্লাইলও ফ্রুদের গ্রন্থে, ফরাসীদিগের মধ্যে লামার্তীনও মিশালার গ্রন্থে, গ্রীকদিগের মধ্যে থুকিদিদিসের গ্রন্থে, এবং অন্যান্য ইতিহাসগ্রন্থে আছে। মানব-চরিত্রই কাব্যের শ্রেষ্ঠ উপাদান; ইতিহাসবেত্তাও মনুষ্যচরিত্রের বর্ণন করেন; ভাল করিয়া তিনি যদি আপনার কার্য সাধন করিতে পারেন, তবে কাজেই তাঁহার ইতিহাসে কাব্যের সৌন্দর্য আসিয়া উপস্থিত হইবে। সৌন্দর্যহেতু ঐ সকল গ্রন্থ অনৈতিহাসিক বলিয়া পরিত্যক্ত হয় নাইমহাভারতও হইতে পারে না। মহাভারতে যে সে সৌন্দর্য অধিক পরিমাণে ঘটিয়াছে, তাহার বিশেষ কারণও আছে।

মূর্খের মতের বিশেষ আন্দোলনের প্রয়োজন নাই। কিন্তু পণ্ডিতে যদি মূর্খের মত কথা কয়, তাহা হইলে কি কর্তব্য? বিখ্যাত ঢত্রত্নত্র সাহেব পণ্ডিত বটে, কিন্তু আমার বিবেচনায় তিনি যে ক্ষণে সংস্কৃত শিখিতে আরম্ভ করিয়াছিলেন, ভারতবর্ষের পক্ষে সে অতি অশুভক্ষণ। ভারতবর্ষের প্রাচীন গৌরব সেদিনকার জর্মনির অরণ্যনিবাসী বর্বরদিগের বংশধরের পক্ষে অসহ্য। অতএব প্রাচীন ভারতবর্ষের সভ্যতা অতি আধুনিক, ইহা প্রমাণ করিতে তিনি সর্বদা যত্নশীল। তাঁহার বিবেচনায় যিশুখ্রীষ্টের জন্মের পূর্বে যে মহাভারত ছিল, এমন বিবেচনা করিবার মুখ্য প্রমাণ কিছু নাই। এতটুকু প্রাচীনতার কথা স্বীকার করিবারও একমাত্র কারণ এই যে, Chrysostom নামা একজন ইউরোপীয় ভারতবর্ষে আসিয়া দাঁড়ী-মাঝির মুখে মহাভারতের কথা শুনিয়া গিয়াছিলেন। পাণিনির সূত্রে মহাভারত শব্দও আছে, যুধিষ্ঠিরাদিরও নাম আছে। কিন্তু তাহাতে তাঁহার বিশ্বাস হয় না, কেন না, পাণিনিও তাঁহার মতে “কালকের ছেলে”। তবে একজন ইউরোপীয়ের পবিত্র কর্ণরন্ধ্রে প্রবিষ্ট নাবিকবাক্যের কোন প্রকার অবহেলা করিতে তিনি সক্ষম নহেন। অতএব মহাভারত যে খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে ছিল ইহা তিনি কায়ক্লেশে স্বীকার করিয়াছেন। কিন্তু আর একজন ইউরোপীয় লেখক (Megasthenes) যিনি খ্রীষ্ট-পূর্ব তৃতীয় বা চতুর্থ শতাব্দীর লোক, এবং ভারতবর্ষে আসিয়া চন্দ্রগুপ্তের রাজধানীতে বাস করিয়াছিলেন, তিনি তাঁহার গ্রন্থে মহাভারতের কথা লেখেন নাই। কাজেই বেবর সাহেবের বিবেচনায় তাঁহার সময় মহাভারত ছিল না। এখানে জর্মান পণ্ডিতটি জানিয়া শুনিয়া ইচ্ছাপূর্বক জুয়াচুরি করিয়াছেন। কেন না, তিনি বেশ জানেন যে, মিগাস্থেনিসের ভারতসম্বন্ধীয় গ্রন্থ বিদ্যমান নাই, কেবল গ্রন্থকার তাহা হইতে যে সকল অংশ তাঁহাদিগের নিজ নিজ পুস্তকে উদ্ধৃত করিয়াছিলেন, তাহাই সঙ্কলনপূর্বক ডাক্তার শ্বান্বেক (Dr. Schwanbeck) নামক একজন আধুনিক পণ্ডিত একখানি গ্রন্থ প্রস্তুত করিয়াছেন; তাহাই এখন মেগাস্থেনিসকৃত ভারতবৃত্তান্ত বলিয়া প্রচলিত। তাঁহার গ্রন্থের অধিকাংশ বিলুপ্ত; সুতরাং তিনি মহাভারতের কথা বলিয়াছিলেন কি না বলা যায় না। ইহা জানিয়া শুনিয়াও কেবল ভারতবর্ষের প্রতি বিদ্বেষবুদ্ধিবশতঃ বেবর সাহেব এরূপ কথা লিখিয়াছেন। তাঁহার প্রণীত ভারত-সাহিত্যের ইতিবৃত্ত-বিষয়ক গ্রন্থে আদ্যোপান্ত ভারতবর্ষের গৌরব লাঘবের চেষ্টা ভিন্ন, অন্য কোন উদ্দেশ্য দেখা যায় না। ইহার পর বলা বাহুল্য যে, মিগাস্থেনিস মহাভারতের নাম করেন নাই, ইহা হইতেই এমন বুঝায় না যে, তাঁহার সময়ে মহাভারত ছিল না। অনেক হিন্দু জর্মানি বেড়াইয়া আসিয়াছেন, গ্রন্থও লিখিয়াছেন, তাঁহাদের কাহারও গ্রন্থে ত বেবর সাহেবের নাম দেখিলাম না। সিদ্ধান্ত করিতে হইবে কি যে, বেবর সাহেব কখনও ছিলেন না?

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# শিক্ষা হল বিকশিত ভারতের লক্ষ্যের মূল স্তম্ভ - ধর্মেন্দ্র প্রধান

নয়াদিল্লী, ৯ জুলাই : কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সাথে স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগের পর্যালোচনা সভার উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রেখেছেন। শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরীও সমাবেশে বক্তব্য রাখেন। সচিব, DoSE&L, সঞ্জয় কুমার; অতিরিক্ত সচিব, বিপিন কুমার এবং আনন্দরাও ভি পাটিল; মন্ত্রকের অন্যান্য আধিকারিক, প্রিন্সিপাল সেক্রেটারি/সচিব এবং বেশ কয়েকটি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের এসপিডি/পরিচালক, এনসিইআরটি, এসসিইআরটি, কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়, সিবিএসই ইত্যাদির প্রধান ও প্রতিনিধিরাও বৈঠকে উপস্থিত ছিলেন।

এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে, শ্রী প্রধান ভারত জুড়ে স্কুল শিক্ষার সামগ্রিক উন্নয়নের জন্য আগামী পাঁচ বছরের পরিকল্পনার নক্সা, তাঁর চিন্তাভাবনা শেয়ার করেছেন। তিনি বলেছিলেন যে শিক্ষা হল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারত দর্শনের একটি মূল স্তম্ভ এবং এই লক্ষ্য অর্জনের জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে একসাথে কাজ করার আহ্বান জানিয়েছেন। জাতীয় শিক্ষানীতির প্রায় চার বছরে, দেশের শিক্ষার অসাধারণ অগ্রগতি হয়েছে এবং NEP-এর বাস্তবায়ন ভারতকে জ্ঞানের পরাশক্তিতে রূপান্তরিত করার এবং মানসম্পন্ন শিক্ষায় ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক সক্ষম করার মূল চাবিকাঠি।

ভারতীয় ভাষায় শিক্ষার কথা বলতে গিয়ে তিনি বলেছিলেন যে জাতীয় শিক্ষা নীতি ২০২০ মাতৃভাষা এবং সমস্ত ভারতীয় ভাষায় শিক্ষার গুরুত্বের উপর জোর দেয়। তিনি এনইপির মূল চেতনাকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান, অর্থাৎ শিক্ষায় প্রবেশাধিকার, সমতা, গুণমান, সামর্থ্য এবং জবাবদিহিতা নিশ্চিত করা। তিনি বলেছিলেন যে ভারত একটি তরুণ দেশ এবং আমাদের চ্যালেঞ্জ হল ২১ শতকের বিশ্বের জন্য বিশ্ব নাগরিক তৈরি করা যা দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং প্রযুক্তি দ্বারা চালিত হচ্ছে। একটি শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করা যা মূল এবং ভবিষ্যৎ উভয়ই আমাদের সম্মিলিত দায়িত্ব, তিনি আরও যোগ করেন। তিনি স্কুলগুলিতে একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গি সহ প্রযুক্তিগত প্রস্তুতি গড়ে তোলার এবং শিক্ষার্থীদের মধ্যে সমালোচনামূলক চিন্তাভাবনা নিশ্চিত করার গুরুত্বের উপর জোর দেন।

তিনি আহ্বান জানিয়েছিলেন যে রাজ্য এবং কেন্দ্র উভয়কেই শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার পাশাপাশি সমস্ত রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের শ্রেষ্ঠ-অভ্যাসগুলিকে প্রতিলিপি এবং প্রসারিত করতে একটি দল হিসাবে কাজ করতে হবে। তিনি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের সমস্ত স্টেকহোল্ডারদের সামর্থ্য জোরদার করার জন্য, একটি সহযোগিতামূলক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য এবং শিক্ষাকে বিকশিত ভারতের মূল স্তম্ভ হিসাবে সুসংহতভাবে কাজ করার আহ্বান জানান। তিনি তাদের স্কুলের শিক্ষকদের সাথে আবেগপূর্ণ সংযোগ এবং আমাদের শিক্ষাগত ইকোসিস্টেমকে আরও প্রাণবন্ত করতে শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির গুরুত্ব সম্পর্কেও কথা বলেছেন।

দক্ষতা ভিত্তিক শিক্ষার কথা বলতে গিয়ে তিনি বলেন যে কর্মসংস্থান বাড়াতে আমাদের দক্ষতা বাড়াতে হবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জয়ন্ত চৌধুরী বলেন যে নয়া শিক্ষানীতি ২০২০ হল সবচেয়ে উচ্চাভিলাষী এবং প্রগতিশীল নীতির দলিল। তিনি আরও তুলে ধরেন যে কীভাবে GER উন্নত করা এবং এটিকে ১০০, এ নিয়ে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অর্থনৈতিক ও সামাজিকভাবে পিছিয়ে পড়া, জনজাতি সম্প্রদায়ের শিক্ষার্থীদের আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় অন্তর্ভুক্ত করতে হবে। তিনি মন্ত্রকের অন্যান্য উচ্চাভিলাষী কর্মসূচী যেমন PM SHRI সম্পর্কেও কথা বলেছেন এবং রাজ্যগুলিকে এই কর্মসূচির অংশ হতে আমন্ত্রণ জানিয়েছেন।

সঞ্জয় কুমার তার ভাষণে উল্লেখ করেছেন যে পর্যালোচনা সভার মূল লক্ষ্য হবে নয়া শিক্ষানীতি ২০২০ এবং রাজ্যে এর বাস্তবায়ন পর্যালোচনা করা এবং মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য প্রকল্প গুলি সারিবদ্ধকরণ যেমন সমগ্র শিক্ষা, PM SHRI, PM Poshan, ULLAS ইত্যাদি নীতির সাথে, তিনি যোগ করেন। তিনি আরও বলেন, বৈঠকটি আগামী পাঁচ বছরের রোডম্যাপ তৈরিতে সহায়তা করবে।

বৈঠকে পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হবে; ১০০ দিনের কর্ম পরিকল্পনা; সমস্ত রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য সমগ্র শিক্ষার অধীনে পরিকাঠামো এবং নাগরিক কাজের অগ্রগতির অবস্থা, আইসিটি এবং স্মার্ট ক্লাসরুম; VSK এবং ২০০ চ্যানেলের অবস্থা/সেটিং-আপ নিয়ে আলোচনা; ২০২৩-২৪ এর জন্য ডঙ্গজ্জছক্কৃ চূড়ান্তকরণ; সেরা অনুশীলন; DIET নিয়ে আলোচনা: উৎকর্ষ কেন্দ্র হিসেবে আপগ্রেডেশন; এবং তামাক নিয়ন্ত্রণ এবং স্কুলে TOFEI নির্দেশিকা রোপনের প্রয়োজন।

# ১০ জুলাই বঙ্গের চার বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন, আরও ৬টি রাজ্যে হবে ভোট

নয়াদিল্লি ও কলকাতা, ৯ জুলাই (হি.স.): লোকসভা নির্বাচন মিটতেই আবার ভোট। পশ্চিমবঙ্গের চারটি বিধানসভা কেন্দ্র-সহ বুধবার উপনির্বাচন হবে দেশের মোট সাতটি রাজ্যের ১৩টি বিধানসভা আসনে। বুধবার (১০ জুলাই) এই ১৩ কেন্দ্রেই উপনির্বাচন হবে। ভোটগণনা হবে ১৩ জুলাই (শনিবার)। আগামীকাল পশ্চিমবঙ্গের মানিকতলা, বাগদা, রানাঘাট দক্ষিণ এবং রায়গঞ্জে বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে। মঙ্গলবার থেকে শুরু হয়েছে চূড়ান্ত প্রস্তুতি। মঙ্গলবার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে দায়িত্ব বুঝে নেন মানিকতলার ভোটকর্মীরা। পাশাপাশি অন্যান্য কেন্দ্রের ভোটকর্মীরাও নিজেদের ভোট-সামগ্রী নিয়ে ভোটদান কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হন। বুধবার উপনির্বাচন হবে বাংলার চারটি কেন্দ্র নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জে। এর মধ্যে মানিকতলায় বিধায়ক সাধন পাণ্ডের মৃত্যুর কারণে উপনির্বাচন হচ্ছে।

রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ এবং বাগদায় ২০২১-এর নীলবাড়ির লড়াইয়ে জয়ী তিন বিজেপি বিধায়ক কৃষ্ণ কল্যাণী, মুকুটমণি অধিকারী ও বিশ্বজিৎ দাস পদত্যাগ করে তৃণমূলে যোগ দিয়ে লোকসভায় প্রার্থী হওয়ায় আবার ভোট অবশ্যম্ভাবী হয়ে পড়েছে। হিমাচল প্রদেশের দেহরা, হামিরপুর এবং নালাগড়ের তিন নির্দল বিধায়ক বিজেপিতে যোগ দেওয়ার আগে জনপ্রতিনিধিত্ব সংশোধনী আইন মেনে ইস্তফা দিয়েছিলেন। তাই সেখানেও ভোট হবে। দেহরায় কংগ্রেস প্রার্থী করেছে সে রাজ্যের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখুর স্ত্রী কমলেশকে। বিহারের রুপৌলীর জেডিইউ বিধায়ক বিমা দেবী আরজেডিতে যোগ দেওয়ায় এবং মধ্যপ্রদেশের অমরওয়াড়ার কংগ্রেস বিধায়ক কমলেশ প্রতাপ শাহ বিজেপিতে যোগ দেওয়ায় সেখানে আবার ভোট।

উত্তরখণ্ডের বদ্রীনাথের কংগ্রেস বিধায়ক রাজেন্দ্র সিং ভাণ্ডারি ইস্তফা দিয়ে ওই আসনে উপনির্বাচনে বিজেপির প্রার্থী হয়েছেন। ওই রাজ্যের মঙ্গলৌরে বিধায়কের মৃত্যুর কারণে উপনির্বাচন হচ্ছে। তামিলনাড়ুর বিক্রবন্দীতে ডিএমকে বিধায়কের মৃত্যু এবং পঞ্জাবের জলন্ধর পশ্চিমে এএপি বিধায়ক শীতল অঙ্গুরল রিঙ্কুর বিজেপিতে যোগদানের ফলে উপনির্বাচন হচ্ছে বুধবার। এ বার ভোটে রিঙ্কু লড়ছেন বিজেপির টিকিটে।

## প্রকাশ্য দিবালোকে সাঁতরাগাছিতে স্টেশনারি দোকানে ডাকাতি

হাওড়া, ৯ জুলাই (হি স): ক্রেতা সেজে দোকানে এসে প্রকাশ্য দিবালোকে ডাকাতি। নগদ দেড় লক্ষ টাকা, সোনার চেন, মোবাইল ছিনিয়ে নিয়ে চম্পট দিল দুষ্কৃতী। মঙ্গলবার দুপুরে ডাকাতির ঘটনাটি ঘটে সাঁতরাগাছির একটি স্টেশনারি দোকানে। মঙ্গলবার দুপুরে দোকানে এসে স্টেশনারি দোকানের বিক্রেতার কাছে ঠান্ডা জল খেতে চায় এক ক্রেতা। তাঁকে জল দিতেই পিছন ঘুরে ফ্রিজের কাছে যাচ্ছিলেন বিক্রেতা। অভিযোগ, তখনই হাতুড়ি দিয়ে ব্যবসায়ীর মাথায় আঘাত করে সেই ক্রেতা। আহত অবস্থায় মাটিয়ে লুটিয়ে পড়েন ব্যবসায়ী। সেই সুযোগে প্রকাশ্য দিবালোকে সাঁতরাগাছি রেমন গেটের সংলগ্ন রামকৃষ্ণ এলাকার ওই স্টেশনারি দোকান থেকে নগদ দেড় লক্ষ টাকা ও সোনার চেন, মোবাইল ছিনিয়ে নিয়ে চম্পট দেয় দুষ্কৃতী। ডাকাতির খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। আহত ব্যবসায়ীর ভোলা দাসকে জখম অবস্থায় আন্দুল রোডের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করেছে স্থানীয় বাসিন্দারা।

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ-এর হাতে ৩ দালাল ও যাত্রীদের সামগ্রী চুরিতে জড়িত ১৭ জন ব্যক্তি আটক

## দালালদের কাছ থেকে ৯৫ হাজার টাকারও অধিক মূল্যের রেলওয়ে টিকিট উদ্ধার




মালিগাঁও, ০৯ জুলাই, ২০২৪: দালালদের উপদ্রব নিয়ন্ত্রণ করার লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর (আরপিএফ) পক্ষ থেকে নিয়মিতভাবে অভিযান চালানো হচ্ছে। সম্প্রতি ১৬ থেকে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত সময়ের মধ্যে এই জোনের মধ্যে তল্লাশি অভিযান চালিয়ে আরপিএফ ০৩ জন দালালকে আটক করে এবং তাদের কাছ থেকে ৯৫ হাজার টাকা মূল্যের রেলওয়ে টিকিট উদ্ধার করে। এই সময়ের মধ্যে যাত্রীদের সামগ্রী চুরি করার অভিযোগে সতেরো জন ব্যক্তিকেও আটক করা হয়।

এই সময়সীমার মধ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ-এর দ্বারা ৩ জন দালালকে আটক করা হয়। যখন যেখানে প্রয়োজন হয়েছে তখন সেখানে গভর্মেন্ট রেলওয়ে পুলিশ (জিআরপি) ও স্থানীয় থানার পুলিশ কর্মীদের সাথে নিয়ে অভিযান চালানো হয়েছে। এই অভিযানগুলির সময় ৯৫, ২১৯.৫৫ টাকা (আনুমানিক) মূল্যের ৩৪টি টিকিট উদ্ধার করা হয়। পাশাপাশি যাত্রীদের সামগ্রী চুরি করার অভিযোগে ১৭ জন ব্যক্তিকেও আটক করা হয়। ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে রেলওয়ে আইনের প্রাসঙ্গিক ধারার অধীনে আইনি প্রক্রিয়া শুরু করা হয়েছে।

২৭ জুন, ২০২৪ তারিখের একটি ঘটনায় রঙিয়ার আরপিএফ টিম অসমের খারুপেটিয়া শহরে অবস্থিত 'এন. এইচ. এন্টারপ্রাইজ'-এ অভিযান চালায়। এই অভিযানের সময় আরপিএফ টিম প্রায় ৫৯,১৯২.১০ টাকা মূল্যের ১৮টি ই-টিকিট উদ্ধার করে এবং এই ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে একজন দালালকে আটক করে। পরবর্তী পদক্ষেপের জন্য রাঙাপাড়া নর্থে রেলওয়ে আইনের ১৪৩ ধারার অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে।

১৬ জুন, ২০২৪ তারিখে কাটিহারের আরপিএফ টিম কাটিহারের সিপিডিএস টিমের সাথে যৌথভাবে কাটিহার রেলওয়ে স্টেশনে ১৫৯০৯ নং. ট্রেনে অভিযান চালিয়ে তিন জন ব্যক্তিকে আটক করে এবং তাদের কাছ থেকে ৪৫,০০০ টাকা (আনুমানিক) মূল্যের তিনটি চুরির মোবাইল ফোন উদ্ধার করে। পরে আইনি পদক্ষেপ গ্রহণ করার জন্য উদ্ধারকৃত মোবাইল ফোন সহ ধৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট জিআরপি ইন-চার্জের হাতে তুলে দেওয়া হয়।

রেলওয়ে টিকিটের অকর্তৃত্বশীল ও অবৈধ ক্রয়-বিক্রয়ের প্রতি কঠোর নজরদারি রাখার পাশাপাশি, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ রেলযাত্রীদের সুরক্ষা নিশ্চিত করার কাজের পাশাপাশি রেল ব্যবহারকারীদের পরিষেবা ও সাহায্য প্রদানের জন্য সবসময় প্রস্তুত। ট্রেন যাত্রার সময় যাতে কোনও ধরনের সমস্যার সম্মুখীন না হতে হয় তার জন্য যাত্রীদের উপযুক্ত টিকিটের সাথে ভ্রমণ করার অনুরোধ জানিয়েছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ। রেলের যাত্রীরা ট্রেন যাত্রার সময় কোনো সমস্যার সম্মুখীন হলে ১৩৯ (টোল ফ্রি) নাম্বারে ডায়াল করতে পারেন।

## সুন্দরবনের স্কুলে হামলা, শ্লীলতাহানি, অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

ঝড়খালি, ৯ জুলাই (হি. স.): সুন্দরবনের ঝড়খালি এলাকার একটি স্বেচ্ছাসেবী সংগঠনের স্কুলে ঢুকে হুমকির অভিযোগ উঠলো তৃণমূল নেতার বিরুদ্ধে। জানা গেছে, তিনি আবার পঞ্চায়েতের উপপ্রধান। স্থানীয় সূত্রে খবর, ওই পঞ্চায়েত উপপ্রধানের নেতৃত্বে ভাঙচুর চালানো হয় স্কুলে। এও অভিযোগ, প্রমাণ লোপাটের জন্য ভেঙে ফেলা হয় সিসিটিভি ক্যামেরা। স্কুল ভবনটি স্থানীয় পঞ্চায়েত দখল করে নিতে চায়। সে কারণেই এই হামলা বলে অভিযোগ। জানা যাচ্ছে, সোমবার রাতে অনেক লোকজন নিয়ে স্কুলে ঢোকেন তৃণমূলের পঞ্চায়েত উপপ্রধান। ভাঙচুর চালানোর পাশাপাশি মহিলাদের শ্লীলতাহানির অভিযোগও উঠেছে। হুমকি দেওয়া হয়েছে স্কুল বন্ধ করারও। পাল্টা স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ এনেছেন পঞ্চায়েতের উপপ্রধান। তাঁর অভিযোগ, স্কুল থেকে নানা সম্পত্তি বিদেশে পাচার করা হত। তরুণ প্রজন্মকে চাকরির প্রতিশ্রুতি দিয়েও তা পূরণ করা হয়নি। এই ঘটনাতেই চাপা ক্ষোভ ছিল সাধারণ মানুষের মধ্যে। সেই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটাতেই এই ঘটনা ঘটেছে।

**Notice Inviting Quotation for two nos computer Set**

Sealed Quotation are hereby invited by the Sub-Divisional Magistrate Khowai from registered Agencies/firms for procurement of purchased 02(two) Nos fully computer set with printer are updated latest version of the establishment of Superintendent of Khowai Sub Jail, Khowai Tripura. The sealed Quotation will be received during office hour in all working days upto 02.PM of 09/07/2024 and will be open on/8/07/2024 at 04 PM if possible. Quotation may be dropped at the Quotation Box kept at the Nazarat Section of the Sub-Divisional Magistrate Khowai, Khowai Tripura. Format for submission of Quotation is enclosed at Annexure-A. Quotation shall be submitted as per prescribe format only. Detailed terms and condition of the said quotation and format for may be collected from the office of the undersigned on all working days up to 18/07/2024. Description a) Intel Core i5 latest Processor & mother board b) 8GB DDR, c) 4 GB Ram d)windows 11 +MSO 21 with Office e)spill-Resistant Key Board/Grey Thin & Light 1.48 Kg & Mouse f) 20"Monitor g) ACP600 UPS h) Printer best Quality i)Intel UHD Graphics.
The Quotation will remain valid up to 03 month from the date of selection. The validity may be extended with same rate of contact if authority agreed.
**ICA/C/887/24**
**Superintendent Khowai Sub Jail Khowai Tripura.**

**Admission Notice for Diploma Engineering through Spot Round Counselling**

This is for necessary information to all concern students who have submitted Application form and willing to take Admission in Diploma Engineering-2024 through Spot Round Counselling at Women's Polytechnic, Hapania, the first round Counselling will be held on 12th July, 2024 from 12.00 Noon onwards at the Room No-106 (Ground floor) of Women's Polytechnic, Hapania.
All students along with their Parents/ Guardian are hereby requested to remain present by 11.30 AM positively on 12th July, 2024 for the Spot Round Counselling with all relevant documents for Admission in the respective branches as per Merit list.
No students will be further entertained if not found present before the admission committee as per the scheduled time.
**ICA/C/866/24**
**Sd//-**
**(Dr. Tirtharaj Sen, FIE)**
**Principal**
**Women's Polytechnic, Hapania**

FORMAT-A (For publication in Newspaper) PNIT NO:-02/NIT/EE-KLP/PWD (DWS)/2024-25 date: 08/07/2024 supplying of drinking water by mechanical carrying, Rewinding of burnt motor and repairing of pump,, Repairing & Washing of existing pipe line Lowering and lifting of submersible pump and motor under DWS Division Kalyanpur, PWD:-

| Sl No | DNIT No | Estimate Cost | Earnest money |
|---|---|---|---|
| 1) | DNIT NO. 09/EE-KLP/PWD(DWS)/2024-25 | Rs. 4,98,150.00 | Rs.9963.00 |
| 2) | DNIT NO. 10/EE-KLP/PWD(DWS)/2024-25 | Rs. 4,84,794.00 | Rs.9696.00 |
| 3) | DNIT NO. 11/EE-KLP/PWD(DWS)/2024-25 | Rs. 4,80,858.00 | Rs.9617.00 |
| 4) | DNIT NO. 12/EE-KLP/PWD(DWS)/2024-25 | Rs. 4,80,858.00 | Rs.9617.00 |
| 5) | DNIT NO. 13/EE-KLP/PWD(DWS)/2024-25 | Rs. 4,83,052.00 | Rs.9661.00 |

Last date and time for receipt of application for issue of tender form up to 4.00 PM on 15/07/2024 Other necessary detailed information can be seen and tender documents will be sold in the DWS Division office of Kalyanpur & Agartala-I in office hours.
**ICA/C/ 870/24**
**(ER. SANJOY DEBNATH) Executive Engineer**
**DWS Division, PWD Kalyanpur, Tripura**

**NOTICE INVITING e-TENDER NO. 04/EE(AGRI)/South/2024-25.**

| SL. NO. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 1 | Hiring of 1 (One) No (Maruti EECO) Vehicle for a period of 1 (One) year for the office use of 2 (Two) nos. Assistant Engineer (Mechanical) covering Udaipur Agricultural Mechanical Sub Division with HQ at Udaipur and Bokafa Agricultural Mechanical Sub Division with HQ at Bokafa, Santirbazar under office of the Executive Engineer (Agri) South Division, Udaipur Gomati Tripura. 04 /EE/AGRI/SOUTH/2024-25 | Rs. 3,69,840.00 | Rs. 7,397.00 | 365 Days | Up to 04.00. P.M. on 19/07/2024 | At 11.00. A.M. on 20/07/2024 |

For details, please visit website www.tripuratenders.gov.in and contact 03621-222486.
**ICA/C/872/24**
**(Er. D. Jamatia)**
**Executive Engineer (South)**
**Department of Agriculture & Farmers Welfare**
**South, Udaipur.**

**PRESS NOTICE INVITING e-TENDER NO. EE-IED/PWD/AGT/15/2024-25 2947-3019 dated 08/07/2024**

The Executive Engineer, Internal Electrification Division, PWD, Agartala: Tripura* on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class for internal electrification works registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central having valid electrical contractor license issued by the Government of Tripura for the following work:-

| Sl No | Name of work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1 | DNIT NO.EE-IED/AGT/34/2024-25 | ₹ 4,50,450.00 | ₹ 9,009.00 | 60 (sixty) days |
| 2 | DNIT NO.EE-IED/AGT/35/2024-25 | ₹ 6,17,215.00 | ₹ 12,344.00 | 90 (ninety) days |
| 3 | DNIT NO.EE-IED/AGT/36/2024-25 | ₹ 6,17,215.00 | ₹ 12,344.00 | 90 (ninety) days |
| 4 | DNIT NO.EE-IED/AGT/37/2024-25 | ₹ 7,71,980.00 | ₹ 15,440.00 | 90 (ninety) days |
| 5 | DNIT NO.EE-IED/AGT/38/2024-25 | ₹ 7,81,796.00 | ₹ 15,636.00 | 90 (ninety) days |

Last date and time for document downloading and bidding is on 29/07/2024 upto 3.00 PM and opening of bid at 3.30 PM on 29/07/2024, if possible. For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
**ICA/C/ 874/24**
**For and on behalf of the Governor of Tripura**
**(DEBASHIS PAUL) Executive Engineer,**
**Internal Electrification Division,**
**PWD (Buildings), Agartala, West Tripura**
**Contact: 8837256802**

ত্রিপুরা সরকার
মৎস্য দপ্তর
আমন্ত্রণ

মহাশয়/মহাশয়া,

আগামী ১০ জুলাই ২০২৪ ইং রোজ বুধবার সকাল ১১ ঘটিকায়, মৎস্য দপ্তরের উদ্যোগে উদয়পুর মহকুমাধীন রাজর্ষি টাউন হলে 'জাতীয় মৎস্য চাষী দিবস' উপলক্ষে এক দিনের রাজ্যভিত্তিক কর্মশালার আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন :-

উদ্বোধক এবং প্রধান অতিথি : শ্রী প্রনজিৎ সিংহ রায়, মাননীয় মন্ত্রী, অর্থ, তথ্য প্রযুক্তি, পরিকল্পনা দপ্তর, ত্রিপুরা সরকার।

বিশেষ অতিথি : শ্রী অভিষেক দেবরায়, মাননীয় বিধায়ক, ত্রিপুরা বিধানসভা।
শ্রী জিতেন্দ্র মজুমদার, মাননীয় বিধায়ক, ত্রিপুরা বিধানসভা।
শ্রী রামপদ জমাতিয়া, মাননীয় বিধায়ক, ত্রিপুরা বিধানসভা।
শ্রী রঞ্জিত দাস, মাননীয় বিধায়ক, ত্রিপুরা বিধানসভা।
শ্রী শীতল চন্দ্র মজুমদার, মাননীয় চেয়ারম্যান, উদয়পুর পুরপরিষদ।

সম্মানীয় অতিথি : শ্রী সুমিত লোধ, মাননীয় জেলা শাসক ও সমাহর্তা, গোমতী জেলা।

সভাপতি : শ্রী দেবল দেবরায়, মাননীয় সভাধিপতি, গোমতী জিলা পরিষদ।

এই মহতী অনুষ্ঠানে আপনাদের সানুরাগ উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

ভবদীয়
এস. দাস
অধিকর্তা, মৎস্য দপ্তর
ত্রিপুরা সরকার

ICA/D-466/24

**AGARTALA**
**C O R R I G E N D U M**
**Memo No.160/PTN/2024-25/1953- 2015**
**Dated. 0824 July, 2024**


"Due to unavoidable circumstances the last date of Receipt of application for issue of tender forms on 19-07-2024 upto 04.00 P.M, last date of issue of tender form on 20-07-2024 upto 04.00 P.M, last date of dropping date on 23-07-2024 upto 03.00 P.M and opening is hereby extended on 23-07-2024 upto 03.30 P.M in place of last date of Receipt of application for issue of tender forms on 12-07-2024 upto 04.00 P.M, last date of issue of tender form on 15-07-2024 upto 04.00 P.M, last date of dropping date on 18-07-2024 upto 03.00 P.M and opening is hereby extended on 18-07-2024 upto 03.30 P.M respectively against PNIT No-07/EE-1/2024-25, Dated, 28-06-2024 circulated under this office memo No-F. 160/PTN/EE-1/2024-25/409-476, Dated 28/06/2024.
All others terms & conditions shall remain unchanged.
**ICA/C/880/24**
**For & on behalf of the Governor of Tripura**
**Executive Engineer, (PWD)**
**Agartala Division No-I**
**Agartala**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 06/P'NIcT/EE/PWD (G)/(R&B)/GNT/2024-25, Dt. 06-07 - 2024**

The Executive Engineer, Gonda Twisa Division, PWD (G), Gonda Twisa, Dhalai District on behalf of the 'Governor of Tripura, invites online percentage rate / item-rate e-tender in single bid / two bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors / Firms/Private Ltd. Firm / Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Govt. Organization of other State & Central for the following work:-
1. Name of Work: Improvement of road from JB Para Bhagirath Para PMGSY road to Wanasa Para under Dumburnagar R.D. Block (L- 1.60 km) under RIDE-XXIX of NABARD (Job No. TP/COM/237/2023-24).
DNICT No. 27 /DNIT/SE-V/AMB/2024-25
Estimated Cost: Rs. 1, 45, 51, 701.00
Earnest Money: Rs. 2, 91, 034.00
Bid Fee: Rs. 4000.00
Time for Completion: 365 (Three Hundred Sixty Five) Days
2. Name of Work: Maintenance of Ambassa-Gonda Twisa road (portion from Ch. 46.00 km to 53.00 km) under Gonda Twisa Sub-Division, PWD(R&B) during the year 2024-25/ SH:- Patch carpeting, grouting, surface drains, seal coat over old bituminous surface etc.
DNIeT No. 28 /DNIT/SE-V/AMB/2024-25
Estimated Cost: Rs. 52, 97, 009.00
Earnest Money: Rs. 1, 05, 940.00
Bid Fee: Rs. 4000.00
Time for Completion: 90 (Ninety) Days
Last date & time for online Bidding: 02-08-2024 up to 1500 Hrs
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in.
**ICA/C/878/24**
**(Er. I. Debbarma)**
**Executive Engineer**
**Gonda Twisa Division, PWD (G)**
**Gonda Twisa, Dhalai District**

# হরেকরকম

# রক্ত দিন, সুস্থ থাকুন



পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ও নিঃস্বার্থ উপহার হলো রক্তদান। রক্তদান মহৎ একটি উদ্যোগ। অন্যকে রক্ত দেওয়ার মাধ্যমে যেমন তার জীবন বাঁচানো যায়, ঠিক তেমনই রক্তদান করলে নিজের শরীরেরও উপকার হয়।

অনেকেই ভেবে থাকেন, রক্তদান করলে শারীরিক বিভিন্ন সমস্যায় ভুগতে হবে। ধারণাটি ঠিক নয়। কারণ রক্তদানের অনেক উপকারিতা আছে।

পরিসংখ্যান অনুযায়ী, দেশে বছরে ৮-৯ লাখ ব্যাগ রক্তের চাহিদা থাকলেও রক্ত সংগ্রহ হয় ৬-৬.৫ লাখ ব্যাগ। ঘাটতি থাকে তিন লাখ ব্যাগের বেশি।

এ ছাড়া সংগ্রহকৃত রক্তের মাত্র ৩০ শতাংশ আসে স্বেচ্ছায় রক্তদাতাদের থেকে। বিশেষজ্ঞদের মতে, এক ব্যাগ রক্ত দিতে সময় লাগে মাত্র ১০-১২ মিনিট। এই অল্প সময়ে চাইলেই একজনের প্রাণ বাঁচানো সম্ভব।

কারা রক্ত দিতে পারবেন? ১৮ থেকে ৪৫ বছর বয়সের মধ্যে শারীরিকভাবে সুস্থ নারী ও পুরুষ রক্ত দিতে সক্ষম। এক্ষেত্রে পুরুষের ওজন থাকতে হবে অন্তত ৪৮ কেজি এবং নারীর অন্তত ৪৫ কেজি।

রক্তদাতাকে অবশ্যই ভাইরাসজনিত রোগ, শ্বাসযন্ত্রের রোগ এবং চর্মরোগ মুক্ত থাকতে হবে। সাধারণত ৯০ দিন পর পর, অর্থাৎ তিন মাস পর পর রক্ত দেওয়া যায়।

রক্ত দেওয়ার পর যা হয়

রক্ত দেওয়ার পর কিছুটা মাথা ঘোরাতে পারে। বিশেষজ্ঞদের মতে, এ সময় হাঁটাহাঁটি না করে অন্তত ১-২ ঘণ্টা বিশ্রাম নেওয়া উচিত। রক্তদাতা যদি ঘামতে থাকেন এবং অস্থির হন, তবে তাকে স্যালাইন খাওয়াতে হয়।

সাধারণত প্রাপ্ত বয়স্ক সুস্থ মানুষ প্রতিবার ৪৫০ মিলিলিটার রক্ত দেওয়া হয়। রক্ত দেওয়ার পর লোহিত রক্তকণিকার মাত্রা স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে অন্তত এক থেকে দেড় মাস সময় লাগতে পারে। পাশাপাশি রক্ত বাড়ে এমন খাবার খাওয়ার পরামর্শ দেন চিকিৎসকরা। নিয়মিত রক্তদানের মাধ্যমে শরীর যেভাবে উকৃত হয় নিয়মিত রক্তদান করলে ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমে। বছরে তিনবার রক্ত দিলে শরীরে নতুন লোহিত কণিকা তৈরির হার বেড়ে যায়। এতে অস্থিমজ্জা সক্রিয় থাকে। দ্রুত রক্তস্বল্পতা পূরণ হয়। রক্তে কোলেস্টরেলের মাত্রা কমে যায়। এর ফলে রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে। ফলে হৃদরোগ ও হার্ট অ্যাটাকের ঝুঁকি কমে যায়।

শরীরে হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, জন্ডিস, ম্যালেরিয়া, সিফিলিস, এইচআইভি বা এইডসের মতো বড় রোগ সম্পর্কে জানা যায়।

রক্তদাতার শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে।

# অন্য চার্জারে ফোন চার্জ দিলে যে ক্ষতি হয়



মাঝে মধ্যে আমরা বাইরে গেলে মোবাইলের চার্জ শেষ হয়ে যায়। কিন্তু তার কারণে অনেকে ঝামেলায় পড়েন। অনেকে আবার অন্য মোবাইলের চার্জার দিয়ে মোবাইল চার্জ করান।

কিন্তু এই পদ্ধতিটা ঠিক কি না জেনে নিন-

অনেক সময় আমরা শুনে থাকি যে, অন্য কোনও মডেলের মোবাইলের চার্জার দিয়ে চার্জ করলে তা নষ্ট হয়ে যায়। সাধারণত, ফোন কেনার সময় ফোনের সঙ্গে চার্জারও থাকে।

এতে বোঝা যায় যে আপনার ফোনের সঙ্গে যে চার্জারটি দেওয়া হয়, তা বিশেষভাবে আপনার ফোনের ব্যাটারি চার্জ করার জন্য ডিজাইন করা হয়েছে। এটি আপনার ফোনের জন্য সঠিক আকার, সঠিক ভোল্টেজ এবং এটি সঠিক ধরনের সংযোগকারীর প্লাগে সঙ্গে দেওয়া হয়।

অন্যদিকে, ভোল্টেজ খুব কম হলে, এটি আপনার ফোন খুব ধীরে ধীরে চার্জ হবে। ভুল ভোল্টেজসহ চার্জার ব্যবহার করলে আপনার ফোনের ব্যাটারি অতিরিক্ত গরম হতে পারে, ফলে মোবাইলের সমস্যা তৈরি হতে পারে।

আলাদা চার্জার ব্যবহার করলে বিভিন্ন সমস্যা হতে পারে। যেমন, অন্য চার্জারের ভোল্টেজ খুব বেশি হলে তা আপনার ফোনের ব্যাটারির ক্ষতি করতে পারে।

ফলে এই সমস্যা থেকে রেহাই পেতে অবশ্যই মোবাইল চার্জার সঙ্গে রাখুন। যদি আপনার আগের চার্জার খারাপ হয়ে গেলে দোকান থেকে একই মডেলের নতুন চার্জার কিনে নিন।

# ঘড়ি ধরে সকালের খাবার খেলে কমবে শর্করার মাত্রা



ইদানীং কমবয়সেই ডায়াবিটিস ধরা পড়ছে অনেকের। আধুনিক জীবনযাপন অনেকাংশে এর জন্য দায়ী। বাইরের খাবার খাওয়া, কেক, পেস্ট্রির প্রতি ঝোঁক ডায়াবিটিসের মতো সমস্যা ডেকে আনছে। রক্তে শর্করার মাত্রা বেড়ে তা যেন বিপদসীমা ছাড়িয়ে না যায়, সে বিষয়ে সব সময় সচেতন থাকা জরুরি। তার জন্য রুটিন মেনে খাওয়াদাওয়া করা জরুরি।

ডায়াবিটিসের ক্ষেত্রে জীবনকে নিয়মে না বাঁধলে সুস্থ থাকা সম্ভব নয়। শরীরচর্চা তো জরুরি বটেই। সেই সঙ্গে ইচ্ছেমতো খাবার খাওয়ার প্রবণতাও কমাতে হবে। তবে শুধু বুঝেশুনে খাবার খেলেই হবে না। সময়েও খেতে হবে। ডায়াবিটিসের ক্ষেত্রে ঘড়ি ধরে খাবার খেতে হবে। তবেই সুস্থ থাকা সম্ভব।কী খাচ্ছেন সেটা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি কখন খাচ্ছেন সেটা আরও বেশি গুরুত্বপূর্ণ। সময়মতো না খেলে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখা অসম্ভব। ব্যস্ততম জীবনে খাবার খাওয়ার সময়ই পাওয়া যায় না। সেখানে ঘড়ি ধরে খাওয়াদাওয়া করা অনেক দূরের বিষয়। আর সময়মতো না খাওয়ার ফলেই নানা রোগের ঝুঁকি থেকে যায়। ডায়াবিটিস তার মধ্যে অন্যতম। তাই সুস্থ থাকতে ওষুধ খাওয়ার পাশাপাশি নির্দিষ্ট সময়ে খাবারও খেতে হবে। অফিসের বিপুল ব্যস্ততা সামলে দুপুরের খাবার সময় মতো খাওয়া সম্ভব নয়। অনেকেরই বাড়ি ফিরতে ফিরতে দেরি হয়ে যায়। ফলে রাতের খাবারও সময়ে খাওয়া হয় না। এক মাত্র সকালের খাবার ঠিকঠাক সময়ে খাওয়ার সুযোগ থাকে। এমনিতে দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ হল সকালের জলখাবার। সারা দিন শরীর কেমন থাকবে তা নির্ভর করে সকালের খাবারের উপরে। সকালের দিকে রক্তে শর্করার মাত্রা বেশি থাকে। বেশি ক্ষণ এমনিতেও খালি পেটে থাকা ঠিক নয়। ডায়াবেটিক রোগীরা যদি সকাল ৯ টার মধ্যে জলখাবার খেয়ে নিতে পারেন, তা হলে ভাল। সকালের বিপাক হারও বেশি থাকে। ফলে ভারী খাবার খেলেও হজম করতে অসুবিধা হবে না। পেটও অনেক ক্ষণ ভর্তি থাকবে। দুপুরেও তাড়াতাড়ি খিদে পাবে। তবে প্রোটিনসমৃদ্ধ খাবার বেশি করে খেতে হবে। কার্বোহাইড্রেট কম খেতে হবে।

# কেশচর্চাতেও কিন্তু অ্যালো ভেরা মুখ্য হয়ে উঠতে পারে

ঘরোয়া টোটকায় যে কত সমস্যার সমাধান লুকিয়ে থাকে তার হিসাব নেই। বিশেষ করে রূপচর্চার ক্ষেত্রে ঘরোয়া টোটকার কোনও বিকল্প নেই। সৌন্দর্যে শান দিতে অনেকেই বাজারচলতি প্রসাধনী ব্যবহার করেন। তবে সেগুলি আদৌ কতটা কার্যকরী তা নিয়ে সন্দেহ আছে। তবে ঘরোয়া কোনও উপকরণ ব্যবহার করলে কিছু না কিছু সুফল মিলবেই।

চুলের বৃদ্ধি সকলের একইরকম নয়। কারও চুল খুব তাড়াতাড়ি লম্বা হয়। কারও আবার চুল বড়ই হতে চায় না। লম্বা চুলের স্বপ্ন কমবেশি সকলেরই থাকে। কিন্তু চাইলে তা পাওয়া সহজ নয়। অনেকেই চুল লম্বা করতে বিভিন্ন প্রসাধনী ব্যবহার করেন। দীর্ঘ দিন ধরে ব্যবহার করেও কোনও ফল পাওয়া যায় না। তবে একঢাল চুল পেতে ভরসা রাখতে পারেন ভেষজ কয়েকটি উপকরণে।

১) মেথি: মেথি শুধু শরীরের নয়, একইসঙ্গে যত্ন নেয় চুলেরও। বিশেষ করে চুল লম্বা করতে মেথির জুড়ি মেলা ভার। মেথিতে রয়েছে প্রোটিন এবং নিকোটিন অ্যাসিড, যা লম্বা চুলের অন্যতম রহস্য। মেথি খেলে তো উপকার পাবেনই। সেই সঙ্গে মেথির প্যাক বানিয়েও চুলে লাগাতে পারেন। উপকার পাবেন।

২) জবা ফুল: জবা ফুলে রয়েছে ভরপুর প্রোটিন, অ্যান্টিঅক্সিড্যান্ট, যা চুলের ঔজ্জ্বল্য বাড়িয়ে তোলে, সেই সঙ্গে চুল লম্বা করতেও জবা ফুল কিন্তু উপকারী। মাথায় মাখতে পারেন জবা ফুলের তেল। অথবা হেয়ার মাস্কও বানিয়ে নিতে পারেন। উপকার পাবেন।

৩)অ্যালো ভেরা: রূপচর্চায় অ্যালোভেরার ভূমিকা অসীম। চুল থেকে ত্বক, অ্যালো ভেরা যত্ন নেয় সবেরই। ত্বকের দেখাশোনায় অ্যালো ভেরার ভূমিকা অপরিসীম। কেশচর্চাতেও কিন্তু অ্যালো ভেরা মুখ্য হয়ে উঠতে পারে। চুলের বৃদ্ধিতে অ্যালো ভেরা দারুণ উপকারী। মাথার ত্বকের মরা কোষ দূর করতে অ্যালো ভেরা জেল ব্যবহার করতে পারেন।



# ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য

কাজের চাপ আর খানিকটা আলসেমির জন্য অনেকেই নিয়ম করে ত্বকের পরিচর্যা করেন না। মুখে কোনও রকমে ক্রিম মেখেই অফিসের জন্য ছুট দেন। সালোঁয় যাওয়ারও অবকাশ নেই। কোথাও যাওয়ার সময় কিংবা কোনও অনুষ্ঠান থাকলে মুখে চটজলদি জেল্লা আনতে হরেক রকম প্রসাধনী ব্যবহার করেও লাভ হয় না। চটজলদি জেল্লা আনতে কী করবেন? ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য। কোন কোন ফেসপ্যাক ব্যবহার করতে পারেন, রইল হদিস। ১) মধু, দই আর গোলাপ জলের ফেসপ্যাক: এক চামচ দই, এক চামচ মধু ও এক চামচ গোলাপ জল দিয়ে একটি ফেসপ্যাক তৈরি করে নিন। রাতে এই প্যাক মুখে মেখে মিনিট পনেরো রাখুন। তার পর জল দিয়ে ধুয়ে ফেলুন। দেখবেন, ত্বক বেশ জেল্লাদার দেখাচ্ছে। সকালে উঠেও এই প্যাক মুখে লাগিয়ে নিতে পারেন।

ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য। ২) কাঠবাদাম ও ওট: ১০টি খোসা ছাড়ানো বাদাম বেটে নিয়ে তার সঙ্গে এক চামচ ওট, সামান্য দই মিশিয়ে নিন। ত্বকের প্রকৃতি শুষ্ক হলে এক চা চামচ মধু মেশান আর ত্বকের প্রকৃতি তৈলাক্ত হলে এক চামচ গোলাপ জল মিশিয়ে একটি প্যাক তৈরি করে নিন। প্যাকটি মুখে লাগিয়ে মিনিট দশেক রাখুন। শুকিয়ে গেলে জল দিয়ে ধুয়ে তুলে নিন। বাদামে থাকা ভিটামিন ই ত্বককে জেল্লাদার করবে আর ওট স্ক্রাবিংয়ের কাজ করবে। ৩) শসা ও মধুর প্যাক: অর্ধেকটা শসা মিক্সিতে বেটে তার সঙ্গে এক চামচ মধু মিশিয়ে মিশ্রণটি মুখে লাগান। মিনিট দশেক পর জল দিয়ে ধুয়ে ফেলুন। চটজলদি জেল্লা আনতে এই প্যাক ব্যবহার করতেই পারেন।



# ৫ খাবার: মারাত্মক কিছু রোগের ঝুঁকি এড়াতে কাঁচা না খাওয়াই ভাল



ভিতর থেকে ফিট থাকতে চাইলে খাওয়াদাওয়ায় স্বাস্থ্যকর রুটিন মেনে চলা জরুরি। সেই সঙ্গে বাইরের খাবার যত সম্ভব কম খাওয়া যায়, ততই ভাল। কারণ অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস নানা রোগবালাই ডেকে আনে। শরীরের যত্ন নিতে মরসুমি ফল ও অনেক শাকসব্জি কাঁচা খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন চিকিৎসকেরা। রান্না করে খাওয়ার চেয়ে কয়েকটি খাবার কাঁচা খেলে বেশি সুফল পাওয়া যায়, তা ঠিক। তবে সব খাবারের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য নয়। দীর্ঘ দিন ধরে কাঁচা শাকসব্জি আর ফল খেয়েই থাকার কারণে কিছু দিন আগেই মৃত্যু হয়েছে জানা সামসোনোভাস নামে এক সমাজমাধ্যম প্রভাবীর। দিনের পর দিন ভেগান ডায়েট মেনে চলার কারণে ক্লান্তি আর অপুষ্টি থেকে মৃত্যু হয় তাঁর। ফলে কাঁচা খাবার যত কম খাওয়া যায় ততই ভাল। কিছু খাবার রয়েছে, যেগুলি কাঁচা খাওয়া একেবারেই ঠিক নয়। কোন খাবারগুলি কাঁচা খাবেন না? ১) আলু: টোম্যাটোর মতো আলুতেও গ্লিকোলক্যালিওডসের পরিমাণ অনেক বেশি। অনেকেই আছেন কাঁচা আলুর রস খান। আলুর রস মনঃসংযোগ বৃদ্ধি করে। কিন্তু শরীরে যদি গ্লিকোলক্যালিওডসের পরিমাণ বাড়তে থাকে, তা হলে গ্যাস-অম্বল, পেট ফাঁপার মতো সমস্যা মাথাচাড়া দিয়ে ওঠে। ভাজা, সেদ্ধ, মাছের ঝোলে, বিরিয়ানিতে আলু খান, তবে কাঁচা খাবেন না।

২) কাঁচা ছোলা: সকালে খালিপেটে কাঁচা ছোলা অনেকেই খান। আবার মুড়ি মাখা, আলুকাবলিতেও কাঁচা ছোলা না পড়লে ঠিক স্বাদ হয় না। অঙ্কুরিত কাঁচা ছোলা এমনিতে ভীষণ উপকারী। তবে কাঁচা খেলে মুশকিলে পড়তে পারেন। অঙ্কুরিত কাঁচা ছোলায় প্যাথোজেনিক ব্যাক্টেরিয়া থাকে। যা পেটের গোলমালেরে অন্যতম কারণ।

৩)ডিম: নিয়মিত কঠোর শরীরচর্চা করেন এমন অনেকেই পেশিবহুল চেহারা পেতে কাঁচা ডিম খান। এতে পেশি হয়তো দৃঢ়, সবল হয়, তবে কাঁচা ডিম খাওয়ার ঝুঁকিও আছে। কাঁচা ডিমে থাকে সালমোনেলা ব্যাক্টেরিয়া, যা শরীরে প্রবেশ করে স্বাস্থ্যহানি ঘটায়।

৪)সসেজ: সন্ধের জলখাবারে সসেজ অত্যন্ত জনপ্রিয় একটি খাবার। স্বাস্থ্যকরও। কিন্তু অনেকে ভাজার আগেই কাঁচা সসেজ খেয়ে নেন। এই অভ্যাস শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর। কাঁচা সসেজে রয়েছে ‘‘লিস্টেরিয়া’’ নামক ব্যাক্টেরিয়া। যা শরীরের অন্দরে বিভিন্ন সমস্যা সৃষ্টি করে। তাই ভাল করে না ভেজে সসেজ খাওয়া একেবারেই ঠিক নয়।

৫) কাঠবাদাম: সাধারণত বেশির ভাগ মানুষ যে কাঠবাদাম খান সেগুলির স্বাদ মিষ্টি। স্বাস্থ্যকরও। তবে একই রকম দেখতে আরও একটি বাদাম রয়েছে। যার স্বাদ তেতো। ইংরেজিতে একে “বিটার আমন্ড” বলে। এই বাদামে থাকে বিষাক্ত হাইড্রোসায়ানিক অ্যাসিড। কাঁচা খেলে বিভিন্ন শারীরিক সমস্যার সৃষ্টি হমতে পারে।

# ডায়াবেটিকদের বুঝেশুনে খাওয়াদাওয়া করা অত্যন্ত জরুরি

নিয়ম মেনে খাওয়াদাওয়া আর শরীরচর্চা যদি করা যায়, তা হলে ডায়াবিটিস নিয়ে ভয় পাওয়ার কিছু নেই। ডায়াবেটিকদের বুঝেশুনে খাওয়াদাওয়া করা অত্যন্ত জরুরি। অনেকেই বুঝতে পারেন না, ডায়াবিটিস হলে ডিম খাওয়া যায় কি না। উচ্চ রক্তচাপ, থাইরয়েড, কোলেস্টেরলের ক্ষেত্রে ডিম খাওয়া নিয়ে কিছু নিষেধাজ্ঞা রয়েছে। তবে চিকিতকেদের মতে, ডায়াবিটিসের সঙ্গে ডিমের কোনও বিরোধ নেই।

ডিমে রয়েছে ৬.৩ গ্রাম প্রোটিন, ৭৮ ক্যালোরি, ২৪ মাইক্রোগ্রামস ফোলেট, ২৮ গ্রাম ক্যালশিয়াম। এ ছাড়াও আয়রন, জিঙ্কের পরিমাণও কম নয়। ডায়াবেটিকদের সুস্থ থাকতে এই উপাদানগুলি শরীরে পর্যাপ্ত পরিমাণে থাকা জরুরি। ডায়াবিটিস থাকলে কার্বোহাইড্রেট বেশি না খাওয়াই ভাল। আর ডিমে কার্বোহাইড্রেটের পরিমাণ একেবারে কম। ‘‘লো কার্ব’’ ডায়েটে থাকলে ডিম হতে পারে আদর্শ খাবার। ডায়াবেটিকদের ডায়েটে ডিম থাকলে কোনও অসুবিধা হওয়ার কথা নয়।

রক্তে শর্করার মাত্রা বেড়ে যাওয়ার ভয়ে অনেকেই ডিম খেতে চান না। ডিম খেলে শর্করার মাত্রা বেড়ে যাওয়ার ধারণা ভুল। তবে ডিম কী ভাবে খাচ্ছেন সেটা গুরুত্বপূর্ণ। ডিম খাওয়ায় ছাড় আছে মানেই রোজ রোজ ভাজা, অমলেট খেলে হবে না। ডায়াবেটিকরা ডিম সেদ্ধ করে খেলে বেশি উপকার পাবেন। এ ছাড়া ডিম দিয়ে স্যালাড বানিয়েও নিতে পারেন। তবে ডিম খেলে শর্করার মাত্রা বাড়বে না ঠিকই। কিন্তু ডায়াবিটিস থাকলে কোলেস্টেরল হওয়ারও একটা আশঙ্কা থাকে। ডিম কিন্তু সেই ঝুঁকি আরও বাড়িয়ে দিতে পারে। ‘‘আমেরিকান ডায়াবিটিস অ্যাসোসিয়েশন’’-এর একটি গবেষণা জানাচ্ছে, ডায়াবেটিকরা রোজ একটি করে ডিম খেতে পারেন। তবে এর কোনও নির্দিষ্ট নিয়ম নেই। রোজ খেতেই হবে এমন কোনও মানে নেই। খেলে কোনও অসুবিধা হবে না। ডিম খাওয়ার অন্যতম সুবিধা হল এতে কার্বোহাইড্রেট নেই। বরং ভরপুর প্রোটিন রয়েছে। প্রোটিনের ঘাটতি মেটাতে ডিম অন্যতম ভরসা হতে পারে। তবে দিনে একের বেশি ডিম না খাওয়াই ভাল। তাতে আবার অন্য সমস্যা দেখা দিতে পারে। তাই ডিম খাওয়ার পরিমাণে রাশ টানতে হবে। ডায়াবিটিস থাকলে সব সময় চিকিতক কিংবা পুষ্টিবিদের পরামর্শ মেনেই খাওয়াদাওয়া করতে হয়। ডিম খাওয়ার সিদ্ধান্ত নিজে না নিয়ে চিকিতকের কাছ থেকে জেনে নেওয়াই ভাল।

# টোম্যাটো ছাড়াই বানিয়ে ফেলুন মাছের তিনটি পদ

টোম্যাটোর দাম দিন দিন চিন্তা বৃদ্ধি করছে সাধারণের। গগনচুম্বী দামের জেরে খাবার পাতে ক্রমশ কমছে টোম্যাটো। এ বার পাইকারি বাজারের আশঙ্কা, আগামী দিনে ৩০০ টাকা ছুঁতে পারে “লাল সোনা”র দাম। এমন লাগামছাড়া দাম বৃদ্ধির কারণ হিসাবে টোম্যাটো উতাদনকারী রাজ্যগুলিতে অতি বৃষ্টির দোহাই দেওয়া হচ্ছে। বাজারে গেলেও ২৫০ গ্রামের বেশি টোম্যাটো কিনছেন না অনেকেই। খুব প্রয়োজন ছাড়া মধ্যবিত্তের বাড়িতে রান্নায় টোম্যাটোর ব্যবহারও হচ্ছে না। মাছ ছাড়া অনেক বাঙালিরই দুপুরের ভোজ সম্পূর্ণ হয় না। আর মাছের ঝোল মানেই স্বাদ বৃদ্ধি করতে টোম্যাটো দিতেই হবে। রইল এমন তিনটি মাছের পদ যা টোম্যাটো ছাড়াই বানিয়ে ফেলা যায়।

ধনেপাতা ভেটকি: ভেটকি মাছের টুকরোগুলি নুন, গোলমরিচ, লেবুর রস দিয়ে মাখিয়ে ঘণ্টা দুয়েক ফ্রিজে রেখে দিন। এর পরে কড়াইতে মাখন গরম করে মাছগুলি হালকা ভেজে তুলে রাখুন। মিক্সিতে কাঁচালঙ্কা, ধনে পাতা, পুদিনা পাতা আর লেবুর রস একসঙ্গে মিশিয়ে ভাল করে পেস্ট বানিয়ে নিন। মাছ ভেজে রাখার কড়াইতে আর একটু মাখন নিয়ে তাতে রসুন বাটা দিয়ে দিন। রসুন হালকা লাল হয়ে এলে বেটে রাখা মিশ্রণটি কড়াইতে দিয়ে দিন। ভাল করে কষুন। মশলা থেকে তেল ছাড়তে শুরু করলে অল্প করে জল দিয়ে দিন। স্বাদ অনুযায়ী নুন চিনি দিয়ে দিয়ে ঝোল ফুটে এলে ভেজে রাখা মাছগুলি দিয়ে হালকা হাতে নাড়াচাড়া করে ঢেকে দিন। মিনিট খানেক পর কড়াইয়ের ঢাকনা খুলে এক চামচ মাখন আর ভাল করে ফেটিয়ে রাখা ফ্রেশ ক্রিম দিয়ে দিন। ঝোল মাখোমাখো হয়ে এলে গ্যাসের আঁচ বন্ধ করে দিন। গরম ভাতের সঙ্গে পরিবেশন করুন জিভে জল আনা হরিয়ালি ভেটকি। রুই মাছের টক: রুই মাছ নুন আর হলুদ দিয়ে মাখিয়ে ভেজে নিন। এ বার একটি পাত্রে তেঁতুলের ক্বাথ বার করে নিয়ে ওর সঙ্গে নুন, চিনি, সর্ষে বাটা, হলুদ গুঁড়ো, লঙ্কা গুঁড়ো ভাল করে মিশিয়ে নিন। এ বার কড়াইতে তেল গরম করে সর্ষে আর শুকনো লঙ্কা ফোড়ন দিন। এ বার তেতুলের মিশ্রণটি ঢেলে দিয়ে ভাল করে কষিয়ে জল ঢেলে দিন। ঝোল ফুটে উঠলে মাছগুলি দিয়ে দিন। এ বার পাঁচ ফোড়ন শুকনো তাওয়ায় ভেজে নিয়ে সেই গুঁড়ো মশলা মাছের ঝোলে ছড়িয়ে দিন। তৈরি হয়ে যাবে টক-ঝাল-মিষ্টি স্বাদে রুই মাছের টক। মনমোহিনী চিংড়ি: পেঁয়াজ, আদা, রসুন, লঙ্কা ও নারকেল কোরা মিক্সিতে ঘুরিয়ে নিন। নুন-হলুদ মাখিয়ে চিংড়ি মাছের দু’পিঠ হালকা করে ভেজে নিন। এ বার এ বার সেই তেলেই গোটা গরমমশলা ফোড়ন দিন। এর মধ্যে বাটা মশলা দিয়ে ভাল করে কষিয়ে নিন। মিনিট পাঁচেক পরে নুন, হলুদ, লঙ্কা গুঁড়ো আর দই দিয়ে আরও কষিয়ে অল্প জল মিশিয়ে দিলেই হবে। মশলা কষা হয়ে গেলে নারকেলের দুধ দিতে হবে। দুধটা ফুটে উঠলে চিংড়ি মাছ দিয়ে দিন। পাঁচ মিনিট পরে ঢাকনা খুলে উপরে গরম মশলা গুড়ো ছড়িয়ে দিলেই তৈরি হয়ে যাবে মনমোহিনী চিংড়ি।



লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা মধ্যপ্রদেশে একদিনের সফরে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'এক পেড় মা কে নাম' প্রচারণার অংশ হিসাবে মঙ্গলবার ইন্দোরের বিজাসান বন শিবির প্ল্যান্টেশন সাইটে একটি চারা রোপণ করেছেন।

# উপনির্বাচনের আগে রায়গঞ্জে বৈঠক বিজেপির, জয় নিয়ে আশাবাদী মানস ঘোষ

রায়গঞ্জ, ৯ জুলাই (হি.স.): উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ বিধানসভা আসনে আগামীকাল উপনির্বাচন। ভোটের ঠিক একদিন আগে মঙ্গলবার বৈঠকে বসল বিজেপি। রায়গঞ্জ আসনে বিধানসভা উপ-নির্বাচনের আগে বিজেপি নেতারা এদিন বৈঠক করেছেন। পরে বিজেপি প্রার্থী মানস কুমার ঘোষ বলেছেন, রায়গঞ্জের জনগণ ২০২১ থেকে ২০২৬ সাল পর্যন্ত একজন ব্যক্তিকে নিজেদের বিধায়ক হওয়ার জন্য জনাদেশ দিয়েছে, কিন্তু নতুন উচ্চতায় পৌঁছানোর জন্য, তিনি লোকসভা নির্বাচনে লড়েছেন, রায়গঞ্জের মানুষ তাঁকে প্রত্যাখ্যান করেছে। রায়গঞ্জের মানুষ যে ব্যক্তিকে প্রত্যাখ্যান করেছে, টিএমসি চায় ''মেয়াদ উত্তীর্ণ ওষুধ'' মানুষকে খাওয়াতে। রায়গঞ্জের মানুষ এটা আর মেনে নেবে না।'

উল্লেখ্য, বুধবার উপনির্বাচন হবে বাংলার চারটি কেন্দ্র নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জে। এর মধ্যে মানিকতলায় বিধায়ক সাধন পাণ্ডের মৃত্যুর কারণে উপনির্বাচন হচ্ছে। রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ এবং বাগদায় ২০২১-এর লড়াইয়ে জয়ী তিন বিজেপি বিধায়ক কৃষ্ণ কল্যাণী, মুকুটমণি অধিকারী ও বিশ্বজিৎ দাস পদত্যাগ করে তৃণমূলে যোগ দিয়ে লোকসভায় প্রার্থী হওয়ায় আবার ভোট অবশ্যম্ভাবী হয়ে পড়েছে।

# ডেকে এনে অনলাইন প্রেমিক-কে আটক করে মুক্তিপণের দাবি, গ্রেফতার ৪

কলকাতা, ৯ জুলাই, (হি .স) : সতর্কতাবানী সত্বেও ডেটিং অ্যাপগুলির রমরমা বাজার। বহু তরুণ-তরুণী মনের মানুষ খোঁজার জন্য ডেটিং অ্যাপ ব্যবহার করে থাকেন। কিন্তু, সেই অ্যাপেই প্রেমের ফাঁদ পেতে আর্থিক প্রতারণা! ঘটনায় কলকাতা থেকে এক দম্পত্তি সহ মোট চার জনকে গ্রেফতার করেছে পুলিশ। কে বা কারা এই চক্রের সঙ্গে যুক্ত? খতিয়ে দেখছে পুলিশ। পাটুলির এক যুবকের সঙ্গে ডেটিং অ্যাপে আলাপ হয়েছিল এক যুবতীর। রবিবার ওই যুবতীর পাটুলির যুবককে গল্ফগ্রিনের একটি ফ্ল্যাটে ডেকে পাঠায়।

অভিযোগ, যুবক ফ্ল্যাটে পৌঁছলে তাঁকে আটকে রাখা হয় এবং মারধর করা হয়। শুধু তাই নয়, এক লাখ টাকা মুক্তিপণও চাওয়া হয়। এরপর সেখান থেকেই টাকা চেয়ে পরিবারকে ফোন করেন যুবক। পরিবারের তরফে থানায় অভিযোগ দায়ের করা হয়। ঘটনার তদন্ত শুরু করে পুলিশ। অপরাধীদের গ্রেফতার করার জন্য ফাঁদ পাতে পুলিশ। মুক্তিপণের এক লাখ টাকা দেওয়া হবে বলে ফোনের ওপারে থাকা ব্যক্তিদের ডাকা হয়। অপহৃত যুবকের বাইকে করেই টাকা চাইতে এসেছিল সৈকত পাল এবং বাবুসোনা মণ্ডল নামক দুই ব্যক্তি।

তাদের গ্রেফতার করে পুলিশ। এরপর তাদের জিজ্ঞাসাবাদ করে ওই যুবককে কোথায় আটকে রাখা হয়েছে তা জানতে চায় পুলিশ। তাদের দেওয়া তথ্য মোতাবেক ওই যুবককে উদ্ধার করে পুলিশ। ঘটনায় পিটার ডিসুজা এবং আনিষা দাস নামক আরও দুই জনকে গ্রেফতার করা হয়েছে। জানা গিয়েছে, ওই ফ্ল্যাটটি সৈকত পালের। ফাঁদ পেতে ওই যুবককে ফ্ল্যাটে ডাকা হয়েছিল এবং তারপর তাঁকে আটকে রেখে মুক্তিপণ চাওয়া হয়।

# জোশীমঠে ভয়াবহ ধস, ভেঙে পড়লো পাহাড়ের একাংশ

দেহরাদূন, ৯ জুলাই (হি. স.): মঙ্গলবার জোশীমঠের পাহাড়ি রাস্তায় এক ভয়াবহ ধসের ঘটনা ঘটেছে। জোশীমঠের কাছে এই পাহাড় থেকে পাথর খসে পড়ার ঘটনাটি ঘটেছে। জানা গেছে, প্রথমে পাহাড় থেকে বড় বড় পাথর পড়তে শুরু করে, তারপর ওই অংশের গোটা পাহাড়টাই ধসে পড়ে। ফলে বদ্রীনাথ জাতীয় সড়ক বন্ধ হয়ে যায়। তবে সবাই সতর্ক থাকায় কোনও দুর্ঘটনা ঘটেনি। পাথরের ধ্বংসস্তূপ সরিয়ে বন্ধ হয়ে যাওয়া জাতীয় সড়ক খুলে দেওয়ার কাজ দ্রুততার সঙ্গে শুরু করে প্রশাসন। তবে ধ্বংসস্তূপ সরানোর সম্পূর্ণ কাজ শেষ হতে সময় লাগবে বলে জানা গেছে প্রশাসনের তরফে।

# সবংয়ে সিভিক ভলান্টিয়ারের উপর হামলা, ধৃত ৩

সবং, ৯ জুলাই (হি.স.): পশ্চিম মেদিনীপুর জেলার সবংয়ের দুবরাজপুর মিঠাপুকুর এলাকায় সোমবার রাতে এক সিভিক ভলান্টিয়ারের উপর দুষ্কৃতীরা হামলা চালায় বলে অভিযোগ। ওই সিভিক ভলান্টিয়ারের নাম বিশ্বজিৎ জানা। তাঁকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে সবং গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়। আক্রান্ত ওই যুবক বলেন, আমরা পাঁচজন পূর্ব মেদিনীপুরের সীমানায় ডিউটি করছিলাম। হঠাৎ কয়েকজন সশস্ত্র অবস্থায় হামলা চালায়। ঘটনার তদন্তে নামে পুলিশ। গ্রেফতার করা হয়েছে ৩ জনকে। কেন এই হামলা, তা জানতে ধৃতদের জেরা করছে পুলিশ।

# হরিয়ানার কুরুক্ষেত্রে গাড়ি ও ট্রাকের সংঘর্ষ, মর্মান্তিক মৃত্যু ৩ জনের

কুরুক্ষেত্র, ৯ জুলাই (হি.স.): হরিয়ানার কুরুক্ষেত্র জেলায় জাতীয় সড়কের ওপর ট্রাকের সঙ্গে গাড়ির সংঘর্ষ। আগুন লেগে ভস্মীভূত হয়ে গেল গাড়ি। ঘটনায় জীবন্ত দগ্ধ হয়ে মৃত্যু হয়েছে গাড়িতে থাকা তিন যুবকের। এক যুবতী আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে হরিয়ানার কুরুক্ষেত্র জেলার পেহোয়ায়। জানা গিয়েছে, গাড়ি করে চারজন ঝাজ্জর থেকে চণ্ডীগড়ের দিকে যাচ্ছিলেন। সেই সময় কুরুক্ষেত্রের পেহোয়ায় জাতীয় সড়ক ১৫২ডি-তে একটি ট্রাকের সঙ্গে গাড়িটির সংঘর্ষ হয়। এর ফলে গাড়িটিতে আগুন ধরে যায়। গাড়িতে থাকা চার জনের মধ্যে অগ্নিদগ্ধ হয়ে মারা যান ৩ জন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ ও দমকল বাহিনী। দমকলের বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। পুলিস গাড়ি থেকে দেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে।

# নকশালবাড়িতে নদী পেরোতে গিয়ে বিপত্তি, তলিয়ে গেলেন মা-মেয়ে

নকশালবাড়ি, ৯ জুলাই (হি. স.): মেচি নদী পেরিয়ে চাষের কাজ করতে যাওয়ার পথে বিপত্তি। আচমকাই নদীতে তলিয়ে গেলেন মা ও মেয়ে। নকশালবাড়ির ঘটনা। মা সাকিনা কিষানকে উদ্ধার করা গেলেও খোঁজ মেলেনি মেয়ে শিলা কিষানের (১৭)। জানা গিয়েছে, মঙ্গলবার নকশালবাড়ির তারাবাড়ি এলাকার বাসিন্দা মা ও মেয়ে চাষের কাজ করতে যান। মেচি নদী পার হতে গিয়ে হঠাৎই জলের তোড়ে ভেসে যান দু'জন। আশপাশের লোকজন বিষয়টি দেখতে পেয়েই তাঁদের বাঁচানোর চেষ্টা করেন। বিষয়টি দেখতে পান সীমান্তে মোতায়েন জওয়ানরাও। কোনওরকমে মাকে উদ্ধার করতে পারলেও মেয়ের এখনও কোনও খোঁজ মেলেনি। ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করে বিপর্যয় মোকাবিলা বাহিনী। ঘটনাস্থলে যায় পুলিশও। নদীতে ডুবুরি নামিয়ে তরুণীর খোঁজ শুরু হয়।

# ওএমআর দুর্নীতির খোঁজে ফের অভিযানে সিবিআই

কলকাতা, ৯ জুলাই (হি স): কলকাতা হাইকোর্টের রায়ের পর মঙ্গলবার ওএমআর দুর্নীতির খোঁজে ফের অভিযানে নামলো কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এদিন ওএমআর তদন্তে সাইবার বিশেষজ্ঞদের নিয়ে সাদার্ন অ্যাভিনিউয়ে এস বসু রায় অ্যান্ড কোম্পানির অফিসে হানা দেয় সিবিআই। প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় ওএমআর কারচুপির অভিযোগে আগেই সিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। শুক্রবার ফের হাইকোর্টে ওএমআর সংক্রান্ত রিপোর্ট জমা দেয় সিবিআই। এরপরই ওএমআর রহস্য উন্মোচনে ডিজিটাল ডেটা উদ্ধারে প্রয়োজনে সরকারি-বেসরকারি তথ্যপ্রযুক্তি সংস্থা এবং সাইবার এথিক্যাল হ্যাকারেরও সাহায্য নিতে পারে কেন্দ্রীয় এজেন্সি, এমটাই নির্দেশ দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজশেখর মান্থা। মঙ্গলবার সকাল থেকে সেই রহস্য উন্মোচনে সাদার্ন অ্যাভিনিউয়ে এস বসু রায় অ্যান্ড কোম্পানির অফিসে হানা দিল সিবিআই।

# 'বিরাট হতাশা', পুতিনকে মোদীর আলিঙ্গনের প্রেক্ষিতে প্রতিক্রিয়া ইউক্রেনের জেলেনস্কির

কিভ, ৯ জুলাই (হি.স.): রুশ সফরে গিয়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে আলিঙ্গন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পুতিনকে নিজের বন্ধুও আখ্যা দিয়েছেন মোদী। আর তাতেই হতাশা ব্যক্ত করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলাদিমির জেলেনস্কি। মঙ্গলবার জেলেনস্কি নিজের এক্স হ্যান্ডেলে লিখেছেন, পুতিনকে মোদীর আলিঙ্গন সত্যিই বিরাট হতাশার। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি টুইট করেছেন, 'আজ ইউক্রেনে, রাশিয়ার নৃশংস ক্ষেপণাস্ত্র হামলার ফলে ৩৭ জন নিহত এবং ১৭০ জন আহত হয়েছেন। এমনই একটি দিনে, বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের একজন নেতাকে বিশ্বের সবচেয়ে রক্তাক্ত অপরাধীকে আলিঙ্গন করা সত্যি হতাশার এবং শান্তি প্রচেষ্টার ক্ষেত্রে ধ্বংসাত্মক আঘাত।'

# সাঁকরাইলে স্বামী-স্ত্রীর সংসারে সালিশি সভা, মারধরের অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে

হাওড়া, ৯ জুলাই (হি. স.): ফের পারিবারিক সমস্যা মেটাতে সালিশি সভা! এবার ঘটনাস্থল হাওড়ার সাঁকরাইল। সালিশি সভা ডেকে ব্যবসায়ীকে মারধর, ভাঙচুর ও লুঠপাটের অভিযোগ উঠেছে তৃণমূল উপপ্রধানের বিরুদ্ধে। জানা গিয়েছে, মেয়ের বিয়েকে কেন্দ্র করে বিবাদ হয় কান্দুয়ার ব্যবসায়ী সাহাবুদ্দিন সেপাই এবং তাঁর স্ত্রীর মধ্যে। বিবাদের জেরে স্বামী-স্ত্রী দিন কয়েক আলাদা ছিলেন। সেই বিবাদ মেটাতেই সালিশি সভা বসে। অভিযোগ, জুজুরসাহা গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের উপপ্রধান শেখ খলিল আহমেদ ওই সালিশি সভায় কয়েকজনকে নিয়ে চড়াও হয়। পরে আবার দুষ্কৃতীরা অস্ত্র নিয়ে হাজির হয়, গালিগালাজ-মারধর করে বলেও অভিযোগ। বাড়িঘর ভাঙচুর, টাকা হাতানোর অভিযোগও উঠেছে। যদিও তাঁর বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন তৃণমূল উপপ্রধান। যদিও এবারই প্রথম নয়, এর আগেও একাধিকবার বিভিন্ন ঘটনায় খলিলের বিরুদ্ধে 'অসামাজিক' ও 'বিতর্কিত' কার্যকলাপে যুক্ত থাকার অভিযোগ উঠেছে। এদিন ঘটনার খবর পেয়ে আসে পুলিশ। সমস্ত বিষয় খতিয়ে দেখা হচ্ছে। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# কোচবিহারের মাথাভাঙায় দোকানে ঢুকল গাড়ি, পলাতক চালক

কোচবিহার, ৯ জুলাই (হি.স.): কোচবিহারের মাথাভাঙায় দোকানে ঢুকে পড়ল নিয়ন্ত্রণহীন একটি গাড়ি। সোমবার গভীর রাতে নিয়ন্ত্রণ হারিয়ে চার চাকার একটি ছোটো গাড়ি ঢুকে পড়ল দোকানে। ঘটনাটি ঘটেছে মাথাভাঙা শহর সংলগ্ন পূবখাটেরবাড়িতে। মঙ্গলবার সকালে খবর পেয়ে ঘটনাস্থলে যায় মাথাভাঙা থানার পুলিশ। গাড়িটিকে দোকান থেকে বের করে থানায় নিয়ে আসা হয়। ঘটনার পর থেকেই পলাতক গাড়ির চালক।

# সবংয়ে প্রতিবেশীর বাড়ি থেকে উদ্ধার ব্যক্তির ঝুলন্ত দেহ, তদন্তে পুলিশ

সবং, ৯ জুলাই (হি.স.): পশ্চিম মেদিনীপুর জেলার সবংয়ে প্রতিবেশী মহিলার বাড়ি থেকে উদ্ধার হল এক ব্যক্তির ঝুলন্ত দেহ। প্রতিবেশী ওই মহিলার সঙ্গে বিবাহ বহির্ভূত সম্পর্ক ছিল মৃত ব্যক্তির, এমনটাই ধারণা করছেন স্থানীয়রা। সোমবার গভীর রাতে আত্মহত্যা করেছেন ওই ব্যক্তি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় সবং থানার পুলিশ। দেহ উদ্ধার করার পাশাপাশি মহিলাকে আটক করা হয়েছে। সবং থানার অন্তর্গত দশগ্রামের কোলন্দা গ্রামের ঘটনা। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, মৃতের নাম নবকুমার পণ্ডা (৪৭)। তাঁর স্ত্রী রয়েছেন। গত চার বছর ধরে প্রতিবেশী মহিলার সঙ্গে বিবাহ বহির্ভুত সম্পর্ক ছিল নবকুমারের। সোমবার মধ্যরাতে স্থানীয়েরা জানতে পারেন, ওই বধূর বাড়িতে নবকুমার গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয়েছে। খবর পেয়ে মাঝরাতেই পৌঁছে যায় পুলিশ। দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য খড়্গাপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে।

# বন্যা পরিস্থিতি উত্তরাখণ্ডের নানা অংশে, সামগ্রিক অবস্থা খতিয়ে দেখলেন মুখ্যমন্ত্রী ধামি

দেহরাদূন, ৯ জুলাই (হি.স.): ভারী বৃষ্টিতে বন্যা পরিস্থিতি উত্তরাখণ্ডের বিভিন্ন প্রান্তে। মঙ্গলবার আকাশপথে বন্যা পরিস্থিতি ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। সার্বিক পরিস্থিতি নিয়ে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে কথা বলেন তিনি। ত্রাণ ও উদ্ধারকাজে জোর দিতে আহ্বান জানান। এদিন হলদওয়ানি, বনবাসা, টনকপুর, সিতারগঞ্জ, খাতিমা এবং কুমায়ুন বিভাগের অধীনে অন্যান্য বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী ধামি। নৈনিতাল জেলার হলদওয়ানির বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী। প্রবল বৃষ্টিতে উত্তরাখণ্ডের তরাই অঞ্চলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বন্যা কবলিত মানুষজনকে নিরাপদ স্থানেও পাঠানো হচ্ছে। মুখ্যমন্ত্রী ধামি জানান, আমাদের সরকার বন্যা দুর্গত মানুষের পাশে রয়েছে। দুর্যোগের পর জলবাহিত রোগ প্রতিরোধে বন্যা কবলিত এলাকায় ওষুধ সরবরাহের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

# অমরনাথ যাত্রায় রেকর্ড, ১০ দিনে ২ লক্ষের বেশি তীর্থযাত্রীর পবিত্র গুহা দর্শন

জম্মু, ৯ জুলাই (হি.স.): এই বছরের অমরনাথ যাত্রা একের পর এক রেকর্ড গড়েই চলেছে। মাত্র ১০ দিনে ২ লক্ষের বেশি পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। বার্ষিক অমরনাথ যাত্রা চলছে নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবেই। মঙ্গলবার ভোরে ৫,৪৩৩ জন পুণ্যার্থী অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছে। শ্রী অমরনাথজি শ্রাইন বোর্ডের আধিকারিকরা জানিয়েছেন, ২৯ জুন শুরু হওয়ার পর থেকে গত ১০ দিনে দুই লক্ষেরও বেশি তীর্থযাত্রী দর্শন করেছেন। প্রশাসন সূত্রের খবর, ৫,৪৩৩ জন তীর্থযাত্রীর আরেকটি দল মঙ্গলবার ভোরে ভগবতী নগর যাত্রী নিবাস থেকে উপত্যকার উদ্দেশ্যে দু''টি এসকর্টেড কনভয়ে রওনা হয়েছে। প্রথম এসকর্টেড কনভয় ৮৯টি গাড়িতে ১,৯৭১ জন পুণ্যার্থী নিয়ে মঙ্গলবার ভোররাত ৩.১৩ মিনিট নাগাদ উত্তর কাশ্মীরের বালতাল বেসক্যাম্পের উদ্দেশ্যে রওনা হয়েছে। ১২৪টি গাড়িতে ৩,৪৬২ জন পুণ্যার্থী নিয়ে একটি দ্বিতীয় এসকর্টেড কনভয় ভোর ৪.০৩ মিনিট নাগাদ ছেড়ে যায়।

# অর্থপূর্ণ শিক্ষা ও জ্ঞানই মানবতার উন্নতির জন্য ব্যবহৃত হয় : রাষ্ট্রপতি

ভুবনেশ্বর, ৯ জুলাই (হি.স.): রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মঙ্গলবার ভুবনেশ্বরে ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ (এনআইএসইআর)-এর ১৩ তম স্নাতক অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি শিক্ষার্থীদের কাছে তাঁদের জ্ঞানকে একটি সামাজিক উদ্যোগ হিসেবে বিবেচনা করে সমাজ ও দেশের উন্নয়নে ব্যবহার করার পরামর্শ দেন। রাষ্ট্রপতি বলেছেন, অর্থপূর্ণ শিক্ষা ও জ্ঞানই মানবতার উন্নতির জন্য ব্যবহৃত হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, 'বিজ্ঞানের আশীর্বাদের পাশাপাশি, অভিশাপের আশঙ্কাও সবসময় থাকে। বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে খুব দ্রুত পরিবর্তন ঘটছে। নতুন প্রযুক্তিগত উন্নয়ন মানব সমাজকে সক্ষমতা প্রদান করছে, কিন্তু একইসঙ্গে মানবতার জন্য নতুন চ্যালেঞ্জও তৈরি করছে।' রাষ্ট্রপতি শিক্ষার্থীদের সর্বদা নম্রতা এবং নিজেদের মধ্যে অনুসন্ধানের মনোভাব বজায় রাখার পরামর্শ দেন।

# মেটেলিতে চা বাগানে খাঁচাবন্দি চিতাবাঘ

মেটেলি, ৯ জুলাই (হি. স.): মেটেলি চা বাগানে ফের খাঁচাবন্দি হল আরও একটি পূর্ণবয়স্ক চিতাবাঘ। সোমবার রাতে ওই খাঁচায় বন্দি হয় একটি পূর্ণবয়স্ক চিতাবাঘ। বনকর্মীরা এসে খাঁচা সমেত চিতাবাঘ উদ্ধার করে নিয়ে যায়। জানা গেছে গত সপ্তাহের বৃহস্পতিবার বাগানের ছোটো কোঠি লাইনের ২২ নম্বর সেকশনে বন দপ্তরের বসানো খাঁচায় একটি চিতাবাঘ ধরা পড়ে।

# ঢোলাহাটে চোর সন্দেহে থানায় বেধড়ক মারধর; মৃত্যু যুবকের, অভিযুক্ত পুলিশ

ঢোলাহাট, ৯ জুলাই (হি.স.): চোর সন্দেহে থানায় তুলে এনে এক যুবককে মারধরের ফলে মৃত্যুর অভিযোগ পরিবারের। মৃত যুবকের নাম আবু সিদ্দিক হালদার (২২)। মৃত যুবক দক্ষিণ ২৪ পরগনার ঢোলাহাট থানার ঘাটবকুলতলা গ্রামের বাসিন্দা। অভিযোগের তির সুন্দরবন পুলিশ জেলার ঢোলাহাট থানার বিরুদ্ধে। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনার সূত্রপাত গত ৩০ জুন। ওই দিন মৃত যুবকের কাকা মহসিন হালদারের বাড়ি থেকে সোনার গয়না চুরি হয়। এরপর পয়লা জুলাই ঢোলাহাট থানার পুলিশ মহসিন হালদার ও তাঁর ভাইপো আবু সিদ্দিককে থানায় তুলে আনে বলে অভিযোগ। মহসিনকে দিয়ে ভাইপোর নামে জোর করে চুরির অভিযোগ লিখিয়ে নেওয়া হয়। এরপর আবু সিদ্দিককে থানার মধ্যে দফায় দফায় মারধর করা হয় বলে অভিযোগ। ৪ জুলাই কাকদ্বীপ মহকুমা আদালতে পেশ করা হয় আবু সিদ্দিককে। ওই দিন জামিন দেয় আদালত। কিন্তু গুরুতর অসুস্থ আবু সিদ্দিককে মথুরাপুর, ডায়মন্ড হারবার ও চিত্তরঞ্জন হাসপাতালে ভর্তির চেষ্টা করা হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় গতকাল পার্কসার্কাসের একটি নার্সিংহোমে ভর্তি করা হয়। সোমবার রাত দশটা নাগাদ সেখানেই যুবকের মৃত্যু হয়। সুন্দরবনের পুলিশ সুপার কোটেশ্বর রাও জানিয়েছেন, আদালতে পেশ করার সময় যুবকের কোন শারীরিক সমস্যা ছিল না। পরিবারের অভিযোগের ভিত্তিতে বিভাগীয় তদন্ত শুরু করেছে জেলা পুলিশ।

# যুব সমাজের আত্মবিশ্বাসই ভারতের সবচেয়ে বড় সম্পদ : প্রধানমন্ত্রী

মস্কো, ৯ জুলাই (হি.স.): যুব সমাজের আত্মবিশ্বাসই ভারতের সবচেয়ে বড় সম্পদ। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাশিয়ার রাজধানী মস্কোতে প্রবাসী ভারতীয়দের সম্বোধন করে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, '২০১৪ সালের আগে আমরা হতাশার অতলে তলিয়ে গিয়েছিলাম। এখন দেশ আত্মবিশ্বাসে ভরপুর এবং এটাই ভারতের সবচেয়ে বড় সম্পদ। আপনারাও নিশ্চয়ই সাম্প্রতিক টি-টোয়েন্টি বিশ্বকাপে জয় উদযাপন করেছেন...বিশ্বকাপ জয়ের আসল গল্পটিও জয়ের যাত্রা। ভারতের এখনকার যুবক সমাজ শেষ বল ও শেষ মুহূর্ত পর্যন্ত হার মানে না।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'প্যারিস অলিম্পিকে দুর্দান্ত দল পাঠাচ্ছে ভারত। আপনারাও দেখতে পাবেন কিভাবে পুরো দল এবং ক্রীড়াবিদরা নিজেদের শক্তি প্রদর্শন করবে। তরুণদের এই আত্মবিশ্বাসই ভারতের আসল পুঁজি এবং এই যুবশক্তিই একবিংশ শতাব্দীতে ভারতকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার সবচেয়ে বড় সম্ভাবনা দেখায়...নির্বাচনের সময় আমি বলতাম, ভারতে গত ১০ বছরে যে উন্নয়ন হয়েছে তা শুধুমাত্র একটি ট্রেলার, আগামী ১০ বছরে আমরা আরও দ্রুত বিকশিত হতে চলেছি। সেমিকন্ডাক্টর থেকে ইলেকট্রনিক ম্যানুফ্যাকচারিং পর্যন্ত, সবুজ হাইড্রোজেন থেকে বৈদ্যুতিক যান এবং বিশ্বমানের পরিকাঠামো, ভারতের নতুন গতি বিশ্ব উন্নয়নের একটি নতুন অধ্যায় লিখবে...বিশ্বের দারিদ্র্য থেকে জলবায়ু পরিবর্তন, প্রতিটি পরিস্থিতিকে চ্যালেঞ্জ করার ক্ষেত্রে ভারত এগিয়ে থাকবে।'

# বৈশ্বিক সমৃদ্ধিতে নতুন শক্তি দিতে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে ভারত ও রাশিয়া : প্রধানমন্ত্রী

মস্কো, ৯ জুলাই (হি.স.): বৈশ্বিক সমৃদ্ধিতে নতুন শক্তি দিতে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে ভারত ও রাশিয়া। মস্কোয় প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে এই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, এখানে উপস্থিত আপনারা সবাই ভারত ও রাশিয়ার সম্পর্ককে নতুন উচ্চতা দিচ্ছেন। আপনারা কঠোর পরিশ্রম এবং সততা দিয়ে রাশিয়ান সমাজে অবদান রেখেছেন। রাশিয়া শব্দটি শুনলেই প্রতিটি ভারতীয়র মনে প্রথম যে শব্দটি আসে তা হল ভারতের সুখ-দুঃখের অংশীদার, ভারতের বিশ্বস্ত বন্ধু, আমরা একে বলি ''দোস্তি''... শীতের মরসুমে তাপমাত্রা যতই মাইনাসে নেমে যাক না কেন। রাশিয়ায় কিন্তু ভারত-রাশিয়ার বন্ধুত্ব সবসময় প্লাস-এ ছিল, তা সবসময়ই উষ্ণ। এই সম্পর্কটি পারস্পরিক বিশ্বাস এবং পারস্পরিক শ্রদ্ধার মজবুত ভিত্তির উপর নির্মিত।' মঙ্গলবার প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আমাদের সম্পর্কের শক্তি বহুবার পরীক্ষিত হয়েছে এবং প্রতিবারই আমাদের বন্ধুত্ব আরও শক্তিশালী হয়েছে। আমি বিশেষ করে আমার প্রিয় বন্ধু প্রেসিডেন্ট পুতিনের নেতৃত্বের প্রশংসা করতে চাই। তিনি দুই দশকেরও বেশি সময় ধরে এই অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য দুর্দান্ত কাজ করেছেন। গত ১০ বছরে আমি ষষ্ঠবার রাশিয়ায় এসেছি এবং এই সময়ে আমরা ১৭-বার একে অপরের সঙ্গে দেখা করেছি। এই সব সাক্ষাৎ আস্থা এবং সম্মান বৃদ্ধি করেছে। আমাদের শিক্ষার্থীরা যখন সংঘর্ষে আটকে গিয়েছিল, তখন রাষ্ট্রপতি পুতিন তাঁদের ভারতে ফিরিয়ে আনতে আমাদের সাহায্য করেছিলেন। আমি আবারও রাশিয়ার জনগণ এবং আমার বন্ধু রাষ্ট্রপতি পুতিনকে ধন্যবাদ জানাই।'

# মাটি ধসে যাওয়ার আশঙ্কা, টয়ট্রেন বাতিলের সময়সীমা বাড়লো

শিলিগুড়ি, ৯ জুলাই (হি. স.): রাস্তার অবস্থা খুবই খারাপ, যে কোনও সময় ধসে যেতে পারে লাইনের নীচের মাটি। তাই সোমবার থেকে চালু হওয়ার কথা থাকলেও, দার্জিলিং টয়ট্রেন পরিষেবা শুরু করতে পারেনি দার্জিলিং হিমালয়ান রেলওয়ে। মঙ্গলবার রেল সূত্রে জানা গেছে, টয়ট্রেন পরিষেবা ১১ তারিখ পর্যন্ত বন্ধ রাখা হচ্ছে। পাহাড়ে বৃষ্টি বাড়লে যেকোনও সময় ধস নেমে আরও বেশকিছু জায়গায় লাইন ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা রেলকর্তাদের। তাই আদৌ ১১ তারিখের পর থেকেও পুনরায় টয়ট্রেন চলাচল সম্ভব হবে কি না, সেব্যাপারে সন্দিহান খোদ রেলকর্তারা। তবে দার্জিলিং থেকে ঘুম পর্যন্ত জয় রাইড পরিষেবা চালু রাখা হয়েছে।

# কাজান ও ইয়েকাটেরিনবার্গে নতুন কনস্যুলেট খোলার সিদ্ধান্ত, মস্কোয় বললেন প্রধানমন্ত্রী

মস্কো, ৯ জুলাই (হি.স.): রাশিয়ার রাজধানী মস্কোয় প্রবাসী ভারতীয়দের সঙ্গে আলাপচারিতার সময় সুখবর দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, কাজান ও ইয়েকাটেরিনবার্গে নতুন কনস্যুলেট খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মঙ্গলবার মস্কোয় প্রবাসী ভারতীয়দের সঙ্গে মিলিত হন প্রধানমন্ত্রী মোদী। তিনি ভারত ও রাশিয়ার মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা তুলে ধরেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আমি আপনাদের সবার সঙ্গে কিছু ভাল খবর ভাগ করে নিতে চাই। আমরা কাজান এবং ইয়েকাটেরিনবার্গে নতুন কনস্যুলেট খোলার সিদ্ধান্ত নিয়েছি। এটি ভ্রমণ এবং ব্যবসায়িক বাণিজ্যকে বাড়িয়ে তুলবে।'

# কেন্দ্রীয় মন্ত্রী

● প্রথম পাতার পর

প্রতিমন্ত্রীকে স্বাগত জানিয়ে বলেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশিত পথে রাজ্য সরকার পর্যটন শিল্পের বিকাশে কাজ করছে। পর্যটন দপ্তরের অধিকর্তা তথা পর্যটন উন্নয়ন নিগমের এমডি প্রশান্ত বাদল নেগি পর্যটন দপ্তরের কাজকর্ম বিস্তারিতভাবে তুলে ধরেন।

তিনি জানান, রাজ্যে পর্যটকদের আগমনের সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২৪ সালে রাজ্যে ৫ লক্ষ ৪৫ হাজার ২৯৯ জন পর্যটক এসেছিলেন। এরমধ্যে ৪ লক্ষ ৬৯ হাজার ৩২৮ জন দেশি এবং ৭৫ হাজার ৯৭১ জন হচ্ছেন বিদেশি পর্যটক ছিলেন। ২০২২-২৩ সালে রাজ্যে আসা পর্যটকদের সংখ্যা ছিল ২ লক্ষ ৮৪ হাজার ৮৩৬ জন। এরমধ্যে দেশি পর্যটক ছিলেন ২ লক্ষ ৪৯ হাজার ৭১২ জন ও বিদেশি পর্যটক ছিলেন ৩৫ হাজার ১২৪ জন। চলতি বছর ৭ লক্ষের মতো পর্যটক রাজ্যে আসবেন বলে আশা করা হচ্ছে।

পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা আগরতলা থেকে আইজল, শিলং, ডিব্রুগড় রুটে পুনরায় বিমান চালানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কেন্দ্রীয় পর্যটন প্রতিমন্ত্রী শ্রী গোপীর কাছে দাবি জানিয়েছেন। বৈঠকে আগরতলা পুরনিগমের অতিরিক্ত পুরকমিশনার মহম্মদ সাজ্জাদ পি এবং পর্যটন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তিনদিনের রাজ্য সফরে কেন্দ্রীয় পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ও পর্যটন প্রতিমন্ত্রী আজ দুপুরে রাজ্যে এসে পৌঁছেছেন। দুপুরে এমবিবি বিমানবন্দরে তাকে স্বাগত জানান পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি। সরকারি অতিথিশালায় পর্যটন নিয়ে পর্যালোচনা সভার পর কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আগরতলা-আখাউড়া চেকপোস্ট পরিদর্শন করেন। সন্ধ্যায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আগরতলার ওএনজিসির প্রধান কার্যালয়ে ওএনজিসি ও ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেডের আধিকারিকদের সাথে এক বৈঠকে মিলিত হন।

# মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

উন্নয়নের কোন ধর্ম হয়না। এই ভাবনা থেকেই বর্তমান রাজ্য সরকার জাতি-ধর্ম নির্বিশেষে সকলের সার্বিক উন্নয়নে কাজ করে চলছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র সবকা সাথ ,সবকা বিকাশ , বিশ্বাস ও সবকা প্রয়াসের স্লোগান আক্ষরিক অর্থেই বর্তমান রাজ্য সরকার পালন করছে। আজ সিপাহীজলা জেলার জম্পুইজলা মহকুমায় ৩ টি সরকারি প্রকল্পের উদ্বোধন করে একথা বলেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। প্রথমেই মুখ্যমন্ত্রী জম্পুইজলার গোলাঘাটি এলাকার দয়ারামপাড়ায় উদ্বোধন করেন দয়ারামপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নবনির্মিত ভবনের। এরপর মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হয় টাকারজালা সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের নুতন ভবন। সর্বশেষ মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হয় সুধন্য দেববর্মা এইচ.এস স্কুল সংলগ্ন সিনথেটিক ফুটবল টার্ফের। এই ৩ প্রকল্পের একযোগে উদ্বোধনী অনুষ্ঠান হয় জম্পুইজলা সুধন্য দেববর্মা এইচ.এস স্কুল মাঠে। সেখানে মুখ্যমন্ত্রী ভাষণ রাখতে গিয়ে আরো বলেন ঞ্জঞ্চ এলাকার উন্নয়নে প্রায় ১৪০০ কোটি টাকা বিশ্ব ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে রাজ্য সরকার। তা দিয়ে উল্লেখিত এলাকার রাস্তাঘাট থেকে বিভিন্ন উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার উন্নয়নের নিরিখেই জাতি-জনজাতির ঐক্য আরো সুদৃঢ় করতে চায়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় , সিপাহীজলা জেলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত ,বিধায়ক মানব দেববর্মা , বিধায়ক বিশ্বজিৎ কলই ,জম্পুইজলা ব্লকের ঋঞ্জ্ঞ চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা , সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল সহ স্বাস্থ্য ও ক্রীড়া দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা।

# সিদ্ধান্ত

● প্রথম পাতার পর


সমাধান না হয় তাহলে তারা ভোট বয়কট করবে। এখন দেখার বিষয় হল প্রশাসন কি ভূমিকা গ্রহণ করে সেদিকেই তাকিয়ে রয়েছে সবাই।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# মস্কোয় প্রবাসী ভারতীয়দের সঙ্গে দেখা মোদীর, অংশ নিলেন পুতিনের মধ্যাহ্নভোজে

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): রাশিয়া সফরে গিয়ে প্রবাসী ভারতীয়দের সঙ্গে দেখা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি অংশ নেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যাহ্নভোজে। প্রধানমন্ত্রী মোদী তাঁর এক্স হ্যান্ডেলে বেশ কিছু ছবি আপলোড করে জানিয়েছেন, 'মস্কোতে স্মরণীয় স্বাগত! আমি ভারতীয় সম্প্রদায়কে তাঁদের স্নেহের জন্য ধন্যবাদ জানাই।' প্রবাসী ভারতীয় সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে দেখা করার পরে প্রেসিডেন্ট পুতিনের প্রাসাদে মধ্যাহ্নভোজের আমন্ত্রণ রক্ষা করতে যান প্রধানমন্ত্রী। দু'জনের মধ্যে একান্তে কিছুক্ষণ আলোচনাও হয়। সেখান থেকে মোদী ভিডিএনকেএইচ কমপ্লেক্স এবং রোসাটম প্যাভিলিয়নের একটি প্রদর্শনী কেন্দ্রও পরিদর্শন করেন। প্রসঙ্গত, গত এক দশকে এটি ছিল মোদী এবং পুতিনের ১৭তম বৈঠক। যদিও ২০১৫ সালের পর এই প্রথম আবার মস্কোয় গেলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী মোদী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, 'নভো-ওগারিওভোতে আমাকে আপ্যায়ন করার জন্য রাষ্ট্রপতি পুতিনের প্রতি কৃতজ্ঞ।'

# নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম উর্ধ্বমুখী, মূল্যবৃদ্ধিতে জেরবার মধ্যবিত্ত

কলকাতা, ৯ জুলাই (হি.স.): নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দামবৃদ্ধি নিয়ে জেরবার আম জনতা। সব্জির বাজারে কার্যত ছ্যাঁকা দিচ্ছে টমেটো, ফুলকপি, আদা, রসুন প্রভৃতির দাম। বেশ দাম বেড়েছে আলু ও পেঁয়াজেরও। অস্বাভাবিক এই মূল্যবৃদ্ধিতে জেরবার মধ্যবিত্ত। মঙ্গলবার কলকাতার বিভিন্ন বাজারে বেগুন বিক্রি হয়েছে ১০০ টাকা কেজি দরে, টমেটো ৮০ টাকা। নিত্যপ্রয়োজনীয় সামগ্রী-সহ সব্জির দাম এতটাই বেশি যে, ক্রমশ মধ্যবিত্তের নাগালের বাইরে চলে যাচ্ছে। সামান্য সব্জি কিনতেই পকেট ফাঁকা। উচ্ছে বিক্রি হচ্ছে ৮০-১০০ টাকা কেজি দরে, ঢেঁড়শ ৮০, পটল ৫০, পেঁপে ৫০ টাকা কেজি। চন্দ্রমুখী আলু ৪০-৪৫ টাকা। মূল্যবৃদ্ধি নিয়ে ইতিমধ্যেই উষ্মা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

# গাড়ি ও অটোর সংঘর্ষে বেগুসরাইয়ে মৃত ৬ প্রাণে বাঁচলেন ৩ জন

বেগুসরাই, ৯ জুলাই (হি.স.): বিহারের বেগুসরাই জেলায় গাড়ি ও অটোর সংঘর্ষে প্রাণ হারালেন কমপক্ষে ৬ জন। ভয়াবহ এই দুর্ঘটনায় প্রাণে বেঁচে গিয়েছেন ৩ জন। তাঁদের আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। মঙ্গলবার ভোরে দুর্ঘটনাটি ঘটেছে চার-লেনের ৩১ নম্বর জাতীয় সড়কের ওপর রতন চকের কাছে। পুলিশ জানিয়েছে, সিমারিয়া থেকে জেরোমিলের দিকে যাচ্ছিল অটোটি, রতন চকের কাছে একটি গাড়ির সঙ্গে ওই অটোর সংঘর্ষ হয়। সংঘর্ষ এতটাই জোরালো ছিল যে গাড়িটি ও অটোটি ভেঙে দুমড়ে মুচড়ে যায়। এই দুর্ঘটনায় মোট ৬ জনের মৃত্যু হয়েছে ও ৩ জন আহত হয়েছেন।

# পাউরিতে ছাত্রীদের সঙ্গে দেখা মুখ্যমন্ত্রী ধামির খুদেকে দিলেন অটোগ্রাফ

দেহরাদূন, ৯ জুলাই (হি.স.): প্রাতঃভ্রমণে বেরিয়ে স্কুল ছাত্রীদের সঙ্গে কথা বললেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। এক খুদেকে দিলেন অটোগ্রাফ, কথাও বললেন সাধারণ মানুষের সঙ্গে। প্রায়ই নানা ধরনের জনসংযোগ করতে দেখা যায় উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামিকে। অন্যথা হল না মঙ্গলবারও। মঙ্গলবার সকালে পাউরি সার্কিট হাউস ক্যাম্পাসে চারাগাছ রোপণ করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। পরে পাউরি গাড়ওয়ালে প্রাতঃভ্রমণের সময় স্কুলমুখী ছাত্রীদের সঙ্গে কথোপকথন করতে দেখা যায় উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রীকে। মন দিয়ে শোনেন তাঁদের কথা। উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা জানান। এদিন সকালে শিবম নামে এক খুদেকে নিজের অটোগ্রাফ দিয়েছেন মুখ্যমন্ত্রী ধামি।

# বারুইপুরে খালপাড়ে উদ্ধার মহিলার পচাগলা দেহ, ছড়ালো চাঞ্চল্য

বারুইপুর, ৯ জুলাই (হি.স.): দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থানা এলাকার বেগমপুরে খালপাড়ে জঙ্গলের মধ্যে এক মহিলার পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো। মঙ্গলবার সকালে দেহ দেখতে পান এলাকার বাসিন্দারা। তারাই বারুইপুর থানায় খবর দেন। পুলিশ এসে দেহটি উদ্ধার করে। কীভাবে মৃত্যু হল ওই মহিলার, তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সকালে এলাকার বাসিন্দারা কাজে যাচ্ছিলেন। তারাই খালের পাশের জঙ্গল থেকে পচা গন্ধ পান। সঙ্গে সঙ্গেই তারা স্থানীয় পঞ্চায়েত সদস্যাকে বিষয়টি জানান। বাইরে থেকে নিয়ে এসে এই নির্জন এলাকায় দেহ ফেলে দেওয়া হয়েছে বলে অভিযোগ। দেহের বেশীরভাগ অংশ পচে যাওয়ায়, তা শনাক্তকরণেও সমস্যা হচ্ছে।

# ক্যানিংয়ে স্কুল ছাত্রীকে ভুল বুঝিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা, তদন্তে পুলিশ

ক্যানিং, ৯ জুলাই (হি.স.): স্কুল ছাত্রীকে ভুল বুঝিয়ে নিয়ে যাওয়ার চেষ্টার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। দক্ষিণ ২৪ পরগনার ক্যানিংয়ের ঘটনা। সোমবার দুপুরে ক্যানিং দ্বারিকানাথ বালিকা বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির এক ছাত্রী বাড়ি ফিরছিল। একাই ছিল সে। ক্যানিংয়ের দিঘিরপাড় গ্রাম পঞ্চায়েতের কাঠপোল এলাকায় আচমকা তার রাস্তা আটকে দাঁড়ায় এক অপরিচিত যুবক। তার পরই ওই নাবালিকাকে বাড়ি পৌঁছে দেবে বলে সে জোরাজুরি করতে থাকে। প্রথমে বাইকে উঠতে অস্বীকার করে ওই নাবালিকা, তবে পরে মন বদলে বাইকে উঠতে যায়। সে সময় স্থানীয়েরা তাকে বাধা দেয়। পুলিশ সূত্রে খবর, অভিযুক্ত যুবকের বাড়ি নামখানা ব্লকের মন্মথনগর গ্রামে। নাম তাপস মাপা। ওই নাবালিকাকে রাস্তার মধ্যে নিজের বাইকে তোলার চেষ্টা করায় সন্দেহ হয় স্থানীয়দের। তাঁরা কারণ জিজ্ঞাসা করলে ওই যুবক সঠিক উত্তর দিতে পারেননি বলে দাবি স্থানীয়দের। আর তার পরই তাঁকে বাইক থেকে নামিয়ে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। যদিও অভিযুক্ত যুবকের দাবি, নাবালিকাই তাঁর কাছে সাহায্য চেয়েছিল, বাইকে কিছুটা এগিয়ে দিতে বলেছিল। সেটা করতে গিয়েই তিনি আক্রান্ত হয়েছেন। এই ঘটনায় সোমবার রাতে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করেন নাবালিকার বাবা। ক্যানিংয়ের এসডিপিও রামকুমার মণ্ডল বলেন, "একটা অভিযোগ দায়ের হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য আমরা এক যুবককে আটক করেছি। তদন্ত চলছে।'

# প্রথমবার সানরাইজ আড্ডা ত্রিপুরায়

**আগরতলা, ৯ জুলাই।।** দেশের অন্যতম জনপ্রিয় ব্র্যান্ড, সানরাইজার, তাদের নতুন উদ্ভাবনী উদ্যোগ "সানরাইজার আড্ডা" নিয়ে ত্রিপুরায় হাজির হয়েছে। এটি একটি ব্যতিক্রমী অনুষ্ঠান যেখানে সানরাইজারের ভক্ত এবং গ্রাহকরা একত্রিত হয়ে এক আনন্দঘন সময় কাটাতে পারবেন।

এই আড্ডার মূল উদ্দেশ্য হল সানরাইজ এর পণ্যসমূহের সাথে আরও নিবিড়ভাবে গ্রাহকদের পরিচিত করা এবং তাদের মতামত ও পরামর্শ গ্রহণ করা। অনুষ্ঠানে থাকবে সানরাইজারের দ্বারা আয়োজিত বিভিন্ন ধরনের খেলাধুলার পাশাপাশি রয়েছে শাহী গরম মশলা দিয়ে বানানো সুস্বাদু ঘুগনি খাওয়া, আড্ডা এবং আকর্ষণীয় পুরস্কার জেতার সুযোগ। সানরাইজ আড্ডায় বিভিন্ন ধরনের খেলাধুলার পাশাপাশি আকর্ষণীয় গিফট হ্যাম্পারও রয়েছে, যা উপস্থিত সকলকে আনন্দিত করছে।

ত্রিপুরা রাজ্যে প্রথমবারের মতো সানরাইজ এক অভিনব আড্ডার আয়োজন করেছে, যা ২৪ জুন থেকে শুরু হয়েছে। এই আড্ডা শহরের পাশাপাশি রাজ্যের ৩০টি স্থানে অনুষ্ঠিত হয়েছে। সানরাইজ আড্ডা থেকে উঠে এসেছে বেশ কিছু মানুষের স্বাবলম্বী হয়ে ওঠার এবং তাঁদের সাফল্যের কাহিনী। পাড়া তেল কাজলা গ্রাম পঞ্চায়েতথেকে উঠে এসেছে উমা দেবনাথর সাফল্যের কাহিনী। ওমা দেবনাথ জানান, তিনি ছোটবেলায় খেলাধুলা তিনি ভালবাসতেন, এবং সব সময় খেলাধুলায় তিনি বিজয়ী হতেন আজও তাই মিউজিক্যাল চেয়ার খেলায় উমা দেবনাথ প্রথম স্থান অধিকার করে ।উমা দেবনাথ সানরাইজ আড্ডার প্রশংসা করেন এবং প্রত্যেক বছর এই আড্ডা বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হওয়ার অনুরোধ জানান। ওমা দেবনাথ জানান প্রথম সানরাইজ মসলার নাম শুনেছেন এবং প্রথম সানরাইজ মসলা দিয়ে রান্না করবেন ।ইতিমধ্যেই আমরা বেশ কিছু পাড়ায় সানরাইজ আড্ডার অভিনব আয়োজন করেছি, এবং মানুষের কাছ থেকে খুব ভালো সাড়া পেয়েছে। ত্রিপুরার জনগণকে এই আড্ডায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক আমন্ত্রণ জানানো হচ্ছে।

সানরাইজারের পক্ষ থেকে জানানো হয়েছে, 'আমাদের লক্ষ্য হল সানরাইজার আড্ডার মাধ্যমে আমাদের গ্রাহকদের সাথে আরও ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করা এবং তাদের প্রয়োজন ও প্রত্যাশা সম্পর্কে আরও ভালভাবে জানা। ত্রিপুরার মানুষের উষ্ণ অভ্যর্থনা এবং ভালোবাসায় আমরা মুগ্ধ। আমরা বিশ্বাস করি, এই আড্ডা ত্রিপুরার মানুষের সাথে আমাদের বন্ধন আরও মজবুত করবে।'আসুন, সানরাইজার আড্ডায় মেতে উঠি এবং একসাথে উপভোগ করি সানরাইজারের অমূল্য মুহূর্তগুলো।

# রতন লাল

● প্রথম পাতার পর

এনেছেন রতন লাল নাথ। উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যের বিদ্যুৎ মন্ত্রীদের এই সম্মেলনে ত্রিপুরা ছাড়াও মিজোরাম, মনিপুর, অসম ,মেঘালয় এবং নাগাল্যান্ডের বিদ্যুৎ মন্ত্রীদের পাশাপাশি কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের আধিকারিক, বিভিন্ন পিএসইউ এর আধিকারিক এবং ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ওএনজিসি এর ত্রিপুরার ক্ষেত্রগুলি থেকে গ্যাস সরবরাহের বিশাল ঘাটতি এ রাজ্যের বিদ্যুৎ উৎপাদন কে বেশ সমস্যায় ফেলে দিয়েছে। গ্যাসের অপ্রতুলতায় রাজ্যের বিদ্যুৎ উৎপাদন যখন বিঘ্নিত হচ্ছে , তখন অতিরিক্ত অর্থের বিনিময়ে বিদ্যুতের খোলা বাজার থেকে ক্রয় রাজ্যে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখতে হচ্ছে। রাজ্য বিশেষ করে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড এক্ষেত্রে বিশাল ক্ষতির মুখোমুখি হচ্ছে। পাশাপাশি রাজ্যে বিদ্যুৎ উৎপাদন খরচ যেভাবে বাড়ছে, তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেছেন মন্ত্রী।

তিনি বলেন, এখন সাশ্রয়ী মূল্যের বিদ্যুতের হার টিকিয়ে রাখাই কষ্টসাধ্য হয়ে পড়েছে। অথচ রাজ্যের জনগণের কথা মাথায় রেখে এটা রাখাও জরুরী। কিন্তু এপিএম ব্যবস্থার অধীনে গ্যাসের মূল্য যেভাবে বাড়ছে, তা পুনর্বিবেচনার জন্য কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সহযোগিতা চেয়ে এক্ষেত্রে কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীর সহৃদয় দৃষ্টি প্রদানের অনুরোধ জানিয়েছেন তিনি। এরপরেও ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড বিদ্যুৎ খাতে স্থিতিশীল উন্নয়ন এবং টেকসই পরিষেবা প্রদানে সমর্থ হবে বলে আশা প্রকাশ করে তিনি এ ক্ষেত্রে কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহরলাল খট্টরের সার্বিক সহযোগিতা চেয়েছেন।

সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, এই মুহূর্তে ত্রিপুরায় বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ৩৬০ মেগাওয়াট। প্রতিদিন বাংলাদেশে ৯০ মেগাওয়াট থেকে ১৬০ মেগাওয়াট পর্যন্ত বিদ্যুৎ রপ্তানি হচ্ছে। এরাজ্যের ভৌগোলিক এবং আর্থিক সীমাবদ্ধতা উল্লেখ করে মন্ত্রী এদিন রাজ্যের বিদ্যুৎ পরিকাঠামো ক্ষেত্রে ব্যাপক উন্নয়নের জন্য কেন্দ্র সরকার এবং বিদেশি সংস্থার অর্থ সাহায্যের নির্ভরতার কথাও জানিয়েছেন। তিনি জানান , সাম্প্রতিক বছরগুলিতে ত্রিপুরা বিদ্যুৎক্ষেত্রে ২২৭৫ কোটি টাকা আর্থিক সহায়তা পেয়েছে। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাপনাকে আরো বেশি শক্তিশালী করতে এবং বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের গুণগতমান বৃদ্ধিতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সঙ্গে চুক্তি সাধিত হয়েছে।

আরডিএসএস প্রকল্প এবং পিএম জনমন প্রকল্পে কর্মদক্ষতা বৃদ্ধি সহ রাজ্যের দুর্বলতর জনজাতি গোষ্ঠীগুলির মধ্যে বিদ্যুৎ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই দীনদয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনা, সৌভাগ্য এবং আইপিডিএস এর মত জাতীয় প্রকল্প গুলো বাস্তবায়নের মাধ্যমে ১০০ বিদ্যুতায়নের সফলতা অর্জিত হয়েছে।

রাজ্যের বিদ্যুৎ ক্ষেত্রকে আরো বেশি শক্তিশালী করতে উত্তর-পূর্ব আঞ্চলিক পাওয়ার সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রজেক্ট এর উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। পুনর্নবীকরণ শক্তির দিকে তাকিয়ে ত্রিপুরা পিএম ডিভাইন এবং পিএম কুসুম প্রকল্প গুলোর অধীনে সৌর বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে এগিয়ে চলেছে। যার মধ্যে উল্লেখযোগ্য হলো মাইক্রোগ্রিড সোলার পাওয়ার প্লান্ট এবং সোলার স্ট্রিট লাইটিং সিস্টেম।

এমনকি সরকারি ভবনগুলোর ছাদের উপরে সোলার প্যানেল বসিয়ে বিদ্যুৎ সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যের গোটা বিদ্যুৎ ব্যবস্থাপনায় এক আমূল পরিবর্তন নিয়ে আসার কথা জানিয়ে বিদ্যুৎ মন্ত্রী বলেছেন, এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সক্রিয় সহযোগিতা প্রয়োজন।

তিনি আশা প্রকাশ করেন , দেশের বর্তমান বিদ্যুৎ মন্ত্রী মনোহরলাল খট্টরের মত জনদরদী মন্ত্রী নিশ্চিতভাবেই এ রাজ্যের মানুষের নিরন্তর বিদ্যুৎ পরিষেবা পাবার ক্ষেত্রে এক বলিষ্ঠ ভূমিকা রাখবেন।

গুয়াহাটির অভিজাত এক হোটেলে আয়োজিত কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীদের এই সম্মেলনে উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী সহ আধিকারিকরা অংশ নিয়েছেন। এ অনুষ্ঠানে রাজ্যের বিদ্যুৎ সচিব অভিষেক সিং, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু, জিএম, টিপিটিএল রঞ্জন দেববর্মা সমেত অন্যান্য আধিকারিকরাও অংশ নিয়েছেন।

# অসামরিক সম্মান

● প্রথম পাতার পর

ভিয়েনাতে বেশ কিছু কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রী মোদীর। সেখানে তিনি প্রবাসী ভারতীয়দের সঙ্গেও মিলিত হবেন। দীর্ঘ অনেক বছর পর এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী অস্ট্রিয়া সফরে যাচ্ছেন।

মস্কোয় দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। দুই দেশের মধ্যে সুসম্পর্ক আরও বৃদ্ধি-সহ নানা বিষয়ে তাঁদের মধ্যে চর্চা হয়েছে। প্রধানমন্ত্রী মোদী রুশ রাষ্ট্রপতি পুতিনকে বলেন, 'সম্ভবত এটি এমন একটি বৈঠক যে সমগ্র বিশ্বের মনোযোগ আমার এই সফরের দিকে। সমগ্র বিশ্ব এই সফরের বিভিন্ন অর্থ আঁকছে...গতকাল, আপনি আমাকে আমন্ত্রণ জানিয়েছিলেন। আপনার বাসস্থান এবং একজন সত্যিকারের বন্ধুর মতো আমরা ৪-৫ ঘন্টা একসাথে কাটিয়েছি, আমি খুশি যে আমরা ইউক্রেনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি এবং আমরা একে অপরের মতামত শোনার এবং বোঝার চেষ্টা করেছি।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেন, 'বিশ্বের সামনে জ্বালানির বড় চ্যালেঞ্জ ছিল। এই রকম সময়ে আপনাদের সহযোগিতায় আমরা সাধারণ মানুষকে পেট্রোল-ডিজেল সংক্রান্ত অসুবিধা থেকে বাঁচাতে পেরেছি। শুধু তাই নয়, বিশ্বকে মেনে নিতে হবে যে ভারত ও রাশিয়ার মধ্যে জ্বালানি সংক্রান্ত চুক্তি পরোক্ষভাবে বিশ্বের বাজারে স্থিতিশীলতা এনে দিয়েছে।' প্রধানমন্ত্রী মোদী জোর দিয়ে বলেছেন, 'শান্তি পুনরুদ্ধারের জন্য, ভারত সব উপায়ে সহযোগিতা করতে প্রস্তুত...আমি আপনাকে এবং বিশ্ব সম্প্রদায়কে আশ্বস্ত করছি যে ভারত শান্তির পক্ষে। গতকাল শান্তির বিষয়ে আমার বন্ধু পুতিনের কথা শুনে মনে আশা জেগেছে। আমি আমার মিডিয়া বন্ধুদের বলতে চাই - সম্ভব।'

# গ্রেপ্তার ২

● প্রথম পাতার পর

পূর্ব আগরতলা থানায় মামলা দায়ের করেন। সেই মামলার পরিপ্রেক্ষিতে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের মঙ্গলবার আদালতে সোপর্দ করে পুলিশ। তাদের বিরুদ্ধে কঠোর আইনে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুলিশ জানিয়েছে।

# কাঠুয়ায় পাঁচ জওয়ানের বলিদানে ব্যথিত রাষ্ট্রপতি, আহতদের আরোগ্য কামনায় প্রার্থনা

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলায় পাঁচজন জওয়ানের বলিদান ব্যথিত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি মঙ্গলবার এক বার্তায় দুঃখপ্রকাশ করে জানিয়েছেন, 'জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলায় সেনা জওয়ানদের কনভয়ে সন্ত্রাসী হামলা একটি কাপুরুষোচিত কাজ, যা তীব্র নিন্দা ও দৃঢ় পাল্টা ব্যবস্থার দাবি রাখে। আমার সহানুভূতি সেই সাহসীদের পরিবারের পাশে, যারা সন্ত্রাসের বিরুদ্ধে চলমান লড়াইয়ে নিজেদের জীবন উৎসর্গ করেছেন। আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।" জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলার বিল্লাওয়ার অঞ্চলে সেনাবাহিনীর গাড়িতে জঙ্গি হামলায় পাঁচ জওয়ান শহীদ হয়েছেন। আহত আরও ৮ জন। তাদের বিলাওয়ার স্বাস্থ্যকেন্দ্র থেকে পাঠানকোটের সেনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জানা গেছে, মাচেদি এলাকায় সোমবার বিকেলে রুটিন মাফিক টহল দেওয়ার সময় পাহাড়ের ওপর থেকে সেনার গাড়ি লক্ষ্য করে সন্ত্রাসবাদীরা গুলিবর্ষণ শুরু করে। ছোঁড়া হয় গ্রেনেড। ঘটনাস্থলেই চার জওয়ান প্রাণ হারান। পরে হাসপাতালে আরও একজনের মৃত্যু হয়। সেনার পক্ষ থেকে পালটা গুলি চালনা শুরু হলে জঙ্গিরা কাছের জঙ্গলের মধ্যে লুকিয়ে পড়ে। হামলাকারীদের খোঁজে শুরু হয় তল্লাশি অভিযান। বিল্লাওয়ারের অতিরিক্ত জেলা প্রশাসক, বিনয় খোসলা বলেছেন, 'গতকাল একটি দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছিল, সেই হামলায় ৫ জন সেনা জওয়ান মারা যান। এর জন্য দায়ী সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। ৮ জন আহত সৈন্যকে বিল্লাওয়ার হাসপাতালে আনা হয়েছে।'

# কিছু রাজ্যে কমলো পেট্রোলের দাম

নয়াদিল্লি, ৯ জুলাই (হি. স.): মঙ্গলবার কিছু রাজ্যে জ্বালানি তেলের দাম কমলো, কিছু রাজ্যে দাম একই রয়েছে। জানা গেছে, বিহার, ছত্তিশগড়, হরিয়ানা, হিমাচল প্রদেশ, গুজরাট, মহারাষ্ট্রে পেট্রোলের দাম কমেছে। তবে মেট্রো শহরগুলোয় এদিন পেট্রোল-ডিজেলের দাম অপরিবর্তিতই আছে। মঙ্গলবার দিল্লিতে পেট্রোলের দাম লিটার প্রতি ৯৪.৭২ টাকা এবং ডিজেল লিটার প্রতি দাম ৮৭.৬২ টাকা। কলকাতায় পেট্রোল ও ডিজেলের লিটার প্রতি দাম যথাক্রমে ১০৪.৯৫ টাকা এবং ৯১.৭৬ টাকা। চেন্নাইয়ে পেট্রোলের লিটার প্রতি দাম ১০০.৭৫ টাকা এবং ডিজেলের লিটার প্রতি দাম ৯২.৩৪ টাকা। আর মুম্বইয়ে পেট্রোলের দাম লিটার প্রতি ১০৩.৪৪ টাকা এবং ডিজেলের দাম লিটার প্রতি ৮৯.৯৭ টাকা।

# কিশোরের

● প্রথম পাতার পর

ঘটনার বিবরণে প্রকাশ, গত শনিবার পহরমুড়া বাজার এলাকার ওয়েল্ডিং হাউজের মালিক চন্দন ভৌমিক ওই কিশোরকে অপমানিত করে। অপমানিত হয়ে হঠাৎই পরিবারের সবার অলক্ষে বিষপান করে শান্তনু দাস নামে একাদশ শ্রেণীতে পড়ুয়া ঐ ছাত্র আত্মহত্যা করে বলে অভিযোগ পরিবারের।

পরবর্তীতে পরিবারের লোকজন দেখতে পেয়ে তাকে সাথে সাথে নিয়ে যায় খোয়াই জেলা হাসপাতালে। কর্তব্যরত চিকিৎসক তার অবস্থা বেগতিক দেখে আগরতলা জিবি হাসপাতালের রেফার করে দেয়। কিন্তু শেষ রক্ষা হলো না। তার নিথর দেহ আসলো সমতল পদ্মবিল এলাকায় তার নিজ বাড়িতে। কান্নায় ভেঙে পড়ে তার পরিবারের মা, বাবা, ছোট ভাই সহ আত্মীয়স্বজন এবং পাড়া-প্রতিবেশীরা। গোটা ঘটনায় শোকের ছায়া নেমে আসল এলাকায়।

ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। খোয়াই থানার পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

# অফিস

● প্রথম পাতার পর

হেলদোল। সবচেয়ে বড় গুরুত্বপূর্ণ সমস্যার মধ্যে একটা হচ্ছে বক্সনগর অফিসে নাইট শিফট নেই। যার কারণে রাত্র আটটার পর বিদ্যুৎ চলে গেলে বা কোন কিছু সমস্যা হলে সেই বিদ্যুৎ সমস্যা নিরসনে পরদিন সকাল দশটার পর, ছাড়া কর্তৃপক্ষ কোন কাজই করতে পারে না কর্মী সংকুলতার কারণে ।তাছাড়া রয়েছে গাড়ির সমস্যা, একটা গাড়িপুরো বক্সনগর এলাকা, পুটিয়া, কামথানা থেকে সোনামুড়া ময়নামা এলাকায়, এমনকি বর্ডার রোড পর্যন্ত কাভারেজ করতে হচ্ছে।

বক্সনগর ডিভিশনের দুটো কল অফিস রয়েছে। একটি হলো মতিনগর, অপরটি হল কলুবাড়ি, মাত্র দুজন করে স্টাফ দিয়ে চলছে কোন রকমে অফিস, নেই তাদের গাড়ির ব্যবস্থা,পায়ে হেঁটে অথবা বাইসাইকেল দিয়ে সার্ভিসিং দিতে হচ্ছে সাধারণ জনগণকে। বক্সনগর বিদ্যুৎ অফিসে ৭.৫ এম বি এ ট্রান্সফর্মার, দুমাস ধরে খারাপ, পুরানো ট্রান্সফর্মার মেশিন দিয়েই কোন রকমে বিদ্যুৎ পরিষেবা দিচ্ছে বক্সনগর বিদ্যুৎ কর্তৃপক্ষ, কিন্তু সেভেন পয়েন্ট ফাইভ এমবিএ জাগায় ফাইভ এমবিএ দিয়ে চলছে বিদ্যুৎ পরিষেবা। ফলে প্রচন্ড চাপ সৃষ্টি হচ্ছে টাচ মিটারের উপর।

এছাড়াও বিভিন্ন সমস্যায় জর্জরিত বক্সনগর বিদ্যুৎ অফিস। সমস্যাগুলি সমাধানের জন্য বক্সনগর এলাকা বিধায়কের দৃষ্টি আকর্ষণ করেছেন এলাকার জনগণ। এখন দেখার বিষয় উর্ধতন কর্তৃপক্ষ বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য কি পদক্ষেপ গ্রহন করে।

# ৫ রোহিঙ্গা

● প্রথম পাতার পর

করে জিজ্ঞাসাবাদে জানা যায় তারা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে। আটককৃতরা হল, মোঃ মোহাম্মদ ইমরান(২২), মোহাম্মদ আবু জামির (২০), মোহাম্মদ আজিজুল হোসেন (২২), ইয়াসমিন আরা (২০), রাজু বেগম (৩৫)। তাদেরকে বুধবার আদালতে সোপর্দ করা হবে।

**এফিডেভিট**

আমার নাম অহিদুল ইসলাম, বয়স পঁচাত্তর,পিতাঃ মৃত টুক্কু মিঞা, বিশালগড় থানাধীন ১০ নং ওয়ার্ড রঘুনাথপুরের বাসিন্দা। আমার সমস্ত কাগজপত্রে অহিদুল ইসলাম, কিন্তু শুধুমাত্র আমার ছেলের পাসপোর্টে ( L৯৩৫০১৯৭) আমার নাম ভুলবশতঃ এম.ডি অহিদুল ইসলাম উঠে ।গত ০৯/০৭/২০২৪ইং তারিখে বিশালগড় কোর্টে Notary Affidavit মূলে আমি অহিদুল ইসলাম এবং এম.ডি অহিদুল ইসলাম একই ব্যক্তি হিসাবে পরিচিত হলাম।

Sd/-
অহিদুল ইসলাম

# াঙ্গন



রাজ্য যুব ও ক্রীড়া দপ্তরের ব্যবস্থাপনায় "খেলো ইন্ডিয়া" প্রকল্পের অধীনে প্রায় ৫ কোটি ব্যয়ে নির্মিত হলো সুধন্য দেববর্মা মেমোরিয়াল হায়ার সেকেন্ডারী স্কুল এর সিন্থেটিক ফুটবল টার্ফ মাঠ। মঙ্গলবার শুভ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডা: মানিক সাহা।

## স্পোর্টস কাউন্সিলের ফুটবলে সাফল্যের লক্ষ্যে অপরাজেয় ঊনকোটি, শেষ দিনের খেলা আজ



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। ঊনকোটি কোচিং সেন্টারের জয়জয়কার। চারদলীয় লীগে পরপর দুটি ম্যাচে জয়। সাফল্যের লক্ষ্যে অনেকটা এগিয়ে। ত্রিপুরা স্পোর্টস কাউন্সিল আয়োজিত আন্তঃ প্লে সেন্টার ফুটবল টুর্নামেন্ট ২০২৪ আজ, মঙ্গলবার থেকে শুরু হয়েছে।

খেলা হচ্ছে উমাকান্ত মিনি স্টেডিয়ামে। আজ উদ্বোধনী ম্যাচ সকাল সাড়ে ৯ টায় বিলোনিয়া কোচিং সেন্টার দুই-শূন্য গোলের ব্যবধানে পশ্চিম জেলা কোচিং সেন্টার কে পরাজিত করেছে। দ্বিতীয় খেলায় ঊনকোটি দু-এক গোলের ব্যবধানে সিপাহীজলাকে পরাজিত করেছে। পরবর্তী ম্যাচে সিপাহীজলা ১-০ গোলে বিলোনিয়াকে পরাজিত করেছে। দিনের চতুর্থ ম্যাচে ঊনকোটি এক-শূন্য গোলের ব্যবধানে বিলোনিয়াকে পরাজিত করেছে। উল্লেখ্য, চারটি কোচিং সেন্টার এই ফুটবল টুর্নামেন্টে অংশ নিচ্ছে। আজ সকাল-বিকাল মিলিয়ে চারটি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আগামীকাল সকাল সাতটায় প্রথম ম্যাচ পশ্চিম জেলা কোচিং সেন্টার বনাম সিপাহী জলা কোচিং সেন্টারের মধ্যে। লীগের অন্তিম ম্যাচ পশ্চিম জেলা কোচিং সেন্টার বনাম ঊনকোটি কোচিং সেন্টারের মধ্যে। ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

## সি-ডিভিশন লিগ ফুটবলে বিএসটি-কে হারিয়ে জয়ে ফিরলো সিমনা তামাকারী



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ফের জয়ে ফিরলো সিমনা তামাকারী। ইউনাইটেড বিএসটিকে হারিয়ে। প্রথমার্ধের তিন গোলের সুবাদে সিমনা তামাকারী জয় ছিনিয়ে ৩ পয়েন্ট অর্জন করে ঘরে ফিরতে পেরেছে। দ্বিতীয়ার্ধে ইউনাইটেড বিএসটি-র ছেলেরা যেভাবে গোল পরিশোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনতে চেষ্টা করেছিল, একসময় মনে হয়েছে ম্যাচটি অমীমাংসিত অবস্থায় নিষ্পত্তি হবে। শেষ পর্যন্ত সিমনা তামাকারী ৩-২ গোলে জয়ী হয়েছে। প্রথমার্ধের ১০ মিনিটের মাথায় জুভিয়াল দেববর্মার গোল। দল এগিয়ে যায় এক-শূন্য গোলে। ২১ মিনিটের মাথায় জুভিয়ালের দ্বিতীয় গোলে দল ২-০ তে লিড নেয়।

পাঁচ মিনিট বাদে সতীর্থ বয়ার দেববর্মা আরেকটি গোল করলে ব্যবধান বেড়ে ৩-০ হয়। প্রথমার্ধে ইউনাইটেড বিএসটি গোল পরিশোধের তেমন কোনও সুযোগ পায়নি। খেলার ৭৩ মিনিটের মাথায় আমশ মলসুম একটি গোল পরিশোধ করে ব্যবধান কমিয়ে আনে। শেষ সময়ে ৮৬ মিনিটের মাথায় খনি জমাতিয়া আরও একটি গোল করলে ব্যবধান কমে দুই-তিন হয়। পরবর্তী সময়ে পরস্পর বিরোধী আক্রমণ প্রতি আক্রমণ পরিলক্ষিত হলেও গোলের সুযোগ আর কেউ পায়নি। উল্লেখ্য, খেলার প্রথমার্ধেই সিমনা তামাকারীর বয়ার দেববর্মাকে খেলায় অসদাচরণের দায়ে রেফারি হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি পল্লব চক্রবর্তী, লিটন সাহা, সুশান্ত দাস ও শিবজ্যোতি চক্রবর্তী।

## লীগ ফুটবলে ইয়ুথ ক্লাবকে হারিয়ে জয়ের হ্যাটট্রিক পান্তৌয় স্পোর্টিং সোসাইটির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। লাগাতর তৃতীয় ম্যাচে জয়ী পান্তৌয় স্পোর্টিং সোসাইটি। টানা জয়। পরপর তিন ম্যাচে। দুর্দান্ত জয়ের হ্যাটট্রিক পান্তৌয় স্পোর্টিং সোসাইটির। তবে মূল পর্বে খেলার প্রত্যাশা কিছুটা হলেও জিইয়ে রয়েছে। লীগের প্রথমদিকে পরপর দুটি ম্যাচ ড্র করে পয়েন্ট ভাগাভাগি করতেই পান্তৌয়ের কিছুটা ক্ষতি হয়েছে। মাঝে ঐকতান যুব সংস্থার সঙ্গে এক-দুই গোলে পরাজয় পান্তৌয় সোসাইটি কে পিছিয়ে দিয়েছিল।

এদিকে, পরপর তিন ম্যাচে যথাক্রমে আনন্দ ভবনকে ৩-১ গোলে, ইউনাইটেড বিএসটিকে ২-১ গোলে হারানোর পর আজ, মঙ্গলবার ইয়ুথ ক্লাবকে ২-০ গোলে পরাজিত করেছে।

প্রথমার্ধে বিজয়ী দল এক শূন্য গোলে এগিয়ে ছিল। খেলার ৩৩ মিনিটের মাথায় নেলসন ত্রিপুরার গোল এবং ৭৩ মিনিটের মাথায় জেমসন দেববর্মার গোল পান্তৌয় স্পোর্টিং সোসাইটি দারুন জয় পায়। দুই অর্ধের দুই গোলে। পক্ষান্তরে ইয়ুথ ক্লাবের ফুটবলাররা একাধিকবার আক্রমণ রচনা করলেও গোল পরিশোধের কোন ফুরসৎ পায়নি। ২-০ গোলে জয় ছিনিয়ে পান্তৌয় স্পোর্টিং সোসাইটি ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে।

খেলায় অসদাচরনের দায়ে রেফারি বিজিত ক্লাবের রাহুলকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি লিটন সাহা, পল্লব চক্রবর্তী, সুশান্ত দাস ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: বেলা একটায় কদমতলী যুব সংস্থা বনাম উমাকান্ত কোচিং সেন্টার। বিকেল তিনটায় আমরা ক-জনা বনাম সরোজ সংঘ। উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

## প্যারিস অলিম্পিক ২০২৪: পিভি সিন্ধু, শরথ কামাল ভারতের পতাকা বাহক হবেন

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): লন্ডন অলিম্পিকের ব্রোঞ্জ পদক বিজয়ী শ্যুটার গগন নারাং প্যারিস অলিম্পিকে ভারতের শেফ-ডি-মিশন হিসাবে মেরি কমের স্থলাভিষিক্ত হয়েছেন। আর উদ্বোধনী অনুষ্ঠানে মহিলা পতাকা বাহক হবেন শাটলার পিভি সিন্ধু। ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশন সভাপতি পিটি ঊষা বলেছেন, মেরি কমের পদত্যাগের পরিপ্রেক্ষিতে ডেপুটি সিডিএম পদ থেকে নারাঙ্গের পদোন্নতি হয়েছে। আইওএ আরও ঘোষণা করেছে যে সিন্ধু, ভারতের একমাত্র মহিলা ক্রীড়াবিদ যিনি পরপর অলিম্পিক পদক জিতেছেন, ২৬ জুলাই উদ্বোধনী অনুষ্ঠানে টেবল টেনিস খেলোয়াড় অচন্ত শরথ কমল ভারতীয় দলের পতাকাবাহী হবেন। উষা বলেন, 'আমি ঘোষণা করতে পেরে আনন্দিত যে ভারতের একমাত্র মহিলা যিনি দুটি অলিম্পিক পদক জিতেছেন সেই পিভি সিন্ধু ও টেবিল টেনিস তারকা এ শরথ কমল পতাকাবাহক হিসাবে থাকবেন।'

## প্যারিস ডায়মন্ড লিগে স্টিপলচেজে নিজের জাতীয় রেকর্ড ভাঙলেন অবিনাশ

**নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.):** ২৬ জুলাই থেকে শুরু হচ্ছে প্যারিস অলিম্পিক। এইবারের গেমসে ভারতের হয়ে ট্র্যাক অ্যান্ড ফিল্ডে প্রতিনিধিত্ব করবেন অবিনাশ সাবলে। ভারতের এই স্টিপলচেজার প্যারিস ডায়মন্ড লিগে এক দুরন্ত পারফরম্যান্স দেখালেন। জাতীয় পর্যায়ে ৩০০০ মিটার স্টিপলচেজে নয়া নজির গড়েছেন তিনি। তিনি প্রতিযোগিতা শেষ করতে সময় নিয়েছেন ৮ মিনিট এবং ৯.৯১ সেকেন্ড। যা এক নয়া জাতীয় নজির। এর আগে এই নজির ছিল সাবলের। তিনি এর আগে ৮:১১:২০ মিনিট সময় নিয়ে তাঁর প্রতিযোগিতা শেষ করে জাতীয় রেকর্ড গড়েছিলেন। যা তিনি নিজেই ভেঙে দিলেন মঙ্গলবার। ২০২২ সালে এই নজির গড়েছিলেন সাবলে।

## কোহলির রেস্তোরাঁর বিরুদ্ধে অভিযোগ, দায়ের এফআইআর

বেঙ্গালুরু, ৯ জুলাই (হি. স.): ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক বিরাট কোহলির মালিকানাধীন রেস্তোরাঁ ওয়ান-এইট কমিউনের বিরুদ্ধে দায়ের হল এফআইআর। বেঙ্গালুরুর এমজি রোডে অবস্থিত তারকা ক্রিকেটারের রেস্তোরাঁর পাশাপাশি আরও ৩-৪টি রেস্তোরাঁ-পাবের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে কর্ণাটক পুলিশ। অভিযোগ, রাত দেড়টা পর্যন্ত খোলা থাকছে ওই সমস্ত রেস্তোরাঁগুলো। এমনকি গভীর রাতে উচ্চস্বরে সেখানে গান বাজানো হচ্ছে বলেও অভিযোগ।মঙ্গলবার একথা জানিয়েছেন বেঙ্গালুরু পুলিশের ডিসি সেন্ট্রাল। উল্লেখ্য, বেঙ্গালুরুতে রাত ১টার মধ্যে রেস্তোরাঁ বন্ধ করার নিয়ম রয়েছে।

## অবসর ভেঙে আবার ফিরতে চাইছেন ওয়ার্নার

সিডনি, ৯ জুলাই (হি. স.): গত জানুয়ারিতে টেস্ট ক্রিকেট থেকে অবসর নেওয়া অস্ট্রেলিয়ার ওপেনার ওয়ার্নার জানিয়েছিলেন, ২০২৩ সালের বিশ্বকাপ ফাইনালটাই তাঁর শেষ ওয়ানডে ছিল। আর কিছুদিন আগে শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপটাই অস্ট্রেলিয়ার জার্সিতে তাঁর শেষ টুর্নামেন্ট।

ইনস্টাগ্রামে তিনি

লিখেছেন, অস্ট্রেলিয়ার হয়ে খেলার যদি প্রয়োজন হয় তাহলে তিনি ২০২৫ সালের চ্যাম্পিয়নস ট্রফিতে খেলতে প্রস্তুত!

ক্রিকেট ক্যারিয়ার নিয়ে বলতে গিয়ে এক ইনস্টাগ্রাম পোস্টে নিজের ভবিষ্যৎ পরিকল্পনার কথা জানিয়েছেন ওয়ার্নার, বলেছেন 'আমি আপাতত ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট চালিয়ে যাব। যদি অস্ট্রেলিয়ার হয়ে খেলার সুযোগ পাই, তাহলে চ্যাম্পিয়নস ট্রফিতে খেলতে রাজি আছি।'

অস্ট্রেলিয়া ক্রিকেট বোর্ড এখন কী করে সেটাই দেখার।

## ফ্র্যাঞ্চাইজি লিগে টিম কিনলেন রবিচন্দ্রন অশ্বিন

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): আমেরিকার ফ্র্যাঞ্চাইজি লিগে টিম কিনলেন ভারতের অলরাউন্ডার রবিচন্দ্রন। এই ক্রিকেটার এবার ৬৪ খোপের খেলায় পা রাখলেন।

আন্তর্জাতিক দাবা সংস্থা এবং টেক মাহিন্দ্রার উদ্যোগে গত বার থেকেই শুরু হয়েছে দাবার ফ্র্যাঞ্চাইজি লিগ। দ্বিতীয় সংস্করণ হবে ৩-১২ অক্টোবর। লন্ডনে বসছে ফ্র্যাঞ্চাইজি দাবার এই আসর। মোট ছয়টি ফ্র্যাঞ্চাইজি টিম রয়েছে। এর মধ্যে আমেরিকান গাম্বিতসের সহযোগী কর্ণধার হলেন ভারতীয় ক্রিকেটের সুপারস্টার রবিচন্দ্রন অশ্বিন।

## সর্বকালের সেরা একাদশ গড়ে দিলেন পন্টিং

সিডনি, ৯ জুলাই (হি.স.): ইতিহাসের অন্যতম সেরা ব্যাটসম্যান ও অধিনায়ক ধরা হয় রিকি পন্টিংকে। তার নেতৃত্বে অস্ট্রেলিয়া একাধিক শিরোপা জিতেছে। এবার সেই পন্টিং বেছে নিলেন সর্বকালের সেরা একাদশ। পন্টিংয়ের বেছে নেওয়া সর্বকালের সেরা একাদশে অস্ট্রেলিয়ারই পাঁচজন ক্রিকেটার রয়েছেন। এছাড়া ওয়েস্ট ইন্ডিজের দুইজন এবং শ্রীলঙ্কা, ভারত, পাকিস্তান ও দক্ষিণ আফ্রিকা থেকে জায়গা পেয়েছেন একজন করে ক্রিকেটার।

পন্টিংয়ের সর্বকালের সেরা একাদশ :ম্যাথু হেডেন, জাস্টিন ল্যাঙ্গার, জ্যাক ক্যালিস, শচীন টেন্ডুলকার, ব্রায়ান লারা, কুমার সাঙ্গাকারা, অ্যাডাম গিলক্রিস্ট, শেন ওয়ার্ন, ওয়াসিম আকরাম, গ্লেন ম্যাকগ্রা এবং কার্টলে অ্যামব্রোস।

## মঙ্গলবার কোপায় কানাডা—আর্জেন্টিনা ম্যাচ, আর্জেন্টিনাকে কানাডার হুঁশিয়ারি

নিউইয়র্ক, ৯ জুলাই (হি.স.): কোপায় মঙ্গলবার শেষ চারের লড়াইয়ে নামছে আর্জেন্টিনা---কানাডা। সহজ প্রতিপক্ষ পেয়েছে বর্তমান চ্যাম্পিয়নরা। ভারতীয় সময় মঙ্গলবার নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে কোপার প্রথম সেমিফাইনালে দুই দল মুখোমুখি হবে। আর এই ম্যাচের আগে আর্জেন্টিনাকে হুঁশিয়ারি দিয়েছেন কানাডার অধিনায়ক আলফানসো ডেভিস।

চলতি বছর কোপাতে তিন ম্যাচ খেলেও এখন পর্যন্ত গোল করতে পারেননি লিওনেল মেসি। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হয়েছিল দুই দল। সেই ম্যাচে আর্জেন্টিনা কানাডাকে ২-০ গোলে হারালেও ৩টি গোলের সুযোগ নষ্ট করেন মেসি।

এবারের আসরে এখনও গোল পাননি আর্জেন্টাইন অধিনায়ক। তাই

মেসির এই ধারাবাহিক ব্যর্থতা দেখে কানাডা অধিনায়ক নড়েচড়ে বসে আর্জেন্টিনাকে নিজেদের দুর্বল প্রতিপক্ষ মেনে নিয়ে ডেভিস বলেছেন , "আমরা জানি, এই খেলার গুরুত্বটা। জিতলে ফাইনালে উঠব। না হলে বিদায় নিতে হবে। আর্জেন্টিনাও নিজের সেরাটা দেবে। তবে আমরাও ছেড়ে দেব না। আগের থেকে এ বার অনেক বেশি লড়াই হবে।"




রাজ্যে সফল ভাবে কিডনি প্রতিস্থাপন সম্পন্ন হওয়ায় এই অপারেশনের সাথে সংযুক্ত মেডিকেল টিম মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে যান। তাদের সঙ্গে দেখা করে তাদের উষ্ণ অভ্যর্থনা জানান মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা।

# ভারতরত্ন সংঘ ক্লাবের বিল্ডিং সরকারি জমিতে তোলা হয়েছেঃ পশ্চিম জেলাশাসক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:** ভারতরত্ন সংঘ ক্লাবের বিল্ডিং ভেঙ্গে ফেলার নোটিশ প্রসাশনের তরফ থেকে জারি করা হয়েছে।
কারণ, বিল্ডিংটি সরকারি জায়গায় গড়ে তোলা হয়েছিল। আজ সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এ কথা জানিয়েছেন পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডা. বিশাল কুমার।
এদিন তিনি বলেন, ভারতরত্ন সংঘের ক্লাব মোট এক একর জায়গায় করা হয়েছে। কিন্তু কিছুদিন পূর্বে সরকারের তরফ থেকে জায়গায় সমীক্ষা করার নির্দেশ দেওয়া হয়েছিল। তাতে দেখা গিয়েছে সরকারি জায়গায় ক্লাবের বিল্ডিংটি তুলা হয়েছে।
এদিন তিনি আরও বলেন, প্রসাশনের তরফ থেকে বিল্ডিং ভেঙে ফেলার জন্য সাত দিনের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। যদি সাত দিনের মধ্যে ক্লাব কতৃপর্ক নির্দেশের অমান্য করে তাহলে প্রসাশনের তরফ থেকে ভেঙে ফেলা হবে।

# রাবেতায়ে মাদারিস ইসলামিয়া আর্বিয়া ত্রিপুরা বোর্ডের সাংবাদিক সম্মেলন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:** ৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে রাবেতায়ে মাদারিস ইসলামিয়া আর্বিয়া ত্রিপুরা বোর্ডের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহার দৃষ্টি আকর্ষণ করে। আজ আগরতলা শিবনগরস্থিত গেদু মিয়া মসজিদ কমপ্লেক্সে সাংবাদিক সম্মেলন করে একথা জানান বোর্ডের জনৈক সদস্য।দাবি গুলি হল,সর্বভারতীয় রাবেতা বোর্ডের প্রধান কার্যালয় দারুল উলুম দেওবন্দ সম্পর্কে বিশ্বে বিশেষ কয়েকজন জ্ঞানী ও গুণীদের অভিমত সম্পর্কে অবগত করা, শিক্ষার্থীদের জন্য ইউ ডি আই এস সি/ পি ই এন কোড পাওয়ার সহজ প্রক্রিয়ার ব্যবস্থা করা হোক। পাশাপাশি মাদ্রাসায় পড়ানোর জন্য সময়মতো সাধারণ বইয়ের ব্যবস্থা করা হোক।

# আত্মীয়দের মধ্যে মারধর ও টাকা ছিনতাইয়ের অভিযোগ, ঘটনায় গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৯ জুলাই:**ঊনকোটি জেলার রাঙ্গাউটিতে নিকট আত্মীয়দের মধ্যে মারধর ও টাকা ছিনতাইয়ের ঘটনার গুরুতর অভিযোগ মিলেছে। হামলায় আহত এক ব্যক্তি বর্তমানে শিলচরে চিকিৎসাধীন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় অপ্রীতিকর ঘটনা ঘটে যাওয়ার আশঙ্কা রয়েছে।
গৌরনগর ব্লকের সীমান্ত গ্রাম রাঙাউটিতে প্রাণঘাতী হামলার অভিযোগ উঠেছে। তিন লাখ টাকা ছিনতাই সহ ঘটনায় আহত হয়েছেন দুইজন। ঘটনার বিবরণে জানা যায়, কৈলাসহর কুবঝার এলাকার বাসিন্দা আহমদ আলী নামে এক ব্যক্তি সোমবার সকালবেলা রাঙ্গাউটি এলাকায় উনার বোনের বাড়িতে গিয়েছিলেন। উনার বোনের ছেলে একটি নতুন গাড়ি ক্রয় করবে সেই সুবাদেই উনার বোনের বাড়িতে যান তিনি। নগদ তিন লক্ষ টাকা উনার বাইকের মধ্যে নেন।
সেই গাড়িটি ক্রয় করার জন্য উনার বোনের বাড়ি থেকে ফেরার সময় ওই এলাকার এক মহিলা সহ ওই মহিলার পরিবারের লোকেরা উনাকে রাস্তার মধ্যে আটক করে। উনি কিছু বুঝে ওঠার আগেই উনাকে মাটিতে ফেলে বেধড়কভাবে মারপিট চালায়। ওরা কি কারনে উনাকে এভাবে মারধর করলো সেই বিষয়ে কিছু জানা যায়নি। পাশাপাশি উনার বাইকে থাকা নগদ তিন লক্ষ টাকা ওরা নিয়ে যায় বলে অভিযোগ। পরবর্তী সময় উনার পরিবারের লোকেরা উনাকে ঘটনাস্থল থেকে উদ্ধার করে চিকিৎসার জন্য কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে আসে। বর্তমানে তিনি সংকটজনক অবস্থায় জেলা হাসপাতালে চিকিৎসাধীন।
উনার শরীরের একাধিক জায়গায় গুরুতরভাবে আঘাত লাগে।
তাই কর্তব্যরত চিকিৎসকরা উনার অবস্থা বেগতিক দেখে উন্নত চিকিৎসার জন্য উনাকে আগরতলা জিবি হাসপাতালে রেফার করে দেন। কিন্তু উনার পরিবারের লোকেরা উনাকে বহি:রাজ্যের শিলচরে নিয়ে যায় চিকিৎসার জন্য। উক্ত বিষয় নিয়ে আহমদ আলী অভিযুক্তদের বিরুদ্ধে কৈলাসহর ইরানি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করে। ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা বিরাজ করছে গোটা এলাকায়।
ঘটনার খবর পেয়ে কৈলাশহর জেলা হাসপাতালে ছুটে যায় পুলিশ। কৈলাসহর থানার বিশাল পুলিশ ও টি এস আর বাহিনী গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনো পর্যন্ত এই ঘটনায় জড়িত কাউকে গ্রেফতারের সংবাদ নেই। ঘটনার পেছনে কি কারণ আত্মগোপন করে রয়েছে তা খুঁজে বের করার চেষ্টা চালাচ্ছে পুলিশ।

# রহস্যজনকভাবে উদ্ধার চিকিৎসা সামগ্রী, আটক দুই

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ৯ জুলাই:** সামনে গ্রাম পঞ্চায়েত নির্বাচন। নির্বাচনের প্রাক মুহূর্তে সাব্রুমে উদ্ধার মানব দেহের বিভিন্ন ধরনের অপারেশনের এর জন্য যে সকল সামগ্রীগুলি প্রয়োজন সেই সকল সামগ্রীগুলি উদ্ধার হয় সাব্রুমের মনুবাজার থানার অন্তর্গত গুয়া চাঁদ এলাকায়।
তবে বিভিন্ন ভাবে প্রশ্ন উঠছে কেন এ সকল সামগ্রীগুলি নিয়ে আসা হয়েছে অবৈধভাবে নাকি এর পেছনে রয়েছে বড়সড়ো কোন ষড়যন্ত্রের রহস্য।
ঘটনার বিবরণে জানা যায় গোপন খবরের ভিত্তিতে মনুবাজার থানার ওসি বিষ্ণুপদ ভৌমিক এবং এসডিপিও নিত্যানন্দ সরকারের যৌথ উদ্যোগে বিশাল পুলিশ বাহিনীর সমেত সাব্রুম মহকুমার অন্তর্গত গুয়াচাঁদ এলাকায় তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণে মানব দেহের বিভিন্ন অপারেশনের সাথে যুক্ত মেডিকেল সরঞ্জাম পাওয়া যায়।
মেডিকেল সরঞ্জামগুলির বৈধ কোনো কাগজপত্র এবং মালিককে পাওয়া যায়নি। তবে এই ওষুধি এবং মানব দেহের বিভিন্ন অস্ত্রপচারের সঙ্গে যুক্ত সরঞ্জামগুলি একটি মারুতি ভ্যান গাড়িতে তোলার সময় পুলিশ দুজনকে গাড়ি সহ আটক করে। তবে কোন এক অজ্ঞাত কারণে মনুবাজার থানার পুলিশ ওই দুইজন এর নাম প্রকাশ করতে চাইছে না। তবে এর পেছনে কি রহস্য লুকিয়ে রয়েছে, তা এখনো জানা যায়নি। তবে মনুবাজার থানার ওসি বিষ্ণুপদ ভূমিক জানিয়েছে দশ পেটি মেডিকেল সরঞ্জামের আনুমানিক বাজার মূল্য ৮ থেকে ১০ লাখ টাকা হবে।

# কংগ্রেস দল ছেড়ে বিজেপিতে যোগদান ভোটারদের

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৯ জুলাই:** ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে ঊনকোটি জেলায় কংগ্রেস দলে ভাঙ্গন দেখা দিয়েছে। কংগ্রেস দল ত্যাগ করে গৌরনগর ব্লকের যুবরাজনগর গ্রাম পঞ্চায়েতের ১০ পরিবারের ৪৬ জন ভোটার বিজেপি দলে যোগদান করেন। এই উপলক্ষে আয়োজিত যোগদান সভায় উপস্থিত দলের সাধারণ সম্পাদক অরুন সাহা। দলত্যাগীদের হাতে দলীয় পতাকা তুলে দিয়ে দলে গ্রহন করেন নেতৃবৃন্দ।সভায় বক্তব্য রাখতে গিয়ে অরুন সাহা বলেন, আমাদের সরকার সবসময় উন্নয়ন নিয়ে কাজ করে থাকে। তাই কাজ দেখে ভারতীয় জনতা পার্টিতে যোগদান করছেন উন্নয়নকামী মানুষজন। যেমন উন্নয়ন কাজ করে রাজ্য সরকার, তেমনি করছে কেন্দ্রীয় সরকার।
এদিকে, ইরানি গ্রাম পঞ্চায়েতের দুই নম্বর ওয়ার্ড মন্ডলের সহসভাপতি মোতাসির আলী ও সাধারণ সম্পাদক প্রশান্ত দে এবং শক্তি কেন্দ্রের ইনচার্জ এর উপস্থিতে আরো ৫৫জন কংগ্রেস ও সিপিএম ছেড়ে বি জেপি দলে যোগ দান করে। এছাড়া গৌরনগর ব্লকের নুরপুর গ্রাম পঞ্চায়েতের একজন নির্বাচিত গ্রাম পঞ্চায়তের সদস্য কংগ্রেস ছেড়ে রাজ্য সংখ্যালঘু মোর্চার সভাপতি বিলাল মিয়ার হাত ধরে বি জেপি দলে যোগ দান করেন। উনার নাম মশাইদ আলী।ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের আগে ঊনকোটি জেলায় বিজেপির সাংগঠনিক তৎপরতা আরো বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এখনো যারা বিরোধী শিবিরে রয়েছেন তাদেরকে বিরোধী দল গুলির প্রতি মোহভঙ্গ করে বিজেপির পতাকা তলে শামিল হয়ে রাজ্যের ও দেশের উন্নয়নমূলক কাজ ত্বরান্বিত করার সৈনিক হিসেবে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।

# অপহৃত নাবালিকা উদ্ধার, আটক দুই

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৯ জুলাই:** ঊনকোটি জেলার কৈলাশহর থেকে অপহরণ করে নিয়ে যাওয়া যুবতীকে উদ্ধার করেছে পুলিশ। এই অপহরণকাণ্ডে পাঁচজনের বিরুদ্ধে যুবতীর পরিবারের তরফ থেকে মামলা দায়ের করা হয়েছিল। যুবতীর বাড়ির লোক থানায় অভিযোগ করলে পুলিশ তড়িঘড়ি যুবতীকে খোঁজে বের করতে একটি বিশেষ টিম তৈরী করে। তারপর তারা জানতে পারেন যে অপহরণকারীরা ফটিকরায় বিধানসভার অন্তর্গত আসামবস্তী এলাকায় রয়েছে। সেই মোতাবেক আসামবস্তীতে পুলিশ চিরুনী তল্লাশি চালিয়ে একটি পরিত্যক্ত ঘর থেকে অপহরণকারী অতনু সিনহা সহ মেয়েটিকে উদ্ধার করে পুলিশ। তিনি জানান মেয়েটির বাবা ৫ জনের বিরুদ্ধে অপহরণের অভিযোগ করলেও এখন পর্যন্ত অপহরণের মাস্টারমাইন্ড অতনু সিনহা সহ তার আরো এক সঙ্গীকে গ্রেফতার করা হয়েছে। আর বাকি তিনজনকে খুঁজছে পুলিশ। মঙ্গলবার কৈলাসহর মহিলা থানায় সাংবাদিক সম্মেলন করে এই বিষয়ে বিস্তারিত জানান জেলা পুলিশ সুপার কান্তা জাহাঙ্গীর। তিনি আরো বলেন, অপরদিকে কৈলাসহর শহরের শুভাশীষ নাথ ও বিমল কৃষ্ণ রায়ের বাড়ির চুরি কান্ডে এখন পর্যন্ত চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের কাছ থেকে চুরি যাওয়া কিছু স্বর্ণালঙ্কার, নগদ অর্থও উদ্ধার হয়েছে। চুরি কান্ডে পুলিশ যাদের গ্রেফতার করেছে তারা হল রোশন আলী, হোসেন আলী, ইয়াকুব আলী ও মুতালিফ আলী।

# বিএসএফের আধিকারিকের বিরুদ্ধে চুরির মামলা জনতার, তদন্তে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:** খোদ বিএসএফের এক আধিকারিকের বিরুদ্ধে চুরির মামলা করল আমজনতা। আর এই ঘটনাকে কেন্দ্র করে কমলাসাগর মিয়াপাড়া এলাকায় বিএসএফ এবং সাধারণ জনগণের মধ্যে চাপা ক্ষোভ দেখা দিয়েছে।
ঘটনার বিবরণে জানা যায় কমলাসাগর মিয়াপাড়া এলাকার রাজু দেবের একটি মারুতি গাড়ি দেবীপুর পশু খামারের ভেতর থেকে চালকের অনুপস্থিতিতে সেই মারুতি গাড়িটি এবং গাড়িতে থাকা একটি মোবাইল চুরি করে নিয়ে আসে মিয়াপাড়া বিএসএফ ক্যাম্পের ১৫০ বাহিনীর আইবি অপূর্ব বিশ্বাস। এমনই অভিযোগ এনে মধুপুর থানায় রাজু দেব আইবি অপূর্ব বিশ্বাসের বিরুদ্ধে মামলা দায়ের করেন মঙ্গলবার দুপুরবেলা
জানাযায় গত ৬ জুলাই রাজু দেবের একটি মারুতি ভ্যান গাড়ি যার নম্বর টিআর০৭সি-০৪৫৪ অন্যান্যদিনের মতো খামার থেকে চালক দিয়ে গবাদিপশুর জন্য ঘাস আনতে যায়। যদিও দীর্ঘদিন যাবত রাজু দেব তার গাড়ি করে গবাদি পশুর জন্য দেবীপুর পশু খামার থেকে ঘাস ক্রয় করে নিয়ে আসছে। সেই সূত্র ধরে গত ৬ই জুলাই তার মারুতি গাড়িতে করে তার চালক দেবীপুর পশু খামার থেকে ঘাস আনতে যায়। এমন সময়ই গাড়ির চালক খামারের মধ্যে গাড়িটি রেখে এবং গাড়ির ভিতর একটি মোবাইল রেখে পাশাপাশি গাড়ির চাবি রেখে ঘাস কাটতে যায়। কিন্তু ঘাস নিয়ে এসে দেখতে পায় তার গাড়িটি সেখানে নেই।
পরবর্তী সময়ে অনেক খোঁজাখুজি করে জানতে পারে তার গাড়িটি একপ্রকার চুরির অভিনয় করে বিএসএফের আইবি অপূর্ব বিশ্বাস মিয়াপাড়া বিএসএফ ক্যাম্পে নিয়ে যায়। পরবর্তী সময়ে রাজু দেব সেই গাড়িটি হদিস পেয়ে যখন ক্যাম্পে এসে গাড়ি আনতে যাই তার সাথে অনেক খারাপ আচরণ করে অপূর্ব বিশ্বাস বলে অভিযোগ। এমনকি রাজুদেবকে হুমকি দেয় প্রয়োজনে গাড়ির সাথে তার বিরুদ্ধে মামলা নিয়ে নিবে।
পরবর্তী সময়ে অপূর্ব বিশ্বাস ক্ষমতার দাপট দেখিয়ে তার গাড়ির মধ্যে চার বস্তা চিনি দিয়ে কাস্টমসের হাতে তুলে দেয় চালকের মোবাইল সহ। এমনই অভিযোগ। উল্লেখ্য অপূর্ব বিশ্বাস যে সময় খামার থেকে গাড়িটি নিয়েছিল এবং যে জায়গা থেকে গাড়িটি এনেছে ওই ভিডিও দেখাতে পারেননি। পরবর্তী সময়ে অনেক আলোচনার পরেও সেই গাড়িটি দিতে নারাজ অপূর্ব বিশ্বাস। এদিকে গাড়ির মালিক রাজুদেব সাফ জানিয়ে দেয় খামার থেকে এক প্রকার চুরির অভিনয় করে গাড়িটা নিয়ে আসে উদ্দেশ্যে প্রণোদিতভাবে অপূর্ব বিশ্বাস তার গাড়িটিকে ফাঁসিয়ে দেয়। এদিকে রাজু দেব অভিযোগ করেন গত কয়েক মাস পূর্বেও তার কাছ থেকে প্রচুর টাকা নিয়েছিল অপূর্ব বিশ্বাস। পরবর্তী সময়ে সে টাকা ফিরিয়ে দিবে বলেছিল। কিন্তু সেই টাকা ফিরিয়ে দেওয়ার কথা বলতেই রাজু দেবের উপর ক্ষিপ্ত হয়ে থাকে।
এদিকে মধুপুর থানার পুলিশ সে মামলা হাতে নিয়ে তদন্ত চালাচ্ছে। উল্লেখ্য ১৫০ বাহিনীর বিএসএফের আইবি অপূর্ব বিশ্বাসের বিরুদ্ধে পূর্বেও অনেক অভিযোগ রয়েছে। প্রায় বাড়ি গিয়ে জনগণকে হয়রানি এমনকি যারা বাণিজ্যের সাথে জড়িত নয় তাদেরকে হুমকি দিয়ে তারা তাদের কাছ থেকে টাকা আদায় করার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এমনকি সে প্রায়শই মদমত্ত অবস্থায় থাকে বলে অভিযোগ। এখন দেখার বিষয় পুলিশ চুরির মামলা হাতে নিয়ে বিএসএফের আইবি বিরুদ্ধে কি পদক্ষেপ নেয়।

# ৮ লক্ষাধিক টাকার বার্মিজ সিগারেট উদ্ধার, ধৃত ২

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:** গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে আট লক্ষাধিক টাকার বারমিজ সিগারেট উদ্ধার করে পুলিশ। সাথে দুই যুবককে আটক করা হয়েছে।
ঘটনার বিবরণে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে নরেন্দ্র নগর এলাকায় গাড়ি করে নেশা সামগ্রী পাচার করবে। ওই খবরের ভিত্তিতে মঙ্গলবার ভোরে পানিসাগর থানার পুলিশ এস ০১ বি ১৫৪৭ নাম্বারের গাড়ি থেকে ২০ কার্টুন বারমিজ সিগারেট উদ্ধার করে। প্রতিটি কার্টুনে দশ হাজার করে সিগারেটের প্যাকেট রয়েছে। যার আনুমানিক মূল্য প্রায় ৮ লক্ষ টাকা।সাথে পুলিশ দুজনকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। ধৃতদের মধ্যে একজন রাহুল নন্দী(২২) এবং রবীন্দ্র সরকার(৩০)।পানিসাগর থানার পুলিশ ধৃত দুজনকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

# কমরেড কানু দে'র ৩৪ তম শহীদান দিবস পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:** আজ মেলার মাঠস্থিত ছাত্র যুব ভবনে কমরেড কানু দে ৩৪ তম শহীদান দিবস পালিত হয়েছে।ডিওয়াইএফআই-এর রাজ্য সম্পাদক নবারুণ দেব বলেন, ১৯৯১ সালের আজকের দিনে উদয়পুর ত্রিপুরাসুন্দরী স্কুলের ছাত্র কানু দে পাঠ্য বইয়ের দাবিতে আন্দোলনে নেমে পুলিশের গুলিতে নিহত হয়েছিলেন। মূলত তিনি বিদ্যালয়ের মাধ্যমে পাঠ্যবই ছাত্র ছাত্রীদের মধ্যে দেওয়া দাবি জানিয়েছিলেন।
এদিন তিনি আরও বলেন, ১৯৯১ সালের ৮ জুলাই উদয়পুরের জেলা শাসকের নিকট ডেপুটেশন প্রদান করার জন্য মিছিল সংগঠিত করেছিল। তখন পুলিশ ওই মিছিলে গুলি চালিয়েছিল। ওই মিছিলে কানু দে-র গায়ে গুলি লাগে। সে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। ৯ জুলাই সে মৃত্যুর কোলে ঢলে পড়েন। তাঁর অভিযোগ, আজ রাজ্যে শিক্ষার বেহাল দশা। ছাত্র ছাত্রীদের জীবন অন্ধকারের দিকে ঢেলে দিয়েছে সরকার।

# সীমান্তে গবাদি পশু পাচারের ঘটনা অব্যাহত, পুলিশের ভূমিকায় ক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ৯ জুলাই:** কাটাতার কেটে গবাদি পশু পাচারের অভিযোগ উঠল। একই গ্রামের তিন বাড়িতে গরু চুরির ঘটনায় আতঙ্ক এলাকায় ঘটনা কমলপুর সোনারায় গ্রামে। প্রশাসনের ভূমিকায় ক্ষোভ দেখা দিয়েছে গ্রামবাসীদের মধ্যে।
ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া কেটে মঙ্গলবার গভীর রাতে কমলপুরের সীমান্ত গ্রাম সোনারায় থেকে তিনটি গরু নিয়ে পালালো বাংলাদেশের চোরেরা। বিএসএফের ভূমিকা নিয়ে গ্রামবাসীদের মধ্যে নানা প্রশ্ন ও ক্ষোভ দেখা দিয়েছে। এই ঘটনায় কমলপুরের সোনারায় গ্রাম সহ অন্যান্য সীমান্ত গ্রামগুলিতে আতঙ্ক বিরাজ করছে।
কমলপুরের সোনারায় গ্রাম ভারত-বাংলাদেশ সীমান্তের ১৯০৩-১৯০৪ নম্বর পিলারের মধ্যে অবস্থিত। মঙ্গলবার রাত ২টা নাগাদ বাংলাদেশী চোরেরা সীমান্তের কাঁটাতারের বেড়া কেটে সোনারায় গ্রামের বাসিন্দা কৃষক চন্দ্রদ্বীপ তেলীর একটি গাভী ও সীতারাম কৈরীর দুটি বলদ গরু বাড়ি থেকে নিয়ে যায়। গরুর মালিকরা টের পেয়ে গ্রামবাসীদের নিয়ে মরাছড়া ১০৫ নং ব্যাটেলিয়ান বিওপিতে ঘটনা জানালে বিএসএফ কোন গুরুত্ব দিতে চায়নি বলে অভিযোগ।বিএসএফ গ্রামবাসীদের অন্য জায়গায় খুঁজতে বলে। চোরেরা সীমান্তের কাঁটাতারের বেড়া যেখানে কেটে গরুগুলি নিয়ে যায় সেই জায়গায় থেকে দেড়শো মিটার দূরত্বে রয়েছে ডিউটি টাওয়ার। রয়েছে সীমান্তে উচ্চ ক্ষমতা সম্পন্ন লাইট। কিন্তু এসবের মধ্যে চোরেরা বিনা বাধায় গরুগুলি জিরো পয়েন্ট দিয়ে নিয়ে বাংলাদেশ পাড়ি দেয়। গত ৩০ জুন সোনারায় গ্রামের লক্ষন মুন্ডার দুটি গরু বাংলাদেশী চোরেরা চুরি করে নিয়ে যায়।
খবর পেয়ে কমলপুর থানার পুলিশ এসে প্রাথমিক তদন্ত করে চলে যান। চুরি যাওয়া গরুর মালিকরা ঘটনার বিবরন দিয়ে বলেন, চুরি যাওয়া গরু গুলি বিএসএফকে এনে দিতে হবে। এদিকে, গরু চুরির পর বিএসএফের কমান্ডেন্টের নির্দেশ অনুযায়ী নিয়ম রক্ষার জন্য স্নেপার ডগ এনে ঘুড়িয়ে নিয়ে যায়। এবিষয়ে ১০৫ নং ব্যাটেলিয়নের বিএসএফ অফিসার কেউ কথা বলতে চায়নি। প্রায় প্রতিনিয়ত এধরনের চুরিকান্ডের ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে ক্ষোভ দেখা দিয়েছে।

# সাব্রুম সীমান্ত হাট এবং পালাটানা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পরিদর্শন করলেন রাজ্যপাল




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই:**রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সাব্রুমের শ্রীনগর সীমান্ত হাট ও উদয়পুরের পালাটানা বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র পরিদর্শন করেন। রাজ্যপাল সাব্রুমের শ্রীনগর এসে পৌঁছালে তাঁকে স্বাগত জানান দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক স্মিতা মল। দক্ষিণ ত্রিপুরা জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। বর্ডার হাট পরিদর্শনের সময় সীমান্তরক্ষী বাহিনীর ডিআইজি অনিল শর্মা এবং দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক সিংহও উপস্থিত ছিলেন। সীমান্ত হাটের মার্কেট অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে রাজ্যপালকে পুষ্প স্তবক দিয়ে স্বাগত জানানো হয় এদিন।
রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শ্রীনগর সীমান্ত হাট ঘুরে দেখেন এবং ভারত ও বাংলাদেশের ক্রেতা বিক্রেতাদের সঙ্গে মত বিনিময় করেন। কমন ফেসিলিটি সেন্টারে তিনি দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক, বাংলাদেশের ফেনী জেলার আধিকারিক, বিএসএফ-র ডিআইজি এবং শুল্ক দপ্তরের আধিকারিকগণের সঙ্গে মতবিনিময় করেন।
সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল জানান, দীর্ঘদিন ধরে সীমান্ত হাটে দুই দেশের বিক্রেতাগণ বিভিন্ন পণ্য বিক্রি করছেন। সীমান্ত হাটের অভিজ্ঞতা নিতেই তিনি আজ এই সফরে এসেছেন। তিনি বলেন, উভয় দেশের ক্রেতা বিক্রেতাগণ মিলেই সীমান্ত হাটটিকে পরিষ্কার পরিছন্ন রাখতে হবে।
বিকেলে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু উদয়পুরের পালাটানায় ওটিপিসি"র বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে গোমতী জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সমিত লোধ, ওটিপিসি"র জেনারেল ম্যানেজার এস নামবদ্রিপাদ এবং অন্যান্য আধিকারিকগণ রাজ্যপালকে স্বাগত জানান।গোমতী জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। ওটিপিসি প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে আয়োজিত সভায় জেনারেল ম্যানেজার এবং আধিকারিকগণ রাজ্যপালকে পালাটানা বিদ্যুৎ প্রকল্পের বিষয়ে বিস্তারিত অবহিত করেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।